সহায়ক শিক্ষক (চাক) পরীক্ষা-২০০৮]

- (ক) $\frac{৯}{১৫}$
(খ) $\frac{৯}{১৬}$

- (গ) $\frac{১০}{১৬}$
(ঘ) $\frac{১০}{১৭}$

৭১. ব্যাখ্যা : সিরিজের ত্রয়োংশের সাথে ২ যোগ করলে এবং হরের সাথে ৩ যোগ করলে পরবর্তী সংখ্যাটি পাওয়া যাবে।

৭১. ৬৪, -৩২, ১৬, -৮ ধারাটির পরবর্তী সংখ্যা কত? [প্রাথমিক
সহায়ক শিক্ষক (চাক) পরীক্ষা-২০০৮]

- (ক) -৪
(খ) -২

- (গ) ৪
(ঘ) ২

৭২. ব্যাখ্যা : যেকোন সংখ্যাকে -২ দিয়ে ভাগ করলে পরের সংখ্যা পাওয়া যাবে।

∴ পরবর্তী সংখ্যা = ৪।

৭২. ৮৪০, ১২০, ২০, ৪, ১ (১)

জিহ্বাসা (১) চিহ্নিত স্থানে কোন সংখ্যাটি বসবে? [কম
অধ্যয়নায়ক পরীক্ষা-২০০৮]

- (ক) $\frac{১}{৪}$
(খ) $\frac{১}{৫}$

- (গ) $\frac{১}{৩}$
(ঘ) $\frac{২}{৩}$

৭৩. ব্যাখ্যা : সংখ্যাগুলোকে ক্রমান্বয়ে ৭, ৬, ৫, ৪, ৩ বার ভাগ করলে $\frac{১}{৩}$ পাওয়া যাবে।

৭৩. ৫, ১১, ১৯, ২৯, ধারাটির পরের সংখ্যাটি কত? [বাণিজ্য
সহকারী পরিচালক-২০১৩]

- (ক) ৩৫
(খ) ৪১

- (গ) ৩৭
(ঘ) ৩৯

৭৪. ব্যাখ্যা : সংখ্যাগুলো যথাক্রমে ৬, ৮, ১০, ১২, ১৪ এভাবে বাড়ছে।

৭৪. পরবর্তী সংখ্যা নির্ধারণ করুন : ৩, ১০, ১৭..... [পরিবার
পরিচালনা-২০১৩]

- (ক) ২৪
(খ) ৩০

- (গ) ২৮
(ঘ) ৩২

৭৫. ব্যাখ্যা : পূর্ববর্তী সংখ্যা + ৭ = পরবর্তী সংখ্যা

৭৫. ১৪৪, ৮১, ৩৬ ...-এর পরবর্তী পদ কত? [পশ্চিমবঙ্গের
সহকারী সচিব-২০১৩]

- (ক) ১৮
(খ) ৯

- (গ) ১২
(ঘ) ৬

৭৬. ব্যাখ্যা : সিরিজটি $১২^২, ৯^২, ৬^২, ৩^২$ আকারে কমছে।

নির্বাচিত নৈরাত্তিক প্রশ্নোত্তর

১. ১, ২, ৫, ২৬, ... পরবর্তী সংখ্যা কত?

- (ক) ৫৯০
(খ) ৭৮৫

- (গ) ৬৭৭
(ঘ) ৬৭৬

২. ব্যাখ্যা : প্রতিটি সংখ্যা $^২ + ১ =$ পরের সংখ্যা।

২. ১, ৮, ২২, ৫০, ... পরবর্তী সংখ্যা কত?

- (ক) ১০২
(খ) ১০৬

- (গ) ১৮৬
(ঘ) ৯৮

৩. ব্যাখ্যা : প্রতি ধাপে ৭, ১৪, ২৮ এভাবে বৃদ্ধি পেয়েছে।

৩. ০.০৩, ০.১২, ০.৪৮ - | শূন্যস্থানের সংখ্যাটি কত হবে?

- (ক) ০.৯৬
(খ) ১.৯২

- (গ) ১.৪৮
(ঘ) ১.৫০

৪. ব্যাখ্যা : একটি সংখ্যার ৪ গুণ হল পরের সংখ্যা।

৪. নিচের সিরিজ হতে ছয় সংখ্যাটি চিহ্নিত করুন।

- ৫, ১৫, ৩৫, ১৩৫, ৪০৫,

- (ক) ১৫
(খ) ১৩৫

- (গ) ১৩৫
(ঘ) ৪০৫

৫. ব্যাখ্যা : একটি সংখ্যা $\times ৩$ হল পরের সংখ্যা।

সঠিক উত্তর ৪৫। ৩৫ সংখ্যাটি ছয়।

৫. ১, ৩, ৯, ২৭, ৮১ - শূন্যস্থানের সংখ্যাটি কত?

- (ক) ১০৫
(খ) ১৯৬

- (গ) ১৪৮
(ঘ) ২৪৩

৬. ব্যাখ্যা : একটি সংখ্যা $\times ৩$ হল পরের সংখ্যা।

৬. ২, ৩, ৫, ৯, ১৭ - শূন্যস্থানের সংখ্যাটি কত?

- (ক) ২৯
(খ) ২৬

- (গ) ৩৩
(ঘ) ৩৭

৭. ব্যাখ্যা : প্রতিটি সংখ্যা $\times ২) - ১ =$ পরের সংখ্যা।

৭. ১, ৩, ৬, ১০, ১৫, ২১ - | শূন্যস্থানের সংখ্যাটি কত?

- (ক) ২৫
(খ) ২৮

- (গ) ২৭
(ঘ) ২৯

৮. ব্যাখ্যা : সংখ্যাগুলো ক্রমান্বয়ে ২, ৩, ৪, ৫, ৬, ৭ করে বাড়বে।

উত্তরপত্র :

৬৭. (ক) ৬৮. (খ) ৬৯. (গ) ৭০. (ঘ) ৭১. (ক) ৭২. (খ) ৭৩. (গ) ৭৪. (ক) ৭৫. (গ) ১. (খ) ২. (ঘ) ৩. (গ)
৪. (খ) ৫. (ঘ) ৬. (খ) ৭. (ঘ)

৮. শূন্যস্থানের সংখ্যাটি কত?

২২৫, ১৪৪, ৮১ -

- (ক) ৪৯ (খ) ৩৬
(গ) ২৫ (ঘ) ১৬

ব্যাখ্যা : $১৫^২, ১২^২, ৯^২, ৬^২$ । সুতরাং ৪র্থ পদ ৩৬।

৯. $\frac{১}{৫}, \frac{২}{১৫}, \frac{৪}{৪৫}$ ----- পরবর্তী পদ কত হবে?

- (ক) $\frac{৫}{১৫}$ (খ) $\frac{৫}{৬০}$
(গ) $\frac{৮}{১২৫}$ (ঘ) $\frac{৮}{১৩৫}$

ব্যাখ্যা : একটি সংখ্যার লবকে ২ দিয়ে গুণ এবং হরকে ৩ দিয়ে গুণ করলে পরবর্তী সংখ্যা পাওয়া যায়।

১০. ১৬, ২৫, ৩৬, ৪৯ শূন্যস্থানের সংখ্যাটি কত?

- (ক) ৫৬ (খ) ৬৪
(গ) ৭২ (ঘ) ৮১

ব্যাখ্যা : সংখ্যাগুলো ৪, ৫, ৬, ৭, ৮, এর বর্গ।

১১. ৮, ২৭, ৬৪, ১২৫, শূন্যস্থানে কোন সংখ্যাটি বসবে?

- (ক) ১৪৪ (খ) ১৮৯
(গ) ২১৬ (ঘ) ২৫৬

ব্যাখ্যা : সংখ্যাগুলো $২^৩, ৩^৩, ৪^৩, ৫^৩, ৬^৩$ এভাবে হবে।

১২. ৩৮৪, ৪৭৮, ৫৭২, ৬২৫, ----- ৬৭১, শূন্যস্থানে কোন সংখ্যাটি বসবে?

- (ক) ৪৮৫ (খ) ৫২৪
(গ) ৫৪৮ (ঘ) ৫৯৬

ব্যাখ্যা : প্রথম তিন সংখ্যার মাঝের সংখ্যা হল অপর দুটির যোগফলের অর্ধেক। দ্বিতীয় তিনটি সংখ্যাও অনুরূপ।

১৩. ৮৭৫, ৪৪৬, ৪২৯, ৩৫১, ---, ৭৫৭ শূন্যস্থানে কোন সংখ্যা বসবে?

- (ক) ৪০৬ (খ) ৪৭৪
(গ) ৫৬৪ (ঘ) ৬০৮

ব্যাখ্যা : প্রথম তিনটিতে মাঝের সংখ্যা হল অপর দুটির বিয়োগ ফল।

১৪. ৪১, ৪৫, ৪৯, ৪৪, ---, ৬৭ শূন্যস্থানে কোন সংখ্যা বসবে।

- (ক) ৫৯ (খ) ৬১
(গ) ৬৩ (ঘ) ৬৫

ব্যাখ্যা : প্রথম তিনটি সংখ্যার মাঝের সংখ্যা হল অপর দুটির যোগফলের অর্ধেক।

১৫. ২, ৫, ১০, ৫০, ৫০০ ----- শূন্যস্থানে কত বসবে?

- (ক) ১০০০ (খ) ৫০০০
(গ) ১৫০০০ (ঘ) ২৫০০০

ব্যাখ্যা : প্রথম সংখ্যা \times দ্বিতীয় সংখ্যা = তৃতীয় সংখ্যা।

১৬. ১৯, ২৮, ৩৯, ৫২, ৬৭, ---, শূন্যস্থানে কোন সংখ্যা বসবে?

- (ক) ৭২ (খ) ৭৬
(গ) ৮৪ (ঘ) ৯৬

ব্যাখ্যা : সিরিজটি $x^২ + ৩$, যেখানে $x = ৪, ৫, ৬, ৭, ৮, ৯,$

১৭. ৫, ১৩, ২৯, ৬২, ১২৭, --- শূন্যস্থানে কোন সংখ্যা বসবে?

- (ক) ১৮৯ (খ) ২১২
(গ) ২৫২ (ঘ) ২৫৭

ব্যাখ্যা : $(\text{একটি সংখ্যা} \times ২) + ৩ = \text{পরের সংখ্যা}$ ।

১৮. ৫৬, ৭২, ৯০, ১১০, --- শূন্যস্থানে কোন সংখ্যা বসবে?

- (ক) ১২১ (খ) ১৩২
(গ) ১৪৪ (ঘ) ১৫৬

ব্যাখ্যা : সংখ্যাগুলো $৭ \times ৮, ৮ \times ৯, ৯ \times ১০, ১০ \times ১১, ১১ \times ১২$ এভাবে বাড়ছে।

১৯. ১৯, ২৬, ৩৫, ৪৬, ৫৯, --- শূন্যস্থানে কোন সংখ্যা বসবে?

- (ক) ৬৪ (খ) ৭০
(গ) ৭৪ (ঘ) ৮৪

ব্যাখ্যা : প্রথম সংখ্যা হতে পরের সংখ্যাগুলো যথাক্রমে ৭, ৯, ১১, ১৩, ১৫ এভাবে বাড়ছে।

২০. ১, ১, ২, ৬, ২৪, --- শূন্যস্থানে কোন সংখ্যা বসবে?

- (ক) ৪৮ (খ) ৭২
(গ) ৯৬ (ঘ) ১২০

ব্যাখ্যা : প্রথম সংখ্যা হতে যথাক্রমে ১, ২, ৩, ৪, ৫ এভাবে গুণ করতে হবে।

২১. ১০, ৫, ১৩, ১০, ১৬, ২০, ১৯, --- শূন্যস্থানে কোন সংখ্যা বসবে?

- (ক) ২৪ (খ) ২৮
(গ) ৩২ (ঘ) ৪০

ব্যাখ্যা : এখানে ২টি সিরিজ ১০, ১৩, ১৬, ১৯, - একটি এবং অপরটি ৫, ১০, ২০। দ্বিতীয় সিরিজটিতে একটি সংখ্যার দ্বিগুণ তার পরের সংখ্যা, সুতরাং ২০ এর দ্বিগুণ হল ৪০।

২২. ৮, ৭, ১১, ১২, ১৪, ১৭, ১৭, ২২, --- শূন্যস্থানে কোন সংখ্যা বসবে?

- (ক) ২০ (খ) ২৩
(গ) ২৭ (ঘ) ২৮

ব্যাখ্যা : দুটি সিরিজের প্রথমটি ৩ এবং অপরটি ৫ হারে বাড়ছে।

২৩. ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯, ৩১, --- শূন্যস্থানে কোন সংখ্যা বসবে?

- (ক) ৩৩ (খ) ৩৫
(গ) ৩৭ (ঘ) ৩৯

ব্যাখ্যা : এটি মৌলিক সংখ্যার সিরিজ। ৩১ এর পরের মৌলিক সংখ্যা হল ৩৭।

২৪. ৮, ২৭, ১২৫, --- শূন্যস্থানে কোন সংখ্যা বসবে?

- (ক) ১৬৯ (খ) ২১৬
(গ) ২৮৯ (ঘ) ৩৪৩

ব্যাখ্যা : এটি মৌলিক সংখ্যার ঘন এর সিরিজ। $২^৩, ৩^৩, ৫^৩, ৭^৩$ এভাবে হবে।

২৫. ১০, ১৪, ২৮, ৩২, ৬৪, ৬৮, --- শূন্যস্থানে কোন সংখ্যা বসবে?

- (ক) ১২৪ (খ) ১২৮
(গ) ১৩৬ (ঘ) ১৪৪

ব্যাখ্যা : যথাক্রমে একটি সংখ্যার সাথে ৪ যোগ করে পরের সংখ্যা এবং তার পরের সংখ্যা দ্বিগুণ।

উত্তরপত্র:	৮. (ক)	৯. (ঘ)	১০. (খ)	১১. (গ)	১২. (গ)	১৩. (ক)	১৪. (খ)	১৫. (ঘ)	১৬. (গ)	১৭. (ঘ)	১৮. (খ)	১৯. (ঘ)
	২০. (ঘ)	২১. (ঘ)	২২. (ক)	২৩. (গ)	২৪. (ঘ)	২৫. (গ)						

পণিত (সি.সি.) (ক) - ১৯

২৬. ৩, ১০, ২১, ৩৬, ৫৫, ৭৮, — শূন্যস্থানে কোন সংখ্যা বসবে?

- (ক) ৮৬ (খ) ৯২
(গ) ১০২ (ঘ) ১০৫

ব্যাখ্যা : সিরিজটি হল $1 \times 3, 2 \times 5, 3 \times 7, 4 \times 9, 5 \times 11, 6 \times 13, 7 \times 15,$

২৭. ১২৫, ১২৩, ১২০, ১১৫, ১০৮, ৯৭, — শূন্যস্থানে কোন সংখ্যা বসবে?

- (ক) ৯২ (খ) ৮৮
(গ) ৮৪ (ঘ) ৮১

ব্যাখ্যা : মৌলিক সংখ্যা ২, ৩, ৫, ৭, ১১, ১৩ যথাক্রমে বিয়োগ করে।

২৮. ১২৫, ১২৭, ১৩০, ১৩৫, ১৪২, ১৫৩, — শূন্যস্থানে কোন সংখ্যা বসবে?

- (ক) ১৫৮ (খ) ১৬২
(গ) ১৬৪ (ঘ) ১৬৬

ব্যাখ্যা : মৌলিক সংখ্যা ২, ৩, ৫, ৭, ১১, ১৩ যথাক্রমে যোগ করে।

২৯. ১০৫, ৮৫, ৬০, ৩০, —, -৪৫, -৯০ শূন্যস্থানে কোন সংখ্যা বসবে?

- (ক) ৫ (খ) ০
(গ) -৫ (ঘ) ১০

ব্যাখ্যা : যথাক্রমে ২০, ২৫, ৩০, ৩৫, ৪০, ৪৫, ... বিয়োগ করে।

৩০. $1 + 6 + 11 + 16 + \dots + 81 =$ কত?

- (ক) ১৮৬ (খ) ১৮৯
(গ) ২১৪ (ঘ) ২২৬

ব্যাখ্যা : পদসংখ্যা = $\frac{(81 - 1)}{5} + 1 = 17$

$$\text{যোগফল} = \frac{(1 + 81)}{2} \times 17 = 703$$

৩১. $15 + 19 + 23 + \dots + 91 =$ কত?

- (ক) ১৫৮৫ (খ) ১৭৮৮
(গ) ১৯২৬ (ঘ) ২০৬৭

ব্যাখ্যা : পদসংখ্যা = $\frac{(91 - 15)}{4} + 1 = 23$

$$\text{যোগফল} = \frac{(15 + 91)}{2} \times 23 = 1177$$

৩২. $8 + 8 + 12 + 16 + \dots + 68 = ?$

- (ক) ৪৫৩ (খ) ৫১২
(গ) ৫৪৪ (ঘ) ৫৮৭

ব্যাখ্যা : পদসংখ্যা = $\frac{(68 - 8)}{4} + 1 = 16$

$$\text{যোগফল} = \frac{8 + 68}{2} \times 16 = 640$$

৩৩. $39 + 36 + 33 + 30 + \dots + 21 = ?$

- (ক) ৪৯৩ (খ) ৫১৬
(গ) ৫২৩ (ঘ) ৫৩৭

ব্যাখ্যা : পদসংখ্যা = $\frac{(39 - 21)}{3} + 1 = 7$

$$\text{যোগফল} = \frac{39 + 21}{2} \times 7 = 210$$

৩৪. $1 + 2 + 3 + 4 + \dots + 31 = ?$

- (ক) ৩২৩ (খ) ৩৮৬
(গ) ৪২৬ (ঘ) ৪৯৬

ব্যাখ্যা : পদসংখ্যা = $\frac{31 - 1}{1} + 1 = 31$

$$\text{যোগফল} = \frac{1 + 31}{2} \times 31 = 496$$

৩৫. $1 + 5 + 9 + \dots + 81 = ?$

- (ক) ৮৬১ (খ) ৪৮৯
(গ) ৩৮৬ (ঘ) ৪০৭

ব্যাখ্যা : পদসংখ্যা = $\frac{81 - 1}{4} + 1 = 21$

$$\text{যোগফল} = \frac{1 + 81}{2} \times 21 = 861$$

৩৬. নিচের সিরিজ হতে জুল সংখ্যাটি বের করুন -

- ৩, ৭, ১৫, ৩০, ৬৩, ১২৭, ২৫৫

- (ক) ৭ (খ) ১৫
(গ) ৩০ (ঘ) ৬৩

ব্যাখ্যা : (একটি সংখ্যা $\times 2$) + ১ = পরের সংখ্যা।

- সুতরাং ৩০ সংখ্যাটি জুল।

৩৭. ৫, ১২, ২৬, ৫৪, — শূন্যস্থানে কত হবে?

- (ক) ৭৬ (খ) ১১০
(গ) ১০৮ (ঘ) ৮৬

ব্যাখ্যা : প্রদত্ত ধারাটি $(x \times 2 + 2)$ আকারে বৃদ্ধি পেয়েছে। সুতরাং শূন্যস্থানে ১১০ হবে।

৩৮. ৫, ৭, ১০, ১৪, ১৯, — শূন্যস্থানে কত হবে?

- (ক) ২৫ (খ) ২১
(গ) ২৩ (ঘ) ২৭

ব্যাখ্যা : প্রদত্ত ধারায় ২, ৩, ৪, ৫ আকারে ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়েছে। শূন্যস্থানে হবে ২৫।

৩৯. ১, ৪, ৯, ১৬, — শূন্যস্থানে কত হবে?

- (ক) ১৯ (খ) ২৫
(গ) ৩৬ (ঘ) ৪০

ব্যাখ্যা : প্রদত্ত ধারাটি $1^2, 2^2, 3^2$ আকারে বৃদ্ধি পেয়েছে। অতএব শূন্যস্থানে ২৫ হবে।

৪০. ৩, ৮, ২৭, ১১২, — শূন্যস্থানে কত হবে?

- (ক) ৪৮০ (খ) ৫১২
(গ) ৫৬৫ (ঘ) ৭২০

ব্যাখ্যা : প্রদত্ত সিরিজটি $(k \times 2 + 2), (k \times 3 + 3), (k \times 4 + 4), (k \times 5 + 5)$ আকারে বৃদ্ধি পেয়েছে। শূন্যস্থানে হবে ৫৬৫।

৪১. ৩, ৬, ১৮, ১০৮, — শূন্যস্থানে কোন সংখ্যা হবে?

- (ক) ৫৮০ (খ) ৭৮০
(গ) ১৯৪৪ (ঘ) ১৮০২

ব্যাখ্যা : ১ম সংখ্যা $\times ২য় সংখ্যা = ৩য় সংখ্যা$

উত্তরসমূহ:	২৬. (ঘ)	২৭. (গ)	২৮. (ঘ)	২৯. (গ)	৩০. (খ)	৩১. (ঘ)	৩২. (গ)	৩৩. (ক)	৩৪. (ঘ)	৩৫. (ক)	৩৬. (গ)	৩৭. (ঘ)
	৩৮. (ক)	৩৯. (খ)	৪০. (গ)	৪১. (গ)								

৪২. ২২৫, ৬৪, ২৭, — শূন্যস্থানে কোন সংখ্যা হবে?

- (ক) ৬ (খ) ১২
(গ) ৮ (ঘ) ১০

ব্যাখ্যা : ধারাটির প্রতিটি পদ ৫^n , ৪^n , ৩^n আকারে হ্রাস পাচ্ছে।

৪৩. ৫, ৫, ১০, ১৫, ২৫, ৪০, — পরবর্তী সংখ্যা কত?

- (ক) ৫৫ (খ) ৬৫
(গ) ৭০ (ঘ) ৬০

ব্যাখ্যা : ধারাটি ১ম পদ + ২য় পদ = ৩য় পদ এভাবে বৃদ্ধি পেয়েছে।

৪৪. ২, ২, ৪, ৬, ১০ ... এই সংখ্যা পরম্পরায় ৯ম পদ কি হবে?

- (ক) ৬৬ (খ) ৫৫
(গ) ৪৫ (ঘ) ৬৮

ব্যাখ্যা : ১ম পদ + ২য় পদ = ৩য় পদ। ২য় পদ = ৬৮

৪৫. ৪, ১৬, ৩৬, ৬৪, — এর পরবর্তী সংখ্যাটি কত?

- (ক) ১৪৪ (খ) ১২১
(গ) ১০০ (ঘ) ৮১

ব্যাখ্যা : $২^২$, $৪^২$, $৬^২$ এভাবে বৃদ্ধি হয়েছে।

৪৬. ৪, ৮, ১৩, ১৯, ২৬ ... ধারাটির ৭ম পদ কত?

- (ক) ৪৩ (খ) ৪৫
(গ) ৩৮ (ঘ) ৩৯

ব্যাখ্যা : ধারাটি $ক + ৪$, $ক + ৫$, $ক + ৬$ এভাবে বৃদ্ধি পেয়েছে। $ক =$ প্রতিটি পদ।

৪৭. ৩, ৫, ৯, ১৭, ৩৩ ... পরবর্তী সংখ্যাটি কত?

- (ক) ৬৫ (খ) ৮৮
(গ) ৬৮ (ঘ) ৭২

ব্যাখ্যা : ধারাটি $ক + ২$, $ক + ৪$, $ক + ৮$ এভাবে বৃদ্ধি পেয়েছে।

৪৮. ১৫, ২৯, ৪৭, ৬৯ ... পরবর্তী সংখ্যাটি কত?

- (ক) ৭৫ (খ) ৮৮
(গ) ৯৫ (ঘ) ৯৮

ব্যাখ্যা : ধারাটিতে ১ম থেকে ১৪, ১৮, ২২, ২৬ এভাবে বৃদ্ধি পেয়েছে।

৪৯. ৮১, ৩৬, ৯, — দ্বন্দ্ব সংখ্যাটি কত?

- (ক) ৩ (খ) ১
(গ) ২ (ঘ) ০

ব্যাখ্যা : ধারাটি $৯^২$, $৬^২$, $৩^২$ এভাবে হ্রাস পেয়েছে।

৫০. ৩৪, ৫১, ৬৮, — পরবর্তী সংখ্যাটি কত?

- (ক) ৯১ (খ) ১০৫
(গ) ৮৫ (ঘ) ৮০

ব্যাখ্যা : ধারাটি ১৭×২ , ১৭×৩ , ১৭×৪ এভাবে বৃদ্ধি পেয়েছে।

৫১. ৪, ৭, ১৩, ২৫, ... পরবর্তী সংখ্যাটি কত?

- (ক) ৫৯ (খ) ৫৭
(গ) ৪৯ (ঘ) ৫১

ব্যাখ্যা : (প্রতিটি সংখ্যা $\times ২$) - ১ = পরবর্তী সংখ্যা।

উত্তরসমূহ : ৪২. (গ) ৪৩. (খ) ৪৪. (ঘ) ৪৫. (গ) ৪৬. (ক) ৪৭. (ক) ৪৮. (গ) ৪৯. (খ) ৫০. (গ) ৫১. (গ)



সেট



সাধারণ আলোচনা

সেট

জার্মান গণিতবিদ লুড্গ ক্যান্টর সেট সম্বন্ধে প্রথম ব্যাখ্যা প্রদান করেন।

সংজ্ঞাসমূহ :

ফাঁকা সেট : যে সেটের কোন উপাদান থাকে না অর্থাৎ উপাদান শূন্য সে সেট ফাঁকা সেট। একে $\{\}$ বা ডেনিস অক্ষর \emptyset (তরু) প্রতীক দ্বারা লেখা হয়।

সার্বিক সেট : একে "U" বা S দ্বারা প্রকাশ করা হয়।

সংযোগ সেট : একে "∪" দ্বারা প্রকাশ করা হয়। A ও B সেটের সকল উপাদান নিয়ে সংযোগ সেট গঠিত। একে A ∪ B আকারে লেখা হয়।

∪ = union (common ও uncommon)

ছেদ সেট : একে "∩" দ্বারা প্রকাশ করা হয়।

দুটি সেটের যেমন A ও B সেটের সাধারণ উপাদান নিয়ে ছেদ সেট গঠিত। অর্থাৎ দুটি সেটের শুধুমাত্র common উপাদানগুলো নিয়ে "∩" গঠিত। লেখা যায় A ∩ B. "∩" = Intersection

সসীম সেট : যে সেটে উপাদানের সংখ্যা গণনা করে নির্ধারণ করা যায়, সে সেটকে সসীম সেট বা সান্ত সেট বলা হয়। যেমন, B = {1, 2, 3} একটি সসীম সেট।

অসীম সেট : যে সেটে উপাদানের সংখ্যা গণনা করে নির্ধারণ করা যায় না, সে সেটকে অসীম সেট বা অনন্ত সেট বলা হয়। সকল স্বাভাবিক সংখ্যার সেট N = {1, 2, 3,} একটি অসীম সেট।

উপসেট : যদি A সেটের প্রত্যেক উপাদান B এরও উপাদান হয়, তবে A কে B এর উপসেট বলে। একে প্রতীকে লেখা হয়, A ⊂ B এবং পড়া হয় A, B এর উপসেট। উদাহরণস্বরূপ,

A = {2, 4, 6, 8} এবং B = {1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9} হলে A ⊂ B. A নিজেও A এর একটি উপসেট।

প্রকৃত উপসেট : A সেটের প্রত্যেক উপাদান যদি B সেটে বিদ্যমান থাকে এবং B সেটে অন্তত একটি উপাদান থাকে বা A সেটে নেই, তবে A কে B এর প্রকৃত উপসেট বলে। একে A ⊂ B লিখে প্রকাশ করা হয়। A, A এর প্রকৃত উপসেট নয়।

নিষেধ সেট : দুইটি সেটে যদি কোন সাধারণ উপাদান না থাকে, তবে ঐ সেটদ্বয়কে পরস্পর নিষেধ (Disjoint) সেট বলে। A ও B দুইটি নিষেধ সেট হলে, A ∩ B = ∅

পাওয়ার সেট (শক্তি সেট) : মনে করি, A একটি সেট। A সেটের যতগুলো উপসেট হয়, তাদের সেটকে A সেটের পাওয়ার সেট বলে এবং লেখা হয়, P(A).

কার্তেসীয় গুণজ : মনে করি, A ও B যেকোন সেট। A ও B সেটের উপাদানগুলোর সকল ক্রমজোড়ের সেটই হল তাদের কার্তেসীয় গুণজ সেট A × B, একে পড়া হয়, A গুণ (cross) B, সেট গঠন পদ্ধতিতে লিখতে পারি,

$$A \times B = \{(x, y) : x \in A \text{ এবং } y \in B\}$$

যেকোন সেট S এর জন্য, S × S = {(x, y) : x, y ∈ S}

পুরক সেট বা বিয়োগ সেট : A ও B দুটি সেটের A সেটের যে সকল উপাদান B সেটের মধ্যে নাই সেই উপাদানগুলো নিয়ে পুরক সেট গঠিত। একে A \ B আকারে লেখা হয় বা A - B আকারে লেখা যায়।

$$\text{সূত্র : } n(A \cup B) = n(A) + n(B) - n(A \cap B)$$

$$n(A \cup B)' = n(u) - [n(A) + n(B) - n(A \cap B)]$$

⊂ = উপসেট

⊆ = উপসেট নয়

∈ = ইহাতে বিদ্যমান (Belongs to)

ধিএসসি ও বিভিন্ন সংস্থা কর্তৃক গৃহীত পরীক্ষার প্রশ্ন

১. দিচ্ছেন কোনটি দ্বা মরণানের সূত্র? (বিদ্যমান ও পাসওয়ার্ট অবিনশ্বরের সহকারি পরিচালক পত্রিকা - '১৪)

Ⓐ A ∪ B = B ∪ A Ⓓ (A ∪ B) ∪ C = A ∪ (B ∪ C)

Ⓑ (A ∩ B)' = A' ∪ B' Ⓔ A ∩ B' = A - B

ব্যাখ্যা : সার্বিক সেট U এর যে কোন উপসেট A ও B এর জন্য

(ক) (A ∪ B)' = A' ∩ B'

(খ) (A ∩ B)' = A' ∪ B'

২. A = {x : x ছোট বৈশিক সংখ্যা}, তালিকা পদ্ধতিতে কী হবে? (মামুদুল্লাহ সিদ্দিক অবিনশ্বরের সহকারি পরিচালক পত্রিকা - '১৩)

Ⓐ {2}

Ⓓ 2⁻¹

Ⓑ {2}

Ⓔ {2}

ব্যাখ্যা : তালিকা পদ্ধতিতে সেটের সকল উপাদানকে {} এর মধ্যে আবদ্ধ করা হয়।

৩. যদি A এবং B দুইটি সেট হয় তবে A ∩ (A ∪ B) = A ∪ (A ∩ B) = কত? (৮ম শ্রেণির বিভিন্ন পত্রিকা-২০১২)

Ⓐ A ∪ B

Ⓓ A ∩ B

Ⓑ A

Ⓔ B

৪. U = {1, 2, 3, 4, 5, 6}, A = {1, 3, 5}, B = {2, 4, 6} হলে A' ∩ B' = ? (আঞ্চলিক স্তরের দ্বিতীয় পত্রিকা-২০০১)

Ⓐ {1, 3, 5}

Ⓓ {1, 2, 6}

Ⓑ {3, 4, 6}

Ⓔ ∅

ব্যাখ্যা : A' = U - A

$$= \{1, 2, 3, 4, 5, 6\} - \{1, 3, 5\} = \{2, 4, 6\}$$

$$B' = U - B = \{1, 2, 3, 4, 5, 6\} - \{2, 4, 6\} = \{1, 3, 5\}$$

$$\therefore A' \cap B' = \{2, 4, 6\} \cap \{1, 3, 5\} = \emptyset$$

উত্তরসমূহ :

১. Ⓐ

২. Ⓑ

৩. Ⓓ

৪. Ⓓ

৫. কোন শ্রেণীর ৩০ জন ছাত্রের ২০ জন Football এবং ১৫ জন Cricket খেলতে পছন্দ করে। প্রত্যেক খেলোয়াড় ২টি খেলার অন্তর্গত ১টি খেলা পছন্দ করে। কত ছাত্র দুটি খেলা পছন্দ করে? (কোচ ট্রেনিং স্ট্রাকচারে সহকারী পরিচালক পরীক্ষা-২০০৭)

- ক) ৬ জন গ) ৪ জন
খ) ৫ জন ঘ) ৮ জন

ব্যাখ্যা : এখানে $n(S) = 30, n(F) = 20, n(C) = 15$ এবং $S = F \cup C$,
দুটি খেলাই পছন্দ করে এমন ছাত্রের সংখ্যা $= n(F \cap C)$

$$n(F) + n(C) - n(F \cap C) = 30$$

$$\text{বা, } 20 + 15 - 30 = n(F \cap C)$$

$$\text{বা, } n(F \cap C) = 5$$

\therefore ৫ জন ছাত্র দুটি খেলা পছন্দ করে।

৬. যদি $n(A \cup B) = 61, n(A) = 30, n(B) = 54$ হয়, তাহলে $n(A \cap B)$ এর মান কত? (সহায় কন্যাপ সাপোর্ট (পহর সেবা) পরীক্ষা-২০০৭)

- ক) ২২ গ) ২৫
খ) ২৩ ঘ) ২৭

ব্যাখ্যা : $n(A \cup B) = n(A) + n(B) - n(A \cap B)$

$$\Rightarrow 61 = 30 + 54 - n(A \cap B)$$

$$\Rightarrow 61 - 84 = -n(A \cap B)$$

$$\Rightarrow -23 = -n(A \cap B)$$

$$\therefore n(A \cap B) = 23$$

৭. যদি $U = \{0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9\}, A = \{0, 1, 2, 3, 4\}, B = \{2, 3, 4, 5, 6, 7\}$ হলে $(A \cup B)^c$ = ? (কম্পিউটার বিজ্ঞান ও পটন অফিসের সহকারী পরিচালক পরীক্ষা-২০০৭)

- ক) $\{3, 7, 9\}$ গ) $\{2, 6, 8\}$
খ) $\{8, 9\}$ ঘ) $\{0, 1, 5, 6\}$

ব্যাখ্যা : $(A \cup B)^c = U - A \cup B$

$$= \{0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9\} - \{0, 1, 2, 3, 4, 5, 6, 7\}$$

$$= \{8, 9\}$$

৮. ৫ উপাদানবিশিষ্ট একটি প্রদত্ত সেটের উপসেটের সংখ্যা হবে— (সহায় কন্যাপ সাপোর্ট (পহর সেবা) পরীক্ষা-২০০৭)

- ক) ২০ গ) ২৫
খ) ২৮ ঘ) ৩২

ব্যাখ্যা : উপসেট সংখ্যা $= 2^n = 2^5 = 2 \times 2 \times 2 \times 2 \times 2 = 32$.

৯. $A \cup (A \cap B)$ কত? (সহায় কন্যাপ সাপোর্ট (পহর সেবা) পরীক্ষা-২০০৭)

- ক) ϕ গ) A
খ) B ঘ) $A \cap B$

ব্যাখ্যা : আমরা জানি,

$$A \cup (A \cap B) = (A \cap U) \cup A \cup (A \cap B) \\ = A \cap (U \cup B) \\ = A \cap U = A$$

১০. যদি $A = \{1, 2, 3\}, B = \{3, 4\}$ এবং $C = \{4, 5, 6\}$ হয়, তবে $(A \times B) \cap (B \times C) =$ কত হবে? (সহায় কন্যাপ সাপোর্ট (পহর সেবা) পরীক্ষা-২০০৭)

- ক) $\{2, 3\}, \{3, 4\}, \{4, 5\}$ গ) $\{(1, 2), (2, 3), (3, 4)\}$
খ) $\{(3, 4), (3, 5), (3, 6)\}$ ঘ) $\{(1, 4), (2, 4), (3, 4)\}$

ব্যাখ্যা : সঠিক উত্তর নেই।

১১. যেসব স্বাভাবিক সংখ্যা দ্বারা ৩৪৬ এবং ৫৫৬ কে ভাগ করলে প্রতি ক্ষেত্রে ৩১ অবশিষ্ট থাকে। তাদের সেট নির্ণয় করুন। (আমদানি শুল্কসহ তথ্য-উপাত্তের নির্বাহী অফিসার পরীক্ষা-২০০৭, উপসহকারী নির্বাহী অফিসার পরীক্ষা-২০০৭)

- ক) $\{20, 85\}$ গ) $\{25, 95\}$
খ) $\{30, 100\}$ ঘ) $\{35, 105\}$

ব্যাখ্যা : যে যে স্বাভাবিক সংখ্যা দ্বারা ৩৪৬ কে ভাগ করলে প্রতিক্ষেত্রে ৩১ অবশিষ্ট থাকে, সে সংখ্যাটি ৩১ অপেক্ষা বড় এবং সংখ্যাটি $(346 - 31) = 315$ এর সাধারণ গুণনীয়ক।

$$\therefore \text{নির্ণয় গুণনীয়ক সেট} = \{35, 45, 63, 105, 315\}$$

১২. $A = \{0, 2, 3, 7, 9\}, B = \{1, 5, 6, 8, 11\}, C = \{2, 5, 7, 8, 12, 14\}$ হলে, $(A \cap B) \cup (A \cap C)$ হবে? (সহায় কন্যাপ সাপোর্ট (পহর সেবা) পরীক্ষা-২০০৭)

- ক) $\{2, 3, 5, 7\}$ গ) $\{4, 7, 9\}$
খ) $\{2, 7\}$ ঘ) $\{0, 2, 3, 8\}$

ব্যাখ্যা : $A \cap B = \{0, 2, 3, 7, 9\} \cap \{1, 5, 6, 8, 11\} = \phi$

$$A \cap C = \{0, 2, 3, 7, 9\} \cap \{2, 5, 7, 8, 12, 14\} = \{2, 7\}$$

$$\therefore (A \cap B) \cup (A \cap C) = \phi \cup \{2, 7\} = \{2, 7\}$$

১৩. যদি A এবং B যে কোন দুইটি সেট হয়, তবে $(A - B) \cap B =$ কত? (ফাইন্যান্স দপ্তর পরীক্ষা-২০০৭)

- ক) A গ) B
খ) \emptyset ঘ) C

১৪. ৭ এর গুণিতকের সেট কোন ধরনের সেট? (রেলওয়ে উপ-সহকারী-২০১৩)

- ক) সসীম সেট গ) ফাঁকা সেট
খ) সার্বিক সেট ঘ) অসীম সেট

ব্যাখ্যা : ৭ এর গুণিতক - 14, 21, 28, 35, 42 অসীম।

নির্বাচিত নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. $A = \{1, 2, 3\}$ এবং $B = \{3, a, b\}$ হলে $A \cup B = ?$

- ক) $\{1, 2, 3, a, b\}$ গ) $\{1, 2\}$
খ) $\{1, 3, b\}$ ঘ) $\{2, 3, a, b\}$

ব্যাখ্যা : $A \cup B = \{1, 2, 3\} \cup \{3, a, b\}$

$$= \{1, 2, 3, a, b\}$$

২. $X = \{1, 2, 3\}$ এবং $Y = \{4, 5, 6\}$ হলে, $X \cap Y = ?$

- ক) $\{2, 3\}$ গ) \emptyset
খ) $\{3, 4\}$ ঘ) $\{1, 2, 3, 4, 5\}$

ব্যাখ্যা : $X \cap Y = \{1, 2, 3\} \cap \{4, 5, 6\} = \emptyset$

৩. যদি $A = \{1, 2\}$ এবং $B = \{2, 5\}$ হয়, তবে $P(A) \cap P(B) = ?$

- ক) $\{1, 5\}$ গ) $\{2\}$
খ) $\{\emptyset, \{2\}\}$ ঘ) $\{\emptyset\}$

ব্যাখ্যা : $P(A) = \{\emptyset, \{1\}, \{2\}, \{1, 2\}\}$

$$P(B) = \{\emptyset, \{2\}, \{5\}, \{2, 5\}\}$$

$$\therefore P(A) \cap P(B) = \{\emptyset, \{2\}\}$$

৪. যদি $U = \{1, 2, 3, 4, 5, 6\}, A = \{1, 3, 5\}, B = \{2, 4, 6\}$ এবং $C = \{2, 3, 4, 5\}$ হলে $(A \cup B) \cap C = ?$

- ক) $\{1, 3, 5, 6\}$ গ) $\{2, 4, 6\}$
খ) $\{2, 3, 5, 6\}$ ঘ) $\{2, 3, 4, 5\}$

উত্তরপত্র : ১. গ ২. গ ৩. গ ৪. গ ৫. ঘ ৬. গ ৭. ঘ ৮. ঘ ৯. ক ১০. ঘ ১১. ঘ ১২. গ ১৩. গ ১৪. ঘ ১৫. ক ১৬. ঘ

ব্যাখ্যা : $A \cup B = \{1, 3, 5\} \cup \{2, 4, 6\}$

$$= \{1, 2, 3, 4, 5, 6\}$$

$$(A \cup B) \cap C = \{1, 2, 3, 4, 5, 6\} \cap \{2, 3, 4, 5\}$$

$$= \{2, 3, 4, 5\}$$

৫. যদি $U = \{1, 2, 3, 4, 5, 6\}$, $A = \{1, 3, 5\}$, $B = \{2, 4, 6\}$ এবং $C = \{2, 3, 4, 5\}$ হলে $(A \cap C) \cup (B \cap C) = ?$

ক) $\{1, 4, 5, 6\}$

খ) $\{2, 3, 4, 5\}$

গ) $\{1, 4, 5, 6\}$

ঘ) $\{1, 3, 5, 6\}$

ব্যাখ্যা : $(A \cap C) \cup (B \cap C) = \{3, 5\} \cup \{2, 4\} = \{2, 3, 4, 5\}$

৬. কিছু সংখ্যক লোকের 50 জন বাংলা, 20 জন ইংরেজি এবং 10 জন বাংলা ও ইংরেজি বলতে পারে। দুটি ভাষার অন্তত একটি ভাষা কত জন বলতে পারে?

ক) 70

খ) 60

গ) 50

ঘ) 80

ব্যাখ্যা : এখানে $n(B) = 50$, $n(E) = 20$, $n(B \cap E) = 10$ । অন্তত একটি ভাষা বলতে পারে এমন লোক $n(B \cup E) = ?$

$$\text{We know, } n(B \cup E) = n(B) + n(E) - n(B \cap E)$$

$$\text{বা, } n(B \cup E) = 50 + 20 - 10$$

$$\text{বা, } n(B \cup E) = 60$$

∴ দুটি ভাষার মধ্যে অন্তত একটি ভাষা বলতে পারে 60 জন

৭. $U = \{1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9\}$ এবং $A = \{1, 2, 3, 8\}$ হলে A এর পূরক সেট কোনটি?

ক) $\{1, 3, 4, 5, 6\}$

খ) $\{2, 4, 6, 8\}$

গ) $\{1, 2, 3, 4, 7\}$

ঘ) $\{4, 5, 6, 7, 9\}$

ব্যাখ্যা : A এর পূরক সেট

$$A' = U - A$$

$$= \{1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9\} - \{1, 2, 3, 8\}$$

$$= \{4, 5, 6, 7, 9\}$$

৮. যদি $A = \{1, 2, 3, 4, 5\}$ এবং $B = \{1, 3, 4\}$ হয়, তবে

$$A \setminus B = ?$$

ক) $\{1, 2\}$

খ) $\{3, 5\}$

গ) $\{2, 5\}$

ঘ) $\{1, 4\}$

ব্যাখ্যা : $A \setminus B = A - B$

$$= \{1, 2, 3, 4, 5\} - \{1, 3, 4\} = \{2, 5\}$$

৯. যদি $U = \{1, 2, 3, 4, 5, 6, 7\}$, $A = \{1, 2, 3, 5\}$

এবং $B = \{1, 2, 4, 6\}$ হয়, তবে $(A \cap B)'$ = ?

ক) $\{1, 2, 5, 4, 6\}$

খ) $\{3, 4, 5, 6, 7\}$

গ) $\{2, 4, 5, 6, 7\}$

ঘ) $\{1, 2, 3, 4, 5\}$

ব্যাখ্যা : $(A \cap B) = \{1, 2, 3, 5\} \cap \{1, 2, 4, 6\}$

$$= \{1, 2\}$$

$$\therefore (A \cap B)' = U - (A \cap B)$$

$$= \{1, 2, 3, 4, 5, 6, 7\} - \{1, 2\}$$

$$= \{3, 4, 5, 6, 7\}$$

১০. যদি $U = \{1, 2, 3, 4, 5, 6, 7\}$, $A = \{1, 2, 5, 6\}$ এবং $B = \{2, 4, 5, 7\}$ হয়, তবে $(A \cup B)'$ = ?

ক) $\{3\}$

খ) $\{4\}$

গ) $\{2, 4\}$

ঘ) $\{1, 5\}$

ব্যাখ্যা : $(A \cup B) = \{1, 2, 4, 5, 6, 7\}$

$$(A \cup B)' = U - (A \cup B)$$

$$= \{1, 2, 3, 4, 5, 6, 7\} - \{1, 2, 4, 5, 6, 7\}$$

$$= \{3\}$$

১১. যদি $A = \{1, 2\}$ হয়, তবে $P(A) = ?$

ক) $\{1, \emptyset\}$

খ) $\{\{1\}, \{2\}\}$

গ) $\{\{1\}, \{2\}, \{1, 2\}, \emptyset\}$

ঘ) $\{\emptyset\}$

ব্যাখ্যা : Power set $P(A) = \{\{1\}, \{2\}, \{1, 2\}, \emptyset\}$

১২. প্রথম বর্ষ বিজ্ঞানের 120 জনের মধ্যে 85 জন গণিত, 90 জন পদার্থ বিজ্ঞান ও 62 জন গণিত ও পদার্থ বিজ্ঞান উভয় বিষয়ই নিয়েছে। কত জন দুটির কোনটিই নেয়?

ক) 8

খ) 11

গ) 7

ঘ) 13

ব্যাখ্যা : $n(M \cup P)' = n(S) - n(M) - n(P) + n(M \cap P)$

$$= \{120 - 85 - 90 + 62\} = 7$$

১৩. $A = \{1, 5, 6, 7, 8\}$ এবং $B = \{5, 7, 8\}$ হলে, $A \cap B =$ কত?

ক) $\{1, 6, 7\}$

খ) $\{5, 7, 8\}$

গ) $\{7, 6, 8\}$

ঘ) $\{4, 5, 6\}$

ব্যাখ্যা : $A \cap B = \{1, 5, 6, 7, 8\} \cap \{5, 7, 8\}$

$$= \{5, 7, 8\}$$

১৪. $A = \{1, 2, 3, 4, 5, 6\}$, $B = \{2, 3, 4, 6\}$ এবং $C = \{1, 5, 6\}$ হলে $(A - B) \cup C =$ কত?

ক) $\{1, 4, 5\}$

খ) $\{2, 6\}$

গ) $\{5, 6\}$

ঘ) $\{1, 5, 6\}$

ব্যাখ্যা : $(A - B) = \{1, 2, 3, 4, 5, 6\} - \{2, 3, 4, 6\} = \{1, 5\}$

$$\therefore (A - B) \cup C = \{1, 5\} \cup \{1, 5, 6\} = \{1, 5, 6\}$$

১৫. সমাধান সেট নির্ণয় করুন : $x^2 - 2x - 15 > 0$.

ক) $S = \{x : x > 5 \text{ অথবা } x < -3\}$

খ) $S = \{x : x < 5 \text{ অথবা } x > -3\}$

গ) $S = \{x : x > 5 \text{ অথবা } x > -3\}$

ঘ) $S = \{x : x < 5 \text{ অথবা } x < -3\}$

ব্যাখ্যা : $x^2 - 2x - 15 > 0$

$$\text{বা, } x^2 - 5x + 3x - 15 > 0$$

$$\text{বা, } x(x - 5) + 3(x - 5) > 0$$

$$\text{বা, } (x - 5)(x + 3) > 0$$

$$\therefore S = \{x : x < 5 \text{ অথবা } x > -3\}$$

উত্তরপত্র :

৫. খ

৬. খ

৭. খ

৮. গ

৯. খ

১০. ক

১১. গ

১২. গ

১৩. খ

১৪. ঘ

১৫. ঘ



বিন্যাস



তিনটি অক্ষর a, b, c এর মধ্যে থেকে দুইটি করে নিয়ে পর পর সাজালে পাওয়া যায় ab, ac, ba, bc, ca, cb। আবার, তিনটি করে নিয়ে পর পর সাজানো হলে পাওয়া যায়, abc, acb, bac, bca, cab, cba। উপরের প্রাপ্ত প্রত্যেকটিকে বলা হয় এক একটি বিন্যাস (Permutation)। কতগুলো জিনিস থেকে কয়েকটি বা সব কয়টি একবারে নিয়ে যত প্রকারে সাজানো যায় (অর্থাৎ তিন তিন সারি গঠন করা যায়) তাদের প্রত্যেকটিকে এক একটি বিন্যাস বলা হয়।

n সংখ্যক তিন তিন জিনিস থেকে প্রত্যেকবার r (r ≤ n) - সংখ্যক জিনিস নিয়ে প্রাপ্ত বিন্যাস সংখ্যাকে সাধারণ সংক্ষেপে ${}^n P_r$ বা p(n,r) দ্বারা প্রকাশ করা হয়।

একনজরে :

$$\therefore {}^n P_r = n(n-1)(n-2)\dots(n-r+1)$$

$$= \frac{n!}{(n-r)!}$$

$$\therefore {}^n P_r = \lfloor n \text{ বা } n! \rfloor$$

এখানে, $n! = n(n-1)(n-2)\dots(n-r+1)(n-r)!$
 $0! = 1$
 n সংখ্যক তিন তিন জিনিস থেকে একবারে r সংখ্যক জিনিস নিয়ে বিন্যাস সংখ্যা নির্ণয় করতে হবে, যেখানে যে কোন জিনিসের r সংখ্যক বার পুনরাবৃত্তি ঘটতে পারে। এই ক্ষেত্রে বিন্যাস সংখ্যা = n^r

১. স্বরবর্ণগুলোকে পাশাপাশি না রেখে 'Daughter' শব্দটির অক্ষরগুলো কত সংখ্যক উপায়ে সাজানো যায়?

সমাধান : শব্দটিতে মোট ৪টি অক্ষর আছে। এ অক্ষরগুলো সবই তিন তিন। সুতরাং সবগুলো অক্ষর একবারে নিয়ে ৪টি অক্ষরকে ${}^8 P_8$ সংখ্যক উপায়ে সাজানো যায়।

এখন স্বরবর্ণ a, u, e কে একক অক্ষর ধরে d, g, h, t, r, (aue) অর্থাৎ ৬টি অক্ষরের সবগুলো একবারে নিয়ে ${}^6 P_6$ সংখ্যক উপায়ে সাজানো যায়। এখানে ক্রমানুসারে (aue) স্বরবর্ণগুলোকে একক অক্ষর ধরা হয়েছে। কিন্তু এ ৩টি স্বরবর্ণকে নিজেদের মধ্যে ৩! অর্থাৎ, ৬ সংখ্যক উপায়ে সাজানো যায়।

∴ স্বরবর্ণগুলো পাশাপাশি রেখে অক্ষরগুলোকে ${}^6 P_6 \times 6$ সংখ্যক উপায়ে সাজানো যায়।

∴ স্বরবর্ণগুলো পাশাপাশি না রেখে বিন্যাস সংখ্যা = ${}^8 P_8 - {}^6 P_6 \times 6$
 = $8! - 6! \times 6 = 40320 - 720 \times 6 = 36000$.

২. 'Calculus' শব্দটির বর্ণগুলোর সবগুলো একত্রে নিয়ে কত প্রকারে সাজানো যায় যেন প্রথম ও শেষ অক্ষর 'u' থাকে?

সমাধান : শব্দটির মধ্যে ৮টি অক্ষর আছে। এদের মধ্যে দুইটি c, দুইটি l এবং দুইটি u আছে; অবশিষ্ট অক্ষরগুলো বিভিন্ন রকমের।

শর্তানুযায়ী প্রথম ও শেষে u থাকবে। সুতরাং অবশিষ্ট ৬টি স্থান বাকি ৬টি অক্ষর দ্বারা পূরণ করতে হবে।

যেহেতু বাকি ৬টি অক্ষরের মধ্যে ২টি c, ২টি l এবং অন্যগুলো তিন তিন, সুতরাং ৬টি অক্ষরের সবগুলো একত্রে নিয়ে বিন্যাস সংখ্যা = $\frac{6!}{2!2!} = 180$.

∴ প্রদত্ত শর্ত অনুযায়ী অক্ষরগুলোকে ১৮০ প্রকারে সাজানো যাবে।

৩. ০, ১, ২, ৩, ৪, ৫ অঙ্কগুলো দ্বারা ছয় অঙ্কবিশিষ্ট কতগুলো অর্থপূর্ণ সংখ্যা গঠন করা যায়? (প্রত্যেক অঙ্ক কেবল একবার নিয়ে একটি সংখ্যা ব্যবহার করে)

সমাধান : ছয় অঙ্কবিশিষ্ট সংখ্যা গঠনের জন্য প্রদত্ত ৬টি অঙ্কই ব্যবহার করতে হবে।

∴ ৬টি অঙ্ক একবারে নিয়ে মোট সংখ্যা = ${}^6 P_6 = 720$
 যে সংখ্যার সর্ববামে ০ থাকবে তা ছয় অঙ্কবিশিষ্ট অর্থপূর্ণ সংখ্যা হবে না। সর্ববামের স্থানটি ০ এর জন্য নির্দিষ্ট রেখে বাকি ৫টি অঙ্ককে নিজেদের মধ্যে ৫! অর্থাৎ, ১২০ উপায়ে সাজানো যায়।

সুতরাং, ১২০টি সংখ্যার সর্ববামে ০ থাকবে।
 ∴ ছয় অঙ্কবিশিষ্ট মোট সংখ্যা = $720 - 120 = 600$.

৪. 4, 5, 6, 7, 8 এর প্রত্যেকটিকে যে কোন সংখ্যক বার নিয়ে চার অঙ্কবিশিষ্ট কতগুলি সংখ্যা গঠন করা যায়? এ সংখ্যাগুলোর কয়টিতে একই অঙ্ক একাধিবার থাকবে? সমাধান : এখানে 5টি অঙ্ক থেকে প্রতিবারে 4টি অঙ্ক (একই অঙ্ক একাধিবারে নিয়েও) পর পর সাজালেই চার অঙ্ক বিশিষ্ট মোট সংখ্যা পাওয়া যাবে। অর্থাৎ 5টি জিনিস থেকে প্রতিবারে 4টি জিনিস (যেখানে একই জিনিসের 4 সংখ্যক বার পুনরাবৃত্তি ঘটতে পারে) নিয়ে বিন্যাস সংখ্যাই হল মোট সংখ্যা।

∴ চার অঙ্কবিশিষ্ট মোট সংখ্যা = $5^4 = 625$.
আবার ৫টি অঙ্ক থেকে 4টি অঙ্ক (প্রত্যেকটি কেবল একবার) নিয়ে চার অঙ্কবিশিষ্ট মোট সংখ্যা = ${}^5P_4 = 120$
∴ প্রত্যেকটি সংখ্যায় একই অঙ্ক একাধিকবার থাকবে এরূপ মোট সংখ্যা = $625 - 120 = 505$. সমাপ্ত।

বিএসসি ও বিভিন্ন সংস্থা কর্তৃক গৃহীত পরীক্ষার প্রশ্ন

১. A, B, C বর্ণের 3 টি করে বর্ণ নিয়ে কত প্রকারে বিন্যাস করা যায়? (পত্রিকাখনন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক পরীক্ষা - '১৪)

- ক) 3 উপায়ে
- খ) 4 উপায়ে
- গ) 5 উপায়ে
- ঘ) 6 উপায়ে

যুক্তি : A, B, C এই 3 টি বর্ণকে সাজানো যায় = $3! = 3 \times 2 \times 1 = 6$

২. CALCUTTA শব্দটির বর্ণগুলোকে একত্রে নিয়ে বিন্যাস সংখ্যা AMERICA শব্দটির বর্ণগুলো একত্রে নিয়ে বিন্যাস সংখ্যার কত গুণ? (১৯৩৩ বিসিএস)

- ক) 2 গুণ
- খ) 3 গুণ
- গ) 4 গুণ
- ঘ) 5 গুণ

ব্যাখ্যা : AMERICA এর ক্ষেত্রে $P_2 = \frac{7}{2} = 2520$

CALCUTTA এর ক্ষেত্রে $P_1 = \frac{8}{2 \times 2 \times 2} = 5040$

∴ $\frac{P_1}{P_2} = \frac{5040}{2520} = 2$

৩. SCIENCE শব্দটির বরবর্ণগুলোকে একত্রে রেখে সব কয়টি বর্ণকে সম্ভাব্য বত উপায়ে সাজানো যায় তার সংখ্যা হচ্ছে - (উপজেলা শিক্ষা অফিসার পরীক্ষা-২০০৪)

- ক) ৬০ বার
- খ) ১২০ বার
- গ) ১৮০ বার
- ঘ) ৪২০ বার

ব্যাখ্যা : SCIENCE

7 বর্ণের 3টি বরবর্ণ তাদের একটি ধরে 5 টি বর্ণের সাজানো উপায়

= $\frac{5}{2} [C সূত্র] = 5.4.3$

বরবর্ণের মধ্যে সাজানো যায় = $\frac{3}{2} (E সূত্র) = 3$.

∴ মোট সাজানো যায় = $60 \times 3 = 180$ বার।

৪. FREEDOM শব্দটির সবগুলো বর্ণ একত্রে নিয়ে কত প্রকারে সাজানো যায়? (কারা অধিদপ্তর-২০১৩)

- ক) $\frac{7}{2}$
- খ) $\frac{7}{5}$
- গ) $\frac{5}{2}$
- ঘ) $\frac{7}{2 \times 5}$

যুক্তি : FREEDOM শব্দটিতে মোট বর্ণ আছে 7টি এদের মধ্যে E

উত্তরপত্র : ১. ঘ) ২. ক) ৩. গ) ৪. ঘ) ৫. ঘ) ৬. ঘ) ৭. ঘ)

আছে 2টি ∴ সবগুলো বর্ণ নিয়ে বিন্যাস সংখ্যা = $\frac{7}{2}$

৫. ২০ সদস্যবিশিষ্ট একটি ফুটবল দল থেকে একজন অধিনায়ক ও একজন সহ-অধিনায়ক কতভাবে নির্বাচন করা যাবে? (২০০৩ বিসিএস)

- ক) ২০
- খ) ১৯০
- গ) ৩৮০
- ঘ) ৭৬০

ব্যাখ্যা : অধিনায়ক নির্বাচন করা যাবে ২০ ভাবে

এবং সহ অধিনায়ক নির্বাচন করা যাবে ১৯ ভাবে

∴ এই দুইজনকে নির্বাচন করা যাবে = $\frac{২০ \times ১৯}{২}$ ভাবে = ১৯০ ভাবে।

৬. ${}^r P_r = ?$ (আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ ২০০৭; (বাংলাদেশ সরকারি কর্ম-কমিশনের সহকারী পরিচালক ২০০৮)

- ক) $\frac{n}{n-r}$
- খ) $\frac{n}{r(n-r)}$
- গ) $\frac{x}{n-r}$
- ঘ) $\frac{n-1}{r}$

ব্যাখ্যা : ${}^r P_r$

= $\frac{r!}{n-r!}$ সূত্র ${}^n P_r = \frac{n!}{n-r!}$

${}^r P_r = \frac{r!}{n-r!}$

৭. AMERICA শব্দটির বর্ণগুলো থেকে প্রতিবারে ৩টি বর্ণ নিয়ে গঠিত ভিন্ন ভিন্ন শব্দ সংখ্যা কত হবে? (উপজেলা/থানা শিক্ষা অফিসার এটিও) ১৯৯১)

- ক) ১৩০
- খ) ১৩৫
- গ) ১৪০
- ঘ) ১৪৫

ব্যাখ্যা : যেহেতু AMERICA শব্দটিতে ৭টি বর্ণ রয়েছে, যার মধ্যে দুইটি A। একটি A বাদ দিয়ে ৬টি ভিন্ন বর্ণ দিয়ে প্রতিবারে ৩টি করে বর্ণ নিয়ে বিন্যাস সংখ্যা

${}^6 P_3 = 6 \times 5 \times 4 = 120$

আবার, দুইটি A কে ভিন্ন ভিন্ন পাঁচটি বর্ণের প্রতিটির সাথে নিলে ৩ বর্ণ শব্দ সংখ্যা

$$= 5 \times {}^4P_2 = 5 \times 12 = 60$$

$$\therefore \text{মোট শব্দ সংখ্যা} = 120 + 60 = 180$$

৮. ৫, ৯, ১, ৪ অঙ্কগুলি দ্বারা ৫,০০০ এর চেয়ে বড় কতগুলো সংখ্যা তৈরি করা যায়? (৯৯৫ স্বতন্ত্রভাবে ৩টি বহিঃস্থস্থান ও পাশাপাশি অধিকারের সহকারী পরিচালক ২০১১)

- (ক) ১২টি (খ) ৮টি
(গ) ১৮টি (ঘ) ১৬টি

ব্যাখ্যা : ৫, ৯, ১, ৪ এই চারটি অংশ দ্বারা ৫,০০০ এর চেয়ে বড় কোনো সংখ্যা তৈরি করতে হলে প্রথম স্থানে ৫ বা ৯ বসাতে হবে। ১ম স্থানটি ৫ ও ৯ দ্বারা $2P_1$ বা ২ প্রকারে পূরণ করা যায় বাকী তিনটি স্থান তিনটি অঙ্ক দ্বারা $3P_3$ বা ৬ প্রকারে পূরণ করা যায়।

$$\therefore \text{মোট বিন্যাস} = 2 \times 6 = 12$$

৯. রবিম তার চারটি চারাগাছের মধ্যে থেকে তিনটিকে এক সারিতে একটি পেলফ এর উপর সাজাতে চাইল। যদি প্রত্যেকটি চারা গাছ তিন তিন রঙের পায়ে থাকে, তবে সে চারাগাছগুলোকে কত বিভিন্ন উপায়ে সাজাতে পারবে? (EMBA:02)

- (ক) ৭ (খ) ১২
(গ) ২৪ (ঘ) ২৮ ৬. ৩৬

ব্যাখ্যা : চারটি চারাগাছ হতে তিনটি নিয়ে সাজানো যায় ${}^4P_3 = 4 \times 3 \times 2 = 24$ উপায়ে।

নির্বাচিত নৈর্যাত্তিক প্রশ্নোত্তর

১. ২, ৩, ৪, ৫, ৬, ৭ ও ৮ এই অঙ্কগুলোর প্রতিটি সংখ্যা একবার করে নিয়ে চার অঙ্কের কতগুলো পৃথক সংখ্যা গঠন করা যায়?

- (ক) ৪৪০ (খ) ৪৪০ (গ) ৪৫০ (ঘ) ৫৪০

ব্যাখ্যা : যেহেতু অঙ্কগুলো বিভিন্ন সাজানো ব্যবস্থায় বিভিন্ন হয়। অতএব, নির্ণেয় সংখ্যা ৭টি বিভিন্ন বস্তু ৪টিকে নিয়ে একবারে বিন্যাসের সংখ্যার সমান।

$$\text{নির্ণেয় সংখ্যা} = 7P_4 = 7 \times 6 \times 5 \times 4 = 840$$

২. স্বরবর্ণগুলোকে পাশাপাশি না রেখে triangle শব্দটির অক্ষরগুলো কত রকমে সাজানো যায়?

- (ক) ৩৫০০০ (খ) ৩৬০০০
(গ) ৩৫৬০০ (ঘ) ৩৬৪০০

ব্যাখ্যা : শব্দটিতে মোট তিন ৪টি অক্ষর যার ৩টি স্বরবর্ণ। সবগুলো একত্রে নিয়ে মোট, $8! = 8 \times 7 \times 6 \times 5 \times 4 \times 3 \times 2 \times 1 = 40320$ রকমে সাজানো যায়।

স্বরবর্ণগুলো পাশাপাশি রেখে, মোট $6! \times 3! = 720 \times 6 = 4320$ প্রকারে সাজানো যায়।

$$\therefore \text{স্বরবর্ণগুলো পাশাপাশি না রেখে মোট } (40320 - 4320) = 36000 \text{ প্রকারে সাজানো যায়।}$$

৩. EQUATION শব্দটির সবগুলো অক্ষর ব্যবহার করে কতটি শব্দ গঠন করা যেতে পারে?

- (ক) ৪০৩২০ (খ) ৩৯৩২০
(গ) ৪০৪২০ (ঘ) ৪০৫২০

ব্যাখ্যা : শব্দটিতে ৪টি তিন অক্ষর রয়েছে। এদেরকে একত্রে নিয়ে গঠিত বিভিন্ন শব্দের সংখ্যা

$$= 8P_4 = 8 \times 7 \times 6 \times 5 \times 4 \times 3 \times 2 \times 1 = 40320$$

৪. PERMUTATION শব্দটির Vowel গুলোর অবস্থান পরিবর্তন না করে কত প্রকারে সাজানো যায়?

- (ক) ৩৬০ (খ) ৩৫৯
(গ) ৩৫৫ (ঘ) ৩৬১

ব্যাখ্যা : শব্দটিতে Vowel = ৫টি, Consonant = ৬টি। এদের মধ্যে T আছে ২ বার

$$\therefore \frac{6!}{2!} = 360 \text{ উপায়ে গঠন করা যেতে পারে।}$$

অবার, PERMUTATION নিজেই একটি সাজানো সংখ্যা।

$$\therefore \text{নির্ণেয় সাজানো সংখ্যা} = (360 - 1) = 359$$

৫. ৭টি সবুজ, ৪টি নীল এবং ২টি লাল ফুটিকে একসারিতে কত প্রকারে সাজানো যায়?

- (ক) ২৪৭৪০ (খ) ২৪৪৪০
(গ) ২৫৭৪০ (ঘ) ২৫৭৩৫

ব্যাখ্যা : মোট ফুটি = $(7 + 4 + 2) = 13$

$$\therefore \text{সাজানো সংখ্যা} = \frac{13!}{7!4!2!} = 25740$$

৬. RAJSHAHI শব্দটির একত্রে বিন্যাস সংখ্যা কত?

- (ক) ১০০৪০ (খ) ১০০৭০
(গ) ১৯০৭০ (ঘ) ১০৩৪০

ব্যাখ্যা : শব্দটিতে A = ২টি, H = ২টি

$$\therefore \text{বিন্যাস সংখ্যা} = \frac{8!}{2!2!} = 10080$$

৭. বিভিন্ন কাজের জন্য ৩টি পুরস্কার ১০ জন বালকের মধ্যে কতভাবে বিতরণ করা যায়?

- (ক) ১০০ (খ) ১০০০
(গ) ১০০৯ (ঘ) ১০০৫

ব্যাখ্যা : যেহেতু পুরস্কার ৩ শ্রেণীর। অতএব ১ জনকে ৩ বার দিতে পারে।

$$\therefore 10 \text{ জনকে মোট } 10^3 = 1000 \text{ বার দিতে পারে।}$$

৮. ৩, ৪, ৫, ৩, ৪, ৫, ৬ অঙ্কগুলোর বিজোড় অঙ্কগুলো সর্বদাই বিজোড় স্থানে রেখে সাত অঙ্কের কতগুলো সংখ্যা গঠন করা যায়?

- (ক) ২১ (খ) ১৪
(গ) ১৯ (ঘ) ২০

ব্যাখ্যা : ৪টি বিজোড় অঙ্কের মধ্যে ২টি ৪ এবং ২টি ৫ আছে।

$$৪টি বিজোড় স্থানে ৪টি বিজোড় অঙ্ক দ্বারা \frac{4!}{2!2!} = 6 \text{ উপায়ে}$$

সাজানো যায়।

$$৩টি জোড় স্থানে ২টি জোড় অঙ্ক দ্বারা \frac{3!}{2!} = 3 \text{ উপায়ে}$$

সাজানো যায়।

$$\therefore \text{মোট গঠিত সংখ্যা} = 6 \times 3 = 18$$

৯. 12টি বাহু বিশিষ্ট একটি সমতল ক্ষেত্রের কৌণিক বিন্দুগুলোর সংযোগ রেখা দ্বারা কতগুলো ত্রিভুজ গঠন করা যায়?

- Ⓐ 120 Ⓢ 220
ⓐ 180 Ⓣ 210

ব্যাখ্যা : সমতলটি 12টি কৌণিক বিন্দুর থেকে 3টি রেখা দিয়ে একটি ত্রিভুজ আঁকা যায়।

$$\therefore \text{ত্রিভুজ সংখ্যা} = 12C_3 = \frac{12 \times 11 \times 10}{1 \times 2 \times 3} = 220$$

১০. 90টি উপন্যাসের মধ্যে 2টি বিশেষ উপন্যাস একত্রে নিয়ে কত প্রকারে সাজানো যায়?

- Ⓐ 80640 Ⓢ 60640
ⓐ 503238 Ⓣ 908170

ব্যাখ্যা : দুটি বিশেষ উপন্যাসকে নিয়ে মোট উপন্যাস পাওয়া যায় 8টি। 8টি উপন্যাসকে নিজেদের মধ্যে 8 আকারে সাজানো যায়।

আবার 2টি বিশেষ উপন্যাস নিজেদের মধ্যে 2 আকারে সাজানো যায়।

$$\therefore \text{মোট সাজানো সংখ্যা} = 8 \times 2 \\ = 40320 \times 2 \\ = 80640$$

১১. Degree শব্দটির অক্ষরগুলোর থেকে যেকোন একটি অক্ষর প্রতিবার নিয়ে কত প্রকারে বাছাই করা যায়?

- Ⓐ 8 Ⓢ 6 ⓐ 7 Ⓣ 5

ব্যাখ্যা : 4টি বর্ণই তিন এক্ষেত্রে, $4C_4 = 1$

2টি বর্ণ অতিন 2টি তিন, এক্ষেত্রে, $1 \times 3C_2 = 3$

3টি অতিন 1টি তিন, এক্ষেত্রে, $3C_3 \times 3C_1 = 3$

$$\therefore \text{মোট সংখ্যা} = (1 + 3 + 3) = 7$$

১২. একজন ব্যক্তির 12 জন বন্ধু আছে যাদের মধ্যে 8 জন আত্মীয়। তিনি কত প্রকারে 7 জন বন্ধুকে মাগরাত দিতে পারেন যাদের মধ্যে 5 জন আত্মীয় থাকবেন?

- Ⓐ 326 Ⓢ 336
ⓐ 333 Ⓣ 338

ব্যাখ্যা : 8 জন আত্মীয় হতে 5 জনকে $8C_5$ উপায়ে সাজানো যায়।

আবার, 4জন জনাত্মীয় হতে অপর $(7 - 5) = 2$ জনকে নিয়ে $4C_2$ উপায়ে সাজানো যায়।

$$\therefore \text{মোট সাজানো সংখ্যা} = 8C_5 \times 4C_2 = 336$$

১৩. LOGARITHMS শব্দটির বর্ণগুলো হতে 3টি Consonant ও 2টি Vowel কত প্রকারে বাছাই করা যায়?

- Ⓐ 109 Ⓢ 105 ⓐ 103 Ⓣ 107

ব্যাখ্যা : 7টি Consonant হতে 3টি করে বেছে নেওয়ার সংখ্যা $= 7C_3$

3টি Vowel হতে 2টি করে বেছে নেওয়ার সংখ্যা $= 3C_2$

$$\therefore \text{মোট বাছাই সংখ্যা} = 7C_3 \times 3C_2 = 105$$

১৪. 10টি জিনিসের মধ্যে 2টি এক জাতীয় এবং বাকিগুলো তিন তিন জিনিস। ঐ জিনিসগুলো হতে প্রতিবার 5টি করে নিয়ে কত প্রকারে বাছাই করা যায়?

- Ⓐ 180 Ⓢ 178
ⓐ 182 Ⓣ 183

ব্যাখ্যা : 10টির মধ্যে 2টি অভিন্ন তাহলে 9টি তিন তিন।

$$\therefore \text{মোট বাছাই সংখ্যা} = 2C_2 \times 8C_3 + 9C_3 = 182$$

১৫. 9 ব্যক্তির একটি দল 2টি মানবাহনে ভ্রমণ করবে। যার একটিতে 7 জনের বেশী এবং অন্যটিতে 4 জনের বেশী যাবে না। দলটি কত প্রকারে ভ্রমণ করবে?

- Ⓐ 246 Ⓢ 146
ⓐ 264 Ⓣ 144

ব্যাখ্যা : ভ্রমণ করার মোট উপায় হল

$$9C_7 + 9C_6 + 9C_5 = 9C_2 + 9C_3 + 9C_4 \\ = 36 + 84 + 126 = 246$$

১৬. THESIS শব্দটির অক্ষরগুলোর প্রতিবারে 4টি অক্ষর নিয়ে মোট কত প্রকারে সমাবেশ করা যায়?

- Ⓐ 12 Ⓢ 13
ⓐ 11 Ⓣ 14

ব্যাখ্যা : 4টি বর্ণই তিন এক্ষেত্রে, $5C_4 = 5$

2টি অতিন 2টি তিন এক্ষেত্রে $2C_2 \times 4C_2 = 6$

$$\therefore \text{মোট বাছাই সংখ্যা} = (5 + 6) = 11$$

১৭. 15জন খেলোয়াড়ের মধ্যে 11 জনকে নিয়ে একটি ক্রিকেট টিম গঠন করতে হবে। কিন্তু প্রথম সারির 8 ব্যাটসম্যানের মধ্যে অবশ্যই 5 জন কে নিয়ে কত প্রকারে টিম গঠন করা যাবে?

- Ⓐ 385 Ⓢ 401
ⓐ 392 Ⓣ 308

ব্যাখ্যা : নিম্নোক্ত উপায়ে টিম গঠন করা যাবে— $8C_5 \times 7C_6$

$$= 56 \times 7 = 392$$

১৮. 2 জন B.A শ্রেণীর ছাত্রকে পাশাপাশি না বসিয়ে 14 জন 1.A শ্রেণীর এবং 10 জন B.A শ্রেণীর ছাত্রকে কত রকমে একটি বাইনে সাজানো যায়?

- Ⓐ $15! \times 14P_{10}$ Ⓢ $14! \times 15P_{10}$
ⓐ 302 Ⓣ $15P_{10}$

ব্যাখ্যা : 14 জন 1.A শ্রেণীর ছাত্রদেরকে নিয়ে তাদের নিজেদের মধ্যে সাজানো সংখ্যা $= 14!$

$$\therefore \text{নির্ণয় সাজানো সংখ্যা} = 14! \times 15P_{10}$$

উত্তরপত্র :

৯. Ⓐ ১০. Ⓢ ১১. ⓐ ১২. Ⓢ ১৩. Ⓢ ১৪. Ⓢ ১৫. ⓐ ১৬. ⓐ ১৭. ⓐ ১৮. Ⓢ

সমাবেশ



তিনজন লোক M_1, M_2, M_3 এর মধ্যে থেকে দুইজন করে সাজানো যায় M_1M_2, M, M, M_2M_3 আবার তিনজনের সবাইকে নিয়ে দল গঠন করলে সম্ভাব্য দলটি হবে $M_1M_2M_3$ সম্ভাব্য দলগুলোর প্রত্যেকটিকে বলা হয় এক একটি সমাবেশ (Combination)। কতগুলো জিনিস থেকে কয়েকটি বা সবকয়টি একবারে নিয়ে যত প্রকারে নির্বাচন বা দল (ক্রম বর্জন করে) গঠন করা যায় তাদের প্রত্যেকটিকে এক একটি সমাবেশ বলা হয়।

n সংখ্যক বিভিন্ন জিনিস থেকে প্রত্যেকবার r সংখ্যক জিনিস নিয়ে প্রাপ্ত সমাবেশ সংখ্যাকে সংক্ষেপে সাধারণত nC_r বা, $c(n, r)$ দ্বারা প্রকাশ করা হয়।

$$\therefore {}^nC_r = \frac{n!}{r!(n-r)!}$$

সমাবেশ ও বিন্যাস সংখ্যার মধ্যে সম্পর্ক :

$${}^nP_r = {}^nC_r \times r!$$

$${}^nC_r = \frac{n!}{r!(n-r)!} = \frac{n!}{n!} = 1$$

সম্মূরক সমাবেশ :

$${}^nC_r = {}^nC_{n-r}$$

$$\text{যেমন, } 4C_1 = 4C_{4-1} = 4$$

$${}^nC_r + {}^nC_{r-1} = n + 1C_r$$

১. 12 জন ছাত্রের মধ্য থেকে 3টি কমিটি (প্রত্যেক কমিটিতে 4জন ছাত্র নিয়ে) গঠন করতে হবে। কত উপায়ে ঐ কমিটিগুলো গঠন করা যায়?

সমাধান :

12 জন ছাত্রের মধ্য থেকে 4 জন নিয়ে প্রথম কমিটি ${}^{12}C_4$ উপায়ে গঠন করা যায়। প্রথম কমিটি গঠন করার পর দ্বিতীয় কমিটি (12 - 4) জন বা 8 জন ছাত্রের মধ্য থেকে 8C_4 উপায়ে গঠন করা যায়। আবার প্রত্যেকটি প্রথম কমিটির প্রেক্ষিতে দ্বিতীয় কমিটির সংখ্যা 8C_4 । অতএব প্রথম ও দ্বিতীয় কমিটি ${}^{12}C_4 \times {}^8C_4$ উপায়ে গঠন করা যেতে পারে। ${}^{12}C_4 \times {}^8C_4$ উপায়ে প্রথম ও দ্বিতীয় কমিটি গঠনের একটি উপায়ে প্রেক্ষিতে অবশিষ্ট (12 - 8) জন বা 4 জন ছাত্রের মধ্য থেকে তৃতীয় কমিটি 4C_4 বা 1 উপায়ে গঠন করা যায়।

তিনটি কমিটি গঠনের মোট উপায় (Total number of ways) = ${}^{12}C_4 \times {}^8C_4 \times 1$
= $495 \times 70 \times 1 = 34650$.

২. 12টি বাহু বিশিষ্ট একটি সমতল ক্ষেত্রের কৌণিক বিন্দুগুলোর সংযোগ রেখা দ্বারা কতগুলো ত্রিভুজ গঠন করা যায়?

সমাধান :

সমতলটি 12টি কৌণিক বিন্দুর থেকে 3টি রেখা দিয়ে একটি ত্রিভুজ আঁকা যায়।

$$\therefore \text{ত্রিভুজ সংখ্যা} = {}^{12}C_3 = \frac{12 \times 11 \times 10}{1 \times 2 \times 3} = 220$$

৩. একজন ব্যক্তির 12 জন বন্ধু আছে যাদের মধ্যে 8 জন আত্মীয়। তিনি কত প্রকারে 7 জন বন্ধুকে দাপ্তরাত দিতে পারেন যাদের মধ্যে 5 জন আত্মীয় থাকবেন?

সমাধান :

8 জন আত্মীয় হতে 5 জনকে 8C_5 উপায়ে সাজানো যায়।

আবার, 4 জন অনাত্মীয় হতে আরও (7 - 5) = 2 জনকে নিয়ে 4C_2 উপায়ে সাজানো যায়।

$$\therefore \text{মোট সাজানো সংখ্যা} = {}^8C_5 \times {}^4C_2 = 336$$

৪. LOGARITHMS শব্দটির বর্ণগুলো হতে 3টি Consonant ও 2টি Vowel কত প্রকারে বাছাই করা যায়?

সমাধান :

৪টি Consonant হতে 3টি করে বেছে নেওয়ার সংখ্যা = 4C_3

3টি Vowel হতে 2টি করে বেছে নেওয়ার সংখ্যা = 3C_2

$$\therefore \text{মোট বাছাই সংখ্যা} = {}^4C_3 \times {}^3C_2 = 105$$

পিএসসি ও বিভিন্ন সংস্থা কর্তৃক গৃহীত পরীক্ষার প্রশ্ন

১. ১৪ জন খেলোয়াড়ের মধ্য থেকে নির্দিষ্ট একজন অধিনায়কসহ ১১ জনের একটি ক্রিকেট দল কতভাবে বাছাই করা যাবে? (৩৫তম বিনিএস)

- (ক) ৭২৮ (খ) ২৮৬ (গ) ৩৬৪ (ঘ) ১০০১

সূত্র: ${}^{14-1}C_{11-1} = {}^{13}C_{10}$

$$= \frac{13!}{3! \times 10!}$$

$$= \frac{13 \times 12 \times 11 \times 10!}{3 \times 2 \times 1 \times 10!}$$

$$= \frac{13 \times 12 \times 11}{6} = 286$$

২. একজন পরীক্ষার্থীকে ১৪টি প্রশ্নের মধ্যে ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। তাকে প্রথম ৫টি থেকে অবশ্যই ৪টি বাছাই করতে হবে। সে কত প্রকারে প্রশ্নগুলো বাছাই করতে পারে? (মান: সংস্কৃতি শিক্ষা অধিদপ্তর পরীক্ষা-১১১৯)

- (ক) ১০২ (খ) ১০৫ (গ) ১০৮ (ঘ) ১৮০

ব্যাখ্যা: এখানে প্রশ্ন বাছাইয়ের সংখ্যা হবে = ${}^5C_4 \times {}^9C_2$
 $= 5 \times 21 = 105$

৩. ${}^{2n}C_r = {}^{2n}C_{r+2}$ হলে r-এর মান কত? (পরিবেশ অধিদপ্তর সহ-পরিচালক (কারিগরি), সহ-পরিচালক(স্বাস্থ্য) ও বিলাস অফিসার ২০১৭)

- (ক) $2n-1$ (খ) n (গ) n+1 (ঘ) n-1

ব্যাখ্যা: ${}^{2n}C_r = {}^{2n}C_{r+2}$

$$\text{বা, } \frac{2n!}{r!(2n-r)!} = \frac{2n!}{(r+2)!(2n-r-2)!}$$

$$\text{বা, } \frac{1}{r!(2n-r)!} = \frac{1}{(r+2)!(2n-r-2)!}$$

$$\text{বা, } \frac{1}{r!(2n-r)(2n-r-1)(2n-r-2)!} = \frac{1}{(r+2)(r+1)r!(2n-r-2)!}$$

$$\text{বা, } \frac{1}{(2n-r)(2n-r-1)} = \frac{1}{(r+2)(r+1)}$$

$$\text{বা, } (r+2)(r+1) = (2n-r)(2n-r-1)$$

$$\text{বা, } r^2 + 3r + 2 = (2n-r)^2 - (2n-r)$$

$$\text{বা, } r^2 + 3r + 2 = 4n^2 - 4nr + r^2 - 2n + r$$

$$\text{বা, } 4nr + 2r = 4n^2 - 2n - 2$$

$$\text{বা, } 2r(2n+1) = 2(2n^2 - n - 1)$$

$$\text{বা, } r = \frac{2n^2 - n - 1}{2n+1} = \frac{(2n+1)(n-1)}{2n+1} = n-1$$

∴ r = n-1

৪. ১০ জন বালক ও ৪ জন বালিকা ২ জন বালক ও ২ জন বালিকা কত উপায়ে বেছে নেয়া যায়? (সমাজসেবা অধিদপ্তর সহ-অধিনায়ক সার্কেল ২০০৫; বিলাস অফিস কর্তৃক ১৯৯৬)

- (ক) ৭৩ (খ) ১২৬০ (গ) ৩০৬০ (ঘ) ৫০৬০

ব্যাখ্যা: ১০ জন বালক হতে প্রতিবার ২ জন বালক বেছে নেয়া যায়,

$${}^{10}C_2 = \frac{10!}{2!8!} = 45 \text{ উপায়ে}$$

৪ জন বালিকা হতে প্রতিবার ২ জন বালিকা বেছে নেয়া

$$\text{যায়, } {}^8C_2 = \frac{8!}{2!6!} = 28 \text{ উপায়ে}$$

∴ মোট বেছে নেয়া যায় $45 \times 28 = 1260$ উপায়ে।

৫. ৫ জন ব্যক্তি হতে ৩ সদস্যের একটি কমিটি কত বিভিন্ন উপায়ে বেছে নেয়া যায় যাতে একজন নির্দিষ্ট ব্যক্তি সবসময় উক্ত কমিটিতে থাকবে? (IBA: ৭৪-৭৫)

- (ক) ৪ (খ) ৫ (গ) ৮ (ঘ) কোনোটিই নয়

ব্যাখ্যা: যেহেতু একজন ব্যক্তি সবসময় কমিটিতে থাকবেন, সেহেতু অবশিষ্ট ৪ জন ব্যক্তি হতে কমিটির অপর দুই সদস্য বেছে নিতে হবে।

অপর দুই সদস্য বেছে নেওয়া যায় ${}^4C_2 = \frac{4 \times 3}{1 \times 2} = 6$ জাবে।

৬. একটি দাবা প্রতিযোগিতায় ৬ জন প্রতিযোগী একে অপরের সাথে ১ বার করে খেলবে। প্রতিযোগিতায় মোট কতটি খেলা অনুষ্ঠিত হবে? (IBA: ৭৪-৭৫)

- (ক) ১২ (খ) ১৫ (গ) ৩০ (ঘ) ১৮

ব্যাখ্যা: একবার খেলার জন্য দুই জন প্রতিযোগী প্রয়োজন।

৬ জন প্রতিযোগীর মধ্যে মোট খেলা ${}^6C_2 = \frac{6 \times 5}{1 \times 2} = 15$ ।

৭. ৪ জন মহিলা এবং ৬ জন পুরুষ হতে ৪ সদস্যের একটি সাব-কমিটি কত বিভিন্ন উপায়ে গঠন করা যায় যাতে একজন নির্দিষ্ট পুরুষ সবসময় উক্ত সাব-কমিটিতে থাকবে? (স্বাস্থী ব্যাংক-০০১)

ব্যাখ্যা: যেহেতু একজন ব্যক্তি সবসময় সাব-কমিটিতে থাকবেন, সেহেতু অবশিষ্ট ৫ জন পুরুষ এবং ৪ জন মহিলা অর্থাৎ ৯ জন ব্যক্তি হতে অপর (৪-১) = ৩ সদস্য বেছে নিতে হবে।

অপর ৩ সদস্য বেছে নেওয়া যায় ${}^9C_3 = \frac{9 \times 8 \times 7}{1 \times 2 \times 3} = 84$ জন।

৮. ৬ জন বালক ও ৪ জন বালিকা হতে ৫ জনকে কতভাবে ভর্তির জন্য নির্বাচিত করা যাবে, যাতে ভর্তিকৃতদের মধ্যে সর্বদা শুধুমাত্র ২ জন বালিকা থাকে? (সেনাকী, মনসা ও অর্থী ব্যাংক অফিসার :০৬/EMA (DU)-০৭)

- (ক) ৬০ (খ) ৩০ (গ) ৯০ (ঘ) ১২০ (ঙ) ১৫

ব্যাখ্যা: ভর্তিকৃতদের মধ্যে বালকের সংখ্যা = (৫ - ২) = ৩ জন।

৬ জন বালক হতে ৩ জন বালককে নির্বাচিত করা যায় = ${}^6C_3 = \frac{6 \times 5 \times 4}{1 \times 2 \times 3} = 20$ জাবে।

উত্তরপত্র: ১. (ঘ) ২. (খ) ৩. (ঘ) ৪. (ঘ) ৫. (গ) ৬. (ঘ) ৭. (ঘ) ৮. (ঘ)

৪ জন বালিকা হতে ২ জন বালিকাকে নির্বাচিত করা যায় =

$${}^4C_2 = \frac{4 \times 3}{1 \times 2} = 6 \text{ ভাবে।}$$

সর্বমোট উপায় = (20×6) ভাবে = ১২০ ভাবে।

৯. ১০ জন বালক ও ৮ জন বালিকা থেকে ২ জন বালক ও ২ জন বালিকা রুত বিভিন্ন উপায়ে বেছে নেয়া যায়? [সমস্যাভিত্তিক প্রশ্ন]
সমস্যাভিত্তিক প্রশ্নের সমাধানের সময় সমস্যাভিত্তিক প্রশ্নের - ০৫; হিসাবরক্ষণ কর্মকর্তা - ১৯।

- (ক) ৭৩ (খ) ১২৬০
(গ) ৩০৬০ (ঘ) ৫০৬০

ব্যাখ্যা : ১০ জন বালক হতে প্রতিবার ২ জন বালক বেছে নেয়া যায়।

$${}^{10}C_2 = \frac{10 \times 9}{1 \times 2} = 45 \text{ উপায়ে।}$$

৮ জন বালিকা হতে প্রতিবার ২ জন বালিকা বেছে নেয়া যায়,

$${}^8C_2 = \frac{8 \times 7}{1 \times 2} = 28 \text{ উপায়ে।}$$

মোট বেছে নেয়া যায় = $45 \times 28 = 1260$ উপায়ে।

১০. একজন শিক্ষার্থীকে ১২টি প্রশ্ন থেকে ৬টি প্রশ্নের উত্তর করতে হবে। প্রথম ৫টি থেকে ঠিক ৪টি প্রশ্ন বাছাই করে কত প্রকারে ৬টি প্রশ্ন উত্তর করা যাবে?

- (ক) ১০০ (খ) ১০৫
(গ) ১১০ (ঘ) ২২০

ব্যাখ্যা : পরীক্ষার্থীকে প্রথম ৫টি থেকে ৪টি এবং অবশিষ্ট (১২-৫)=৭টি থেকে ২টি প্রশ্ন বাছাই করে উত্তর করতে হবে।

প্রথম ৫টি প্রশ্ন থেকে ৪টি বাছাই করা যায়, ${}^5C_4 = 5$ উপায়ে,

৭টি থেকে ২টি বাছাই করা যায় ${}^7C_2 = \frac{7 \times 6}{1 \times 2} = 21$ উপায়ে।

মোট প্রশ্ন বাছাই করা যায় = $5 \times 21 = 105$ উপায়ে।

১১. ৩৬টি একই ধরনের চেয়ার কত বিভিন্ন উপায়ে সাজানো যায় যাতে প্রতিসারিতে কমপক্ষে ৩টি চেয়ার থাকে এবং সারির সংখ্যা কমপক্ষে ৩ হয়। উল্লেখ্য প্রতিসারিতে চেয়ারের সংখ্যা সমান? [IBA:93]

- (ক) ২ (খ) ৪
(গ) ৫ (ঘ) ৬
(ঙ) ১০

ব্যাখ্যা :

মোট চেয়ার = সারির সংখ্যা \times প্রতি সারিতে চেয়ারের সংখ্যা

$$36 = 3 \times 12$$

$$36 = 5 \times 9$$

$$36 = 6 \times 6$$

$$36 = 9 \times 4$$

$$36 = 12 \times 3$$

৫ উপায়ে সাজানো যায়।

উত্তরপত্র : ৯. (খ) ১০. (খ) ১১. (গ)



পরিসংখ্যান ও সম্ভাব্যতা



পরিসংখ্যান



পরিসংখ্যান : স্ট্যাটাস শব্দ Status বা ইতালিয় শব্দ Statista বা জার্মান শব্দ Statistik থেকে ইংরেজি Statistics শব্দের উৎপত্তি। Statistics শব্দের বাংলা পরিভাষা হচ্ছে পরিসংখ্যান যার অর্থ সংখ্যাত্মক তথ্য বা সংখ্যা নিয়ে গবেষণার বিজ্ঞান। প্রথম অর্থে অর্থাৎ সংখ্যাত্মক তথ্য অর্থে পরিসংখ্যান বলতে কোন ঘটনা বা বিষয়ের সংখ্যাত্মক পরিমাপ বা তথ্যকে বুঝায়। যেমন, জনসংখ্যা, প্রবাসী, মজুরি ইত্যাদি বৈশিষ্ট্যের সংখ্যাত্মক তথ্য দ্বারা এদের পরিসংখ্যান বুঝানো হয়। এরূপ কোন নির্দিষ্ট বৈশিষ্ট্য বা বিষয়ের সংখ্যাসূচক উপাত্তকে ঐ ঘটনার পরিসংখ্যান বলে।

দ্বিতীয় অর্থে অর্থাৎ সংখ্যাত্মক পদ্ধতি অর্থে পরিসংখ্যানকে নিয়মতান্ত্রিক উপায়ে সংখ্যাত্মক পদ্ধতি অর্থে পরিসংখ্যানকে নিয়মতান্ত্রিক উপায়ে সংখ্যাত্মক তথ্য সঞ্চয়, সংজ্ঞাবদ্ধকরণ, উপস্থাপন, ব্যাখ্যা ও বিশ্লেষণের বিজ্ঞান বলা হয়। অর্থাৎ পরিসংখ্যান এমন একটি বিজ্ঞান যার সাহায্যে সংখ্যা বিশ্লেষণ করে তথ্য উদ্ঘাটন করা হয়।

পরিসংখ্যানের প্রাথমিক ধারণা

পরিসংখ্যান হচ্ছে তথ্য বিষয়ক বিজ্ঞান। কোনো কোনো পরিসংখ্যানবিদ পরিসংখ্যানকে সংখ্যাত্মক তথ্য বিজ্ঞান হিসেবে সংজ্ঞায়িত করেছেন। প্রথম অর্থে পরিসংখ্যান বলতে কোনো ঘটনা বা বিষয়ের সংখ্যাত্মক পরিমাপ অর্থাৎ তথ্য বোঝায়। যেমন, জনসংখ্যা বিষয়ক জনসংখ্যা, প্রবাসী, মজুরি ইত্যাদি বৈশিষ্ট্য সংখ্যাত্মক তথ্য দ্বারা এদের পরিসংখ্যান বোঝান হয়। এরূপ কোনো নির্দিষ্ট বৈশিষ্ট্য বা বিষয়ের সংখ্যা সূচককে ঐ ঘটনার পরিসংখ্যান বলে। সংখ্যার মাধ্যমে প্রকাশিত তথ্যকে উপাত্ত (ডাটা) বলে।

পরিসংখ্যান নিয়মতান্ত্রিকভাবে তথ্য সঞ্চয়, সংঘবদ্ধকরণ, উপস্থাপন ও বিশ্লেষণ বোঝায়।

পরিসংখ্যানের উদ্দেশ্য :

বিভিন্ন সামাজিক, অর্থনৈতিক ও বাণিজ্যিক প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা সক্রমে পরিকল্পনা গ্রহণে সাহায্য করে। এতে জনসংখ্যা, আমদানি-রপ্তানি, উৎপাদন, মজুরি, আদায়শুলক, কৃষিশুলক, জনসংখ্যার ব্যবস্থা, ইত্যাদি নির্দিষ্ট বিষয়ে আলোচনা করা হয়।

পরিসংখ্যানের উপাত্ত : উপাত্ত দুইভাবে সংগৃহীত হয়। সাধারণত এগোমেসোভাবে সংগৃহীত উপাত্তকে অবিন্যস্ত উপাত্ত বলে। কোনো স্থানের দৈনিক সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা বা বৃষ্টিপাতের পরিমাণ কয়েকদিনের সংগ্রহ করলে, এটা অবিন্যস্তভাবে সংগৃহীত উপাত্ত হবে।

এভাবে সংগৃহীত উপাত্ত সুষ্ঠুভাবে উপস্থাপনার জন্য সাধারণত তাদের সুবিধাজনকভাবে শ্রেণিবিন্যাস করা হয়। শ্রেণিবিন্যাসের সাহায্যে প্রাপ্ত উপাত্তকে বিন্যস্ত উপাত্ত বলে।

অবিন্যস্ত উপাত্ত ও বিন্যস্ত উপাত্ত

নিচের উদাহরণ দ্বারা অবিন্যস্ত উপাত্ত ও বিন্যস্ত উপাত্তের শ্রেণিবিন্যাস সন্মুখে ধারণা দেওয়া হল।

৫০ জন ছাত্রের বার্ষিক পরীক্ষায় গণিত বিষয়ে প্রাপ্ত নম্বর (রোল নম্বর অনুযায়ী প্রদত্ত):

৭	১৮	৩৭	৫৩	২৪	৩৯	৪১	২৩	৬৪	৬৭	৬৬	৫০	৯৩
৪৩	১১	২৭	৬৮	৭২	১৯	১২	২১	১৯	৩২	৭৫	৫২	৮৪
১৫	১১	২৩	১৯	৫২	২৯	৯২	৭৯	৪৫	৮১	৬৩	৩৬	২১
৩৩	৫৩	৮	৪১	১৪	২৬	৩৩	৪৯	৪০	১৯			

এভাবে প্রাপ্ত নম্বর হল অবিন্যস্ত উপাত্ত

১ থেকে ১০০ পর্যন্ত নম্বরকে ১০টি শ্রেণিতে ভাগ করলে শ্রেণিসূচী হবে, ১ - ১০, ১১ - ২০, ২১ - ৩০, ৩১ - ৪০, ৪১ - ৫০, ৫১ - ৬০, ৬১ - ৭০, ৭১ - ৮০, ৮১ - ৯০, ৯১ - ১০০। এ ৫০ জন ছাত্রের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রতি শ্রেণিতে কয়জন ছাত্র শ্রেণিকৃত নম্বর পেয়েছে, তা জানা যায়। শ্রেণিকৃত ছাত্রসংখ্যাকে ঘটন সংখ্যা বলে।

সারণি-১

নম্বরের শ্রেণিবিভাগ	ছাত্রসংখ্যা
১ - ১০	২
১১ - ২০	১০
২১ - ৩০	৯
৩১ - ৪০	৭
৪১ - ৫০	৬
৫১ - ৬০	৪
৬১ - ৭০	৫
৭১ - ৮০	৩
৮১ - ৯০	২
৯১ - ১০০	২
	মোট = ৫০

এভাবে নম্বরের শ্রেণিবিভাগসহ প্রতি শ্রেণিতে প্রাপ্ত ছাত্রসংখ্যা দ্বারা গঠিত সারণিই বিন্যস্ত উপাত্ত।

চলক : পরিসংখ্যানের উপাত্তে ব্যাবহৃত সংখ্যা সমূহকে চলক বলে।
 বিচ্ছিন্ন ও অবিচ্ছিন্ন চলক : যে চলকের মান শুধুমাত্র পূর্ণ সংখ্যা হয় তাকে বিচ্ছিন্ন বলে আর সে সব চলকের মান যে কোনো বাস্তব সংখ্যা হতে পারে তাকে অবিচ্ছিন্ন চলক বলে।
 কেন্দ্রীয় প্রবণতা : উপাত্ত সমূহ বিশ্লেষণ করলে দেখা যায় উপাত্তের মান ওলোর মধ্যে একটি মানের কাছাকাছি মান বেশি থাকে। এই মানটির মানকে উপাত্তের কেন্দ্রীয় মান বলে। বহুত উপাত্ত সমূহের কেন্দ্রীয় মানের দিকে পুঞ্জীভূত হওয়ার এই প্রবণতাকে কেন্দ্রীয় প্রবণতা বলে।
 কেন্দ্রীয় প্রবণতার পরিমাপগুলো হলো -

১. গড়
 - (i) গাণিতিক গড়
 - (ii) জ্যামিতিক গড়
 - (iii) তরঙ্গ গড়
২. মধ্যক
৩. প্রচুরক

অবিন্যাসকৃত নম্বরগুলোর গড়

$$\text{প্রাপ্ত নম্বরের গড়} = \frac{\text{নম্বরগুলোর সমষ্টি}}{\text{ছাত্রসংখ্যা}} = \frac{২০২৭}{৫০} = ৪০.৫৪$$

এটি অবিন্যাসকৃত নম্বরগুলোর গড়।

শ্রেণিবিন্যাসকৃত নম্বরগুলোর গড়

শ্রেণিবিন্যাসকৃত নম্বরগুলোর গড় নির্ণয় করতে হলে প্রথমে শ্রেণির মধ্যবিন্দু বের করতে হবে। প্রত্যেক শ্রেণির ঘটন সংখ্যা ঐ শ্রেণির মধ্যবিন্দুর পুনরাবৃত্তি সংখ্যা বোঝায়। প্রত্যেক শ্রেণির মধ্যবিন্দু বের করে সর্বশ্রেষ্ঠ শ্রেণির ঘটন সংখ্যা দিয়ে গুণ করতে হবে। এসব গুণফলের সমষ্টিকে উপাত্তের মোট সংখ্যা দিয়ে ভাগ করলে বিন্যাসকৃত নম্বরগুলোর গড় পাওয়া যাবে।

সারণি-৩

নম্বরের শ্রেণি	শ্রেণির মধ্যবিন্দু	ঘটন সংখ্যা	শ্রেণির মধ্যবিন্দু × ঘটন সংখ্যা
৪ - ৮	৬	২	১২
৯ - ১৩	১১	৩	৩৩
১৪ - ১৮	১৬	৩	৪৮
১৯ - ২৩	২১	৮	১৬৮
২৪ - ২৮	২৬	৪	১০৪
২৯ - ৩৩	৩১	৪	১২৪
৩৪ - ৩৮	৩৬	২	৭২
৩৯ - ৪৩	৪১	৫	২০৫
৪৪ - ৪৮	৪৬	১	৪৬
৪৯ - ৫৩	৫১	৬	৩০৬
৫৪ - ৫৮	৫৬	০	০
৫৯ - ৬৩	৬১	১	৬১
৬৪ - ৬৮	৬৬	৪	২৬৪
৬৯ - ৭৩	৭১	১	৭১

৭৪ - ৭৮	৭৬	১	৭৬
৭৯ - ৮৩	৮১	২	১৬২
৮৪ - ৮৮	৮৬	১	৮৬
৮৯ - ৯৩	৯১	২	১৮২
		মোট = ৫০	২০২০

$$\text{অতএব, শ্রেণিবিন্যাসকৃত নম্বরগুলোর গড়} = \frac{২০২০}{৫০} = ৪০.৪$$

শ্রেণিবিন্যাসকৃত উপাত্তের গড় =

শ্রেণির মধ্যবিন্দু ও ঘটনা সংখ্যার গুণফলগুলোর সমষ্টি
 ঘটন সংখ্যাগুলোর সমষ্টি

শ্রেণিবিন্যাসকৃত উপাত্তের গড় নির্ণয়ের সহজ পদ্ধতি

গড়ের অবস্থান কোন শ্রেণিতে তা অনুমান করে ধরে নেওয়া হয়।
 সারণি- ৪ এ গড় ৫১ - ৬০ শ্রেণিতে ধরে নেওয়া হল। এ শ্রেণিতে প্রায় মাঝামাঝি স্থানে অবস্থিত। সারণিতে একটি আলাদা স্তম্ভ করে এই শ্রেণির ডানে এই নতুন স্তম্ভে ০ লিখতে হবে। এরপর ঐ শ্রেণির মাঝ থেকে নিম্নতর শ্রেণিগুলোর ডানে স্তম্ভে ক্রমান্বয়ে - ১, - ২, - ৩, লিখতে হবে এবং ঐ শ্রেণি থেকে মানের দিক দিয়ে উচ্চতর শ্রেণিগুলোর ডানে নতুন স্তম্ভে ক্রমান্বয়ে ১, ২, ৩, লিখতে হবে। এই সংখ্যাগুলোকে বিচ্যুতি সংখ্যা বলে। তারপর প্রত্যেক শ্রেণির ঘটন সংখ্যাকে সর্বশ্রেষ্ঠ বিচ্যুতি সংখ্যা দিয়ে গুণ করতে হবে। এরপর এভাবে প্রাপ্ত গুণফলের সমষ্টি বের করতে হবে। এই সমষ্টিকে ঘটন সংখ্যার সমষ্টি দিয়ে ভাগ করে শ্রেণি বিস্তার দ্বারা গড় নির্ণয় করতে হবে। এভাবে প্রাপ্ত গুণফলটি অনুমানকৃত শ্রেণির মধ্যবিন্দুর সাথে যোগ করতে হবে। একটি পড় হবে।

সারণি-৫

শ্রেণিবিভাগ	শ্রেণির মধ্যবিন্দু	ঘটন সংখ্যা	বিচ্যুতি সংখ্যা	ঘটন সংখ্যা × বিচ্যুতি সংখ্যা
১-১০	৫.৫	২	-৫	-১০
১১-২০	১৫.৫	১০	-৪	-৪০
২১-৩০	২৫.৫	৯	-৩	-২৭
৩১-৪০	৩৫.৫	৭	-২	-১৪
৪১-৫০	৪৫.৫	৬	-১	-৬
৫১-৬০	৫৫.৫	৪	০	০
৬১-৭০	৬৫.৫	৫	১	৫
৭১-৮০	৭৫.৫	৩	২	৬
৮১-৯০	৮৫.৫	২	৩	৬
৯১-১০০	৯৫.৫	২	৪	৮
		মোট=৫০		সমষ্টি = -৭২

এখানে, শ্রেণি বিস্তার = ১০

অতএব, গড় = অনুমিত শ্রেণির মধ্যবিন্দু +

$\frac{\text{ঘটন সংখ্যা} \times \text{বিচ্যুতি সংখ্যা}}{\text{মোট ঘটন সংখ্যা}} \times \text{শ্রেণি বিস্তার}$

$$= ৫৫.৫ + \frac{-৭২}{৫০} \times ১০ = ৫৫.৫ - ১৪.৪ = ৪১.১।$$

শ্রেণিবিন্যাসকৃত উপাত্তের গড়

= অনুমিত শ্রেণির মধ্যবিন্দু =

$\frac{\Sigma(\text{ঘটন সংখ্যা} \times \text{বিচ্যুতি সংখ্যা})}{\text{মোট ঘটন সংখ্যা}} \times \text{শ্রেণি বিস্তার}$

মন্তব্য : (ক) এটি সারণি - ৪ থেকে প্রাপ্ত গড় এর সমান।

(খ) গড় যেকোনো শ্রেণিতে অবস্থিত বলে ধরা হোক না কেন একই সারণি থেকে গড় এর মান একই পাওয়া যাবে।

(গ) সমষ্টিতে 'Σ' চিহ্ন দ্বারা প্রকাশ করা হয়।

উদাহরণ : ১। কোনো শ্রেণির ৫০ জন ছাত্রের বার্ষিক পরীক্ষায় গণিত বিষয়ে প্রাপ্ত নম্বর নিচে দেওয়া হল :

৬৮, ৮৭, ৮১, ৭২, ৬৫, ৬৯, ৭৩, ৮৪, ৭৩, ৪৮, ৫৬, ৭২, ৬২, ৯৩, ৭৩, ৮৩, ৭৫, ৫৬, ৫৮, ৮৭, ৯৭, ৮১, ৫১, ৬১, ৫৩, ৭২, ৬২, ৭৯, ৮৮, ৪৭, ৭৮, ৬৭, ৪২, ৭৯, ৭০, ৫৮, ৭১, ৬৭, ৮০, ৭৮, ৮৫, ৬৬, ৭৬, ৪৫, ৬৬, ৯১, ৭৭, ৬৪, ৭১, ৭৪।

(ক) গড় নম্বর কত? (খ) উপাত্তগুলোর শ্রেণিবিন্যাস করে গড় নির্ণয় কর।

সমাধান : (ক) প্রদত্ত নম্বরগুলোর যোগফল = ৩৫৪০

এবং নম্বরগুলোর সংখ্যা = ৫০

$$\therefore \text{নির্ণেয় গড়} = \frac{৩৫৪০}{৫০} = ৭০.৮।$$

(খ) প্রদত্ত নম্বরগুলোর সর্বনিম্ন হল ৪২ এবং সর্বোচ্চ নম্বর হল ৯৭। অতএব, ৪০ নম্বর থেকে শুরু করে শ্রেণি বিস্তার ৫ নম্বর ধরে শ্রেণি গঠন করা হল। ট্যালি চিহ্ন দ্বারা নম্বরগুলোকে শ্রেণিভুক্ত করা হল।

শ্রেণিবিভাগ	ট্যালি	ঘটন সংখ্যা	বিচ্যুতি সংখ্যা	ঘটন সংখ্যা × বিচ্যুতি সংখ্যা
৪০-৪৪		১	-৬	-৬
৪৫-৪৯		৩	-৫	-১৫
৫০-৫৪		২	-৪	-৮
৫৫-৫৯		৪	-৩	-১২
৬০-৬৪		৪	-২	-৮
৬৫-৬৯		৬	-১	-৬
৭০-৭৪		১০	০	০
৭৫-৭৯		৮	১	৮

৪০-৪৪		৫	২	১০
৪৫-৪৯		৪	৩	১২
৫০-৫৪		২	৪	৮
৫৫-৫৯		১	৫	৫
		মোট=৫০		সমষ্টি= -১২

মনে করি, গড়টি ৭০ - ৭৪ শ্রেণিতে আছে। এই শ্রেণিটির মধ্যবিন্দু ৭২।

\therefore " " " " ক্ষেত্রফল = $78 \times 28 = 2184$ বর্গমিটার

\therefore রাস্তার ক্ষেত্রফল = $(2400 - 2184) = 216$ বর্গমিটার

১৯. একটি বর্গক্ষেত্রের আয়তন ৪০০ বর্গফুট। এর একটি বাহু থেকে ২ গজ কমিয়ে দিলে আয়তন কত হবে? (গণনা পরিচালক/সিনিয়র পরীক্ষা-১৯৯৯)

- ক) ১৯৬ বর্গফুট
- খ) ২৫৬ বর্গফুট
- গ) ২৮৯ বর্গফুট
- ঘ) ৩২৪ বর্গফুট

ব্যাখ্যা : বর্গক্ষেত্রের এক বাহু = $\sqrt{800} = 28.28$ ফুট

বর্গক্ষেত্রের বাহু হতে ২ গজ = $0.9 \times 2 = 1.8$ ফুট কমালে এক

বাহুর দৈর্ঘ্য হবে = $(28.28 - 1.8) = 26.48$ ফুট

নির্ধারিত আয়তন = $26.48 \times 28.28 = 748.8$ বর্গফুট

২০. একটি চতুর্ভুজের দৈর্ঘ্য ৮ মিটার এবং প্রস্থ ৬ মিটার, চতুর্ভুজটির পরিসীমা কত? (বিভাগীয় সেকেন্ডারী এডুকেশন অফিসার পরীক্ষা-১৯৯৯)

- ক) ১৪ মিটার
- খ) ২২ মিটার
- গ) ২৮ মিটার
- ঘ) ৪৮ মিটার

ব্যাখ্যা : চতুর্ভুজটির পরিসীমা = $2 \times (৮ + ৬) = 28$ মিটার

২১. একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ১০০ বর্গমিটার। এই ক্ষেত্রের প্রতিটি বাহু ১০% বৃদ্ধি করা হলে ক্ষেত্রফল শতকরা কত ভাগ বৃদ্ধি পাবে? (কোরা তত্ত্বাবধায়ক (ব-রাষ্ট্র মহাপরিচালক) গবেষণা-২০১০)

- ক) ১০০%
- খ) ২০%
- গ) ১০%
- ঘ) ২১%

শর্ট টেকনিক :

$$(L + W + \frac{LW}{100})\%$$

$$= \left(10 + 10 + \frac{10 \times 10}{100} \right)\%$$

$$= (20 + 1)\% = 21\% \text{ বৃদ্ধি পাবে।}$$

ব্যাখ্যা : ধরি, বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য = a

$$\text{ক্ষেত্রফল} = a^2$$

$$\text{প্রশ্নমতে, } a^2 = 100 \therefore a = 10$$

$$\text{ক্ষেত্রফল বৃদ্ধি} = \left(a + a \text{ এর } \frac{10}{100} \right) \text{ বর্গ মিটার।}$$

$$= \left(10 + 10 \text{ এর } \frac{10}{100} \right)$$

$$= 10 + 1 = 11$$

$$\therefore \text{পরিবর্তিত ক্ষেত্রফল} = (11)^2 = 121$$

$$\therefore \text{ক্ষেত্রফল শতকরা বৃদ্ধি} = (121 - 100) = 21\%$$

২২. কোন বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ১০ একর হলে এর এক বাহুর দৈর্ঘ্য কত? বিসিএস-এর সিভিল সার্ভিসের পরীক্ষা-১৯৯৮/

$$\text{ক) } 2.20 \text{ গজ}$$

$$\text{গ) } 2.60 \text{ গজ}$$

$$\text{খ) } 1.26 \text{ গজ}$$

$$\text{ঘ) } 1.00 \text{ গজ}$$

ব্যাখ্যা : বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ১০ একর = 10×8880 বর্গগজ = 88800 বর্গগজ

$$\therefore \text{বর্গক্ষেত্রের একবাহু} = \sqrt{88800} = 298 \text{ গজ}$$

২৩. যদি কোন আয়তক্ষেত্রের প্রস্থ ৪ মিটার হয় এবং ক্ষেত্রফল ২৪ মিটার পরিসীমাবিশিষ্ট বর্গের ক্ষেত্রফলের সমান হয়, তবে আয়তক্ষেত্রের পরিসীমা কত হবে? বিসিএস-এর সিভিল সার্ভিসের পরীক্ষা-১৯৯৮/

$$\text{ক) } 20 \text{ মিটার}$$

$$\text{গ) } 16 \text{ মিটার}$$

$$\text{খ) } 28 \text{ মিটার}$$

$$\text{ঘ) } 26 \text{ মিটার}$$

ব্যাখ্যা : বর্গক্ষেত্রের পরিসীমা ২৪ মিটার হলে এর বাহু = $\frac{24}{4} = 6$ মিটার

$$\therefore \text{বর্গক্ষেত্রের ক্ষেত্রফল} = 6 \times 6 = 36 \text{ বর্গমিটার}$$

$$\therefore \text{আয়তক্ষেত্রের ক্ষেত্রফল } 36 \text{ বর্গমিটার হলে দৈর্ঘ্য} = \frac{36}{4} = 9 \text{ মিটার}$$

$$\therefore \text{আয়তক্ষেত্রের পরিসীমা} = 2 \times (6 + 9) = 30 \text{ মিটার।}$$

২৪. একটি বর্গক্ষেত্রের পরিসীমা ৪০০ মিটার। এর ক্ষেত্রফল কত বর্গমিটার? বিসিএস-এর সিভিল সার্ভিসের পরীক্ষা-১৯৯৮/

$$\text{ক) } 10,000$$

$$\text{গ) } 20,000$$

$$\text{খ) } 1,000$$

$$\text{ঘ) } 2,000$$

ব্যাখ্যা : পরিসীমা ৪০০ মিটার হলে বর্গক্ষেত্রের এক বাহু

$$= \frac{400}{4} = 100 \text{ মিটার}$$

$$\therefore \text{বর্গক্ষেত্রের ক্ষেত্রফল} = 100 \times 100 \text{ বর্গমিটার}$$

$$= 10,000 \text{ বর্গমিটার।}$$

২৫. একটি আয়তাকার মেঝের ক্ষেত্রফল ২৭৩ বর্গমিটার। দৈর্ঘ্য ৫ মিটার বেশি হলে মেঝের ক্ষেত্রফল ৩৩৮ বর্গমিটার হয়। এই মেঝের প্রস্থ কত? বিসিএস-এর সিভিল সার্ভিসের পরীক্ষা-১৯৯৮/

$$\text{ক) } 13 \text{ মিটার}$$

$$\text{গ) } 16 \text{ মিটার}$$

$$\text{খ) } 21 \text{ মিটার}$$

$$\text{ঘ) } 26 \text{ মিটার}$$

ব্যাখ্যা : দৈর্ঘ্য x এবং প্রস্থ y হলে ক্ষেত্রফল xy = ২৭৩

$$\text{আবার, দৈর্ঘ্য } 5 \text{ মিটার বেশি হলে ক্ষেত্রফল } (x+5)y = 338$$

$$\therefore (x+5)y - xy = 338 - 273$$

$$\text{বা, } 5y = 65 \therefore y = 13 \text{ মিটার}$$

২৬. এক গ্যালন রঙ দিয়ে ২০০ বর্গফুট দেয়াল রঙ করা যায়। ৭৬০ বর্গফুট একটি দেয়ালের জন্য ন্যূনতম কত গ্যালন রঙ কিনতে হবে। বিসিএস-এর সিভিল সার্ভিসের পরীক্ষা-১৯৯৮/

$$\text{ক) } 3 \text{ টি}$$

$$\text{ঘ) } 8 \text{ টি}$$

$$\text{খ) } 5 \text{ টি}$$

$$\text{ঙ) } 6 \text{ টি}$$

২৭. ৪ বর্গগজ একটি বর্গাকার জায়গা ঢাকতে ৪ বর্গফুট ক্ষেত্রফলের কয়টি পাথর লাগবে? বিসিএস-এর সিভিল সার্ভিসের পরীক্ষা-১৯৯৮/

$$\text{ক) } 1 \text{ টি}$$

$$\text{ঘ) } 8 \text{ টি}$$

$$\text{খ) } 8 \text{ টি}$$

$$\text{ঙ) } 1 \text{ টি}$$

ব্যাখ্যা : ৪ বর্গগজ = 4×1 বর্গফুট = ৩৬ বর্গফুট

$$\therefore \text{পাথরের সংখ্যা} = \frac{36}{4} = 9 \text{ টি।}$$

২৮. একটি বর্গাকৃতি বাগানের ক্ষেত্রফল ১ হেক্টর। বাগানের পরিসীমা কত? বিসিএস-এর সিভিল সার্ভিসের পরীক্ষা-১৯৯৮/

$$\text{ক) } 200$$

$$\text{ঘ) } 300$$

$$\text{খ) } 800$$

$$\text{ঙ) } 600$$

ব্যাখ্যা : ১ হেক্টর = ১০০০০ বর্গ মিটার

$$\therefore \text{বাগানের এক বাহু} = \sqrt{10000} = 100 \text{ মিটার}$$

$$\therefore \text{বাগানের পরিসীমা} = 2 \times (100 + 100) = 800 \text{ মিটার।}$$

২৯. একটি বর্গাকার বাগানের ক্ষেত্রফল ২০২৫ বর্গমিটার। এর চারদিকে বেড়া দেয়া আছে। বেড়ার মোট দৈর্ঘ্য কত? বিসিএস-এর সিভিল সার্ভিসের পরীক্ষা-১৯৯৮/

$$\text{ক) } 160 \text{ মিটার}$$

$$\text{ঘ) } 180 \text{ মিটার}$$

$$\text{খ) } 200 \text{ মিটার}$$

$$\text{ঙ) } 220 \text{ মিটার}$$

ব্যাখ্যা : বাগানের দৈর্ঘ্য = $\sqrt{2025} = 45 \text{ মিটার}$

$$\therefore \text{বাগানের পরিসীমা} = 45 \times 4 = 180 \text{ মিটার।}$$

৩০. বিদ্যুৎ রেখার দৈর্ঘ্য যদি ৪০ মিলিয়ন মিটার হয়, তবে পৃথিবীর ব্যাসার্ধ কত কি.মি.? বিসিএস-এর সিভিল সার্ভিসের পরীক্ষা-১৯৯৮/

$$\text{ক) } 6366.67 \text{ কি.মি.}$$

$$\text{ঘ) } 6868.68 \text{ কি.মি.}$$

$$\text{খ) } 6366.67 \text{ কি.মি.}$$

$$\text{ঙ) } 6060.60 \text{ কি.মি.}$$

ব্যাখ্যা : বিদ্যুৎ রেখার দৈর্ঘ্য = ২πr

$$\therefore 2\pi r = 80000000$$

$$\therefore r = \frac{80000000 \times 7}{2 \times 22} \text{ কি.মি.}$$

$$= 6366.67 \text{ কি.মি.}$$

৩১. ১০০ গজ লম্বা একটি সড়কের উভয় পাশে ১৫ ফুট অন্তর গাছ লাগাতে হলে কতটি চারার প্রয়োজন? বিসিএস-এর সিভিল সার্ভিসের পরীক্ষা-১৯৯৮/

$$\text{ক) } 82$$

$$\text{ঘ) } 80$$

$$\text{খ) } 81$$

$$\text{ঙ) } 88$$

ব্যাখ্যা : ১০০ গজ = $100 \times 3 = 300 \text{ ফুট}$

$$\therefore \text{সড়কের একপাশে গাছ লাগাতে হবে} = \frac{300}{15} + 1$$

$$= \frac{300}{15} + 1$$

$$= 21$$

$$\therefore \text{মোট চারার প্রয়োজন} = 21 \times 2 = 42 \text{ টি}$$

উত্তরপত্র : ২২. ক) ২৩. ঘ) ২৪. ঘ) ২৫. ক) ২৬. ঘ) ২৭. ঘ) ২৮. ঘ) ২৯. ক) ৩০. ঘ) ৩১. ক)

৪১. ১২০ মিটার লম্বা একটি আন্তঃনগর এক্সপ্রেস একটি ল্যান্ডস্কেপেট ও সেকেন্ডে অভিক্রম করল। ট্রেনটির গতিবেগ কিলোমিটার/ঘণ্টায় - (বিএসসি-৩৪ সহকারী পরিচালক পরীক্ষা-২০০৪)

- (ক) ৯৬ (খ) ৭২
(গ) ৪৮ (ঘ) ৩৬

ব্যাখ্যা : ট্রেনটি,

৬ সেকেন্ডে যায় ১২০ মিটার

$$\therefore ৬ \times ১০ \text{ সেকেন্ডে যায় } = ১২০ \times ১০ \text{ মিটার}$$

$$\therefore ১ \text{ মিনিটে যায় } ১২০০ \text{ মিটার}$$

$$\therefore ৬০ \text{ মিনিটে যায় } ১২০০ \times ৬০ \text{ মিটার}$$

$$= ৭২০০০ \text{ মিটার} = ৭২ \text{ কিলোমিটার}$$

৪২. ১ : ২০০০ স্কেলে একটি শহরের ম্যাপ আঁকা আছে। ১.২ কি.মি. দীর্ঘ একটি রাস্তার দৈর্ঘ্য ম্যাপে কত হবে? (বিএসসি-৩৪ সহকারী পরিচালক পরীক্ষা-২০০১)

- (ক) ৩০ (খ) ২০
(গ) ৬০ (ঘ) ৪০

ব্যাখ্যা : ১.২ কি.মি. = ১.২ × ১০০০ মিটার

$$= ১.২ \times ১০০০ \times ১০০ \text{ সে.মি.}$$

$$\therefore ১২০০০০ \div ২০০০ = ৬০ \text{ সে.মি.}$$

৪৩. একটি বর্গাকৃতি ক্ষেত্রের পরিসীমা ৪৪ মি. হলে এর ক্ষেত্রফল কত? (সহকারী মন্ত্রণালয় অফিসার (২য় শ্রেণী) পরীক্ষা-১৯৯৭)

- (ক) ১২৪ (খ) ১২৩
(গ) ১২২ (ঘ) ১২১

ব্যাখ্যা : আমরা জানি,

বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য = পরিসীমা \div ৪

$$= ৪৪ \div ৪ = ১১$$

$$\therefore \text{ক্ষেত্রফল} = (১১)^2 = ১২১ \text{ বর্গমিটার}$$

৪৪. একটি চৌবাচ্চার দৈর্ঘ্য, প্রস্থ ও গভীরতা ০.১ মিটার। ঐ চৌবাচ্চার কত ঘনমিটার পানি ধরবে? (কলা পিকা অফিসার পরীক্ষা-১৯৯৭)

- (ক) ০.০০১ (খ) ০.০১
(গ) ০.১ (ঘ) ০.০০০১

ব্যাখ্যা : চৌবাচ্চার আয়তন = ০.১ × ০.১ × ০.১

$$= ০.০০১ \text{ ঘনমিটার}$$

$$\therefore \text{এতে } ০.০০১ \text{ ঘনমিটার পানি ধরবে।}$$

৪৫. একটি আয়তক্ষেত্রের পরিসীমা ৩৬ মিটার এবং ক্ষেত্রফল ৮০ বর্গমিটার হলে, তার দৈর্ঘ্য ও প্রস্থ কত মিটার? (৪৭ উন্নয়ন পরিচালকের সহকারী পরিচালক পরীক্ষা-১৯৯৪)

- (ক) (১১, ৯) (খ) (১০, ৯)
(গ) (১১, ৮) (ঘ) (১০, ৮)

ব্যাখ্যা : ধরি, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য x ও প্রস্থ y

পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ)

$$\text{বা, } ৩৬ = ২(x + y)$$

$$\text{বা, } x + y = ১৮ \dots\dots\dots (i)$$

$$\therefore xy = ৮০$$

$$\therefore (x - y)^2 = (x + y)^2 - ৪xy$$

$$= (১৮)^2 - ৪ \times ৮০$$

$$= ৪$$

$$\therefore (x - y) = ২ \dots\dots\dots (ii)$$

(i) নং-এর সাথে (ii) নং যোগ করে

$$২x = ২০$$

$$\text{বা, } x = ১০$$

x এর মান (i) নং-এ বসিয়ে

$$x + y = ১৮$$

$$১০ + y = ১৮$$

$$\text{বা, } y = ৮$$

\therefore দৈর্ঘ্য ও প্রস্থ হচ্ছে (১০, ৮) মিটার

৪৬. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ত্রিগুণ দৈর্ঘ্য অপেক্ষা ১০ মিটার বেশি। আয়তক্ষেত্রের ক্ষেত্রফল ৬০০ বর্গমিটার হলে, ইহার দৈর্ঘ্য কত? (উপকোশ নির্বাচন অফিসার পরীক্ষা-২০০৪)

- (ক) ২০ মিটার (খ) ২৫ মিটার
(গ) ৩০ মিটার (ঘ) ৩৫ মিটার

ব্যাখ্যা : মনে করি, দৈর্ঘ্য = x মিটার

$$\text{প্রস্থ} = \frac{৬০০}{x}$$

$$\text{প্রশ্নমতে, } x + ১০ = \frac{৬০০}{x} \times ২$$

$$\Rightarrow x^2 + ১০x = ১২০০$$

$$\Rightarrow x^2 + ১০x - ১২০০ = ০$$

$$\Rightarrow (x + ৪০)(x - ৩০) = ০$$

$$\Rightarrow x = -৪০, x = ৩০$$

$$\therefore x = ৩০ \text{ মিটার।}$$

৪৭. একটি আয়তক্ষেত্রের পরিসীমা ৪৪ মিটার। প্রস্থ অপেক্ষা দৈর্ঘ্য ২ মিটার বেশি হলে, দৈর্ঘ্য ও প্রস্থ হবে যথাক্রমে— (সহকারী প্রধান শিক্ষক (গোকা) পরীক্ষা-২০০৮)

- (ক) ১০ মিটার, ৮ মিটার (খ) ১৪ মিটার, ১২ মিটার
(গ) ১২ মিটার, ১০ মিটার (ঘ) ৮ মিটার, ৬ মিটার

ব্যাখ্যা : ধরি, প্রস্থ = x

$$\text{দৈর্ঘ্য} = x + ২$$

$$\text{প্রশ্নমতে, } x + x + ২ = \frac{৪৪}{২}$$

$$\text{বা, } ২x + ২ = ২২$$

$$\therefore x = ১০$$

$$\therefore \text{প্রস্থ} = ১০ \text{ মিটার}$$

$$\text{দৈর্ঘ্য} = (১০ + ২) \text{ মিটার} = ১২ \text{ মিটার}$$

৪৮. একটি আয়তাকার বাগানের পরিসীমা ৫৬ মিটার এবং একটি কর্ণ ২০ মিটার। ঐ বাগানের সমান ক্ষেত্রফল বিশিষ্ট বর্গক্ষেত্রের একটি বাহুর দৈর্ঘ্য কত? (সহকারী প্রধান শিক্ষক (গোকা) পরীক্ষা-২০০৭; সহকারী প্রধান শিক্ষক (গোকা) পরীক্ষা-২০০৮)


- (ক) $৪\sqrt{3}$ মিটার (খ) $৪\sqrt{2}$ মিটার
(গ) ৪ মিটার (ঘ) $7\sqrt{9}$ মিটার

ব্যাখ্যা : মনে করি,

আয়তাকার বাগানের দৈর্ঘ্য = x মিটার।

$$\text{আয়তাকার বাগানের প্রস্থ} = \left(\frac{৫৬}{২} - x\right) \text{ মিটার।}$$

$$= (২৮ - x) \text{ মিটার}$$



$$\begin{aligned} \therefore (28-x)^2 + x^2 &= 20^2 \\ \Rightarrow (28)^2 - 2 \cdot 28 \cdot x + x^2 + x^2 &= 400 \\ \Rightarrow 2x^2 - 56x + 784 &= 400 \\ \Rightarrow x^2 - 28x + 392 &= 200 \\ \Rightarrow x^2 - 16x - 12x + 192 &= 0 \\ \Rightarrow (x-16)(x-12) &= 0 \end{aligned}$$

$\therefore x = 16$ Or, $x = 12$
 \therefore দৈর্ঘ্য = 16 মিটার, প্রস্থ = $(28-16) = 12$ মিটার।
 \therefore বাগানের ক্ষেত্রফল = $(16 \times 12) = 192$ বর্গ মিটার।

৪৯. বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য = $\sqrt{192} = \sqrt{64 \times 3} = 8\sqrt{3}$ মি।
 একটি খেলার মাঠের প্রস্থ আরো 10 মিটার বেশি হলে এটি 10,000 বর্গমিটার ক্ষেত্রবিশিষ্ট বর্গাকার মাঠ হতো। মাঠটির প্রস্থ নির্ণয় করুন। [সংশোধন অধ্যয়নের প্রাথমিক কর্তৃকর্তা পরীক্ষা-২০০৭; উৎসাহিতা মহিলা ও পিতৃ বিয়োগ কর্তৃকর্তা পরীক্ষা-২০০৭]

- ক) 80 মিটার গ) 105 মিটার
 খ) 90 মিটার ঘ) 100 মিটার

ব্যাখ্যা : বর্গের 1 বাহু = $\sqrt{10000}$ মি. = 100 মিটার
 মাঠের প্রস্থ = $(100-10)$ মি. = 90 মি.

৫০. দুইটি আয়তাকার কক্ষের ক্ষেত্রফল সমান। প্রথম কক্ষের দৈর্ঘ্য এবং প্রস্থ যথাক্রমে ২০ মিটার এবং ১৫ মিটার। দ্বিতীয় কক্ষের দৈর্ঘ্য ১৮ মিটার হলে তার প্রস্থ কত?

- ক) $16\frac{2}{3}$ মি. গ) $18\frac{2}{3}$ মি.
 খ) $15\frac{2}{3}$ মি. ঘ) $12\frac{2}{3}$ মি.

ব্যাখ্যা : ২য় কক্ষের প্রস্থ, x হলে,
 প্রথম কক্ষের দৈর্ঘ্য \times প্রস্থ = দ্বিতীয় কক্ষের দৈর্ঘ্য \times প্রস্থ
 বা $20 \times 15 = 18 \times x$
 বা $x = \frac{20 \times 15}{18} = 16\frac{2}{3}$ মিটার

৫১. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ৮০ মিটার ও প্রস্থ ৩০ মিটার। বাগানের ভিতরে সীমানার পাশ দিয়ে ২ মিটার চওড়া রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত? [কর্মসংশোধন ও গ্রন্থিকণ ব্যয়ের টিপ-পরিচালক পরীক্ষা-২০০৭]

- ক) ৩৮০ বর্গমিটার গ) ৪২৪ বর্গমিটার
 খ) ৪০০ বর্গমিটার ঘ) ৩৮৪ বর্গমিটার

ব্যাখ্যা : রাস্তাসহ বাগানের ক্ষেত্রফল = ২৪০০ বর্গ মিটার
 রাস্তাবাদে বাগানের দৈর্ঘ্য = $80 - (2 + 2) = 76$ মিটার
 " " " প্রস্থ = $30 - (2 + 2) = 26$ " "
 " " " ক্ষেত্রফল $(76 \times 26) = 1996$ বর্গ মিটার
 রাস্তার ক্ষেত্রফল = $(2800 - 1996)$ বর্গ মিটার।
 = ৪২৪ বর্গ মিটার।

৫২. একটি রম্বসের কর্ণদ্বয়ের দৈর্ঘ্য ৫ মিটার এবং প্রস্থ ৪.২ মিটার হলে তার ক্ষেত্রফল কত? [কর্মসংশোধন ও গ্রন্থিকণ ব্যয়ের টিপ-পরিচালক পরীক্ষা-২০০৭]

- ক) ১০.৫ বর্গমিটার গ) ২১.০০ বর্গমিটার
 খ) ১২.৫ বর্গমিটার ঘ) ৫.৫ বর্গমিটার

ব্যাখ্যা : রম্বসের ক্ষেত্রফল = $\frac{1}{2} (৫ \times ৪.২)$ বর্গ মিটার

= ১০.৫ বর্গ মিটার

৫৩. একটি বর্গক্ষেত্রের পরিসীমা একটি আয়তক্ষেত্রের পরিসীমার সমান। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য প্রস্থের বিগুণ এবং ক্ষেত্রফল 968 বর্গমিটার। বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য কত? [সংস্কৃতি ব্যবস্থাপনা পরীক্ষা-২০০৭]

- ক) 64 মিটার গ) 33 মিটার
 খ) 28 মিটার ঘ) 31 মিটার

ব্যাখ্যা : ধরি, আয়তক্ষেত্রের প্রস্থ = x মিটার
 \therefore " " দৈর্ঘ্য = $2x$ মিটার

$$\begin{aligned} \therefore 2x \times x &= 968 \Rightarrow 2x^2 = 968 \\ \Rightarrow x^2 &= 484 \therefore x = 22 \\ \therefore \text{আয়তক্ষেত্রের প্রস্থ} &= 22 \text{ মিটার।} \\ \therefore \text{ " " দৈর্ঘ্য} &= (22 \times 2) = 44 \text{ মিটার।} \\ \text{পরিসীমা} &= 2 \times (44 + 22) \text{ মিটার} = 132 \text{ মিটার।} \\ \text{বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য} &= \frac{132}{4} = 33 \text{ মিটার।} \end{aligned}$$

৫৪. একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ৯০০ বর্গ মিটার। এর পরিসীমা কত? [প্রাথমিক সংস্কৃতি বিদ্যালয় (বঙ্গালী) পরীক্ষা-২০০৭]

- ক) ৩০ মিঃ গ) ৬০ মিঃ
 খ) ১২০ মিঃ ঘ) ৯০ মিঃ

ব্যাখ্যা : বর্গের 1 বাহু $\sqrt{900}$ মি. = ৩০ মি.
 \therefore পরিসীমা = 8×30 মি. = ১২০ মি.

৫৫. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের তিনগুণ। দৈর্ঘ্য ৪৮ ফুট হলে ক্ষেত্রটির পরিসীমা কত? [বিএনটিসি-২ লায়ব সংস্কৃতি পরীক্ষা-২০১০]

- ক) ১২৮ ফুট গ) ১৪৪ ফুট
 খ) ১৬৪ ফুট ঘ) ৯৬ ফুট

ব্যাখ্যা : ধরি, প্রস্থ = x হলে দৈর্ঘ্য = $3x$
 শর্তমতে, $3x = 48 \therefore x = 16$
 \therefore আয়তক্ষেত্রের পরিসীমা
 = ২ (দৈর্ঘ্য + প্রস্থ)
 = ২ (৪৮ + ১৬) = ১২৮ ফুট

৫৬. একটি বর্গক্ষেত্রের পরিসীমা একটি আয়তক্ষেত্রের পরিসীমার সমান। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য এর প্রস্থের তিনগুণ এবং ক্ষেত্রফল ৭৬৮ বর্গমিটার হলে বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য কত? [সংস্কৃতি ও অর্থ ব্যবস্থাপনার প্রাথমিক কর্তৃকর্তা পরীক্ষা-২০০১; বরাদ্দ অধ্যয়নের প্রাথমিক কর্তৃকর্তা পরীক্ষা-২০০৬]

- ক) ৪৮ মিটার গ) ৪৪ মিটার
 খ) ৩৬ মিটার ঘ) ৩২ মিটার

ব্যাখ্যা : আয়তক্ষেত্রের প্রস্থ k হলে
 ক্ষেত্রফল = $(k \times 3k)$ বর্গমিটার
 = $3k^2$ বর্গ মিটার
 শর্তানুসারে, $3k^2 = 768$
 বা, $k = \sqrt{256}$
 প্রস্থ = ১৬ মিটার
 দৈর্ঘ্য = (16×3) মিটার = ৪৮ মিটার।
 আয়তক্ষেত্রের পরিসীমা = $2 \times (৪৮ + ১৬)$ মিটার
 = ১২৮ মিটার
 \therefore বর্গক্ষেত্রের পরিসীমা = ১২৮ মিটার
 \therefore বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য = $\frac{128}{4}$ মিটার = ৩২ মিটার।

৫৭. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য বিস্তারের ৩ গুণ। $1\frac{1}{2}$ ফুট বর্গক্ষেত্রবিশিষ্ট ২০২৮ বানা পাথর বানা বাঁধানো হল বাগানটির দৈর্ঘ্য কত? (উপলব্ধ সমস্যা সমাধানের পরীক্ষা-২০০৩)

- (ক) ১২৭ ফুট (খ) ১২৯ ফুট
(গ) ১১৭ ফুট (ঘ) ৩৭ ফুট

ব্যাখ্যা: প্রতি বানা পাথরের ক্ষেত্রফল = $1\frac{1}{2}$ ফুট \times $1\frac{1}{2}$ ফুট
 $= \frac{9}{2}$ ফুট \times $\frac{9}{2}$ ফুট = $\frac{81}{2}$ ফুট

\therefore আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল = $2028 \times \frac{81}{2}$ বর্গফুট
 $= 82660$ বর্গফুট।

মনে করি, বিস্তার = ক ফুট
 \therefore দৈর্ঘ্য = $3ক$ ফুট

অতএব, আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = $(3ক \times ক)$ বর্গফুট
 $= 3ক^2$ বর্গফুট

পর্তানুসারে, $3ক^2 = 82660$

বা, $ক^2 = \frac{82660}{3}$

বা, $ক = \sqrt{15221} = 123$

অর্থাৎ বিস্তার 123 ফুট

\therefore দৈর্ঘ্য $(3 \times 123) = 369$ ফুট

৫৮. ৪৮ মিটার দীর্ঘ একটি আয়তক্ষেত্রের প্রস্থ দৈর্ঘ্যের এক-তৃতীয়াংশ। ঐ আয়তক্ষেত্রের সমান পরিসীমাবিশিষ্ট বর্গের একটি বাহুর দৈর্ঘ্য - (কেন্দ্রীয় প্রশ্নপত্রের সহকারী পরীক্ষা-২০০৫)

- (ক) ১৬ মিটার (খ) ৩২ মিটার
(গ) ২৪ মিটার (ঘ) ২৮ মিটার

ব্যাখ্যা: মনে করি, বিস্তার = ক মিটার

\therefore দৈর্ঘ্য = $3ক$

পর্তানুসারে, $3ক = 48$ মিটার

$ক = \frac{48}{3} = 16$ মিটার।

আয়তক্ষেত্রের পরিসীমা = $2 \times (48 + 16)$ মিটার
 $= 128$ মিটার

বর্গক্ষেত্রের পরিসীমা হবে = 128 মিটার।

\therefore বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য $\frac{128}{4}$ মিটার = 32 মিটার।

৫৯. একটি বর্গক্ষেত্রের পরিসীমা এর কর্ণের দৈর্ঘ্যের কত গুণ? (উপলব্ধ সমস্যা সমাধানের পরীক্ষা-২০০৫)

- (ক) $\frac{\sqrt{2}}{2}$ (খ) $\sqrt{2}$
(গ) $2\sqrt{2}$ (ঘ) ২

ব্যাখ্যা: মনে করি, বাহুর দৈর্ঘ্য = x

পরিসীমা = $4x$

\therefore কর্ণ = $x \times \sqrt{2} = \sqrt{2}x$

$\frac{\text{পরিসীমা}}{\text{কর্ণ}} = \frac{4x}{\sqrt{2}x} = 2\sqrt{2}$

৬০. একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল এক হেক্টর। উহার পরিসীমা কত? (উপলব্ধ সমস্যা সমাধানের পরীক্ষা-২০০৫)

- (ক) ১২০ মিটার (খ) ২০০ মিটার
(গ) ৩২০ মিটার (ঘ) ৪০০ মিটার

ব্যাখ্যা: মনে করি, বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য = x মিটার।
 1 হেক্টর = $10,000$ মিটার।

$\therefore x^2 = 10000 \Rightarrow x = 100$

পরিসীমা = $(100 \times 4) = 400$ মিটার।

৬১. $20x$ পরিসীমাবিশিষ্ট আয়তক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য $4x + 3$ হলে, অপর বাহুর দৈর্ঘ্য কত? (উপলব্ধ সমস্যা সমাধানের পরীক্ষা-২০০৫)

- (ক) $4x - 3$ (খ) $5x + 3$
(গ) $5x - 3$ (ঘ) $6x - 3$

ব্যাখ্যা: অপর বাহুর দৈর্ঘ্য = $\frac{20x}{2} - (4x + 3)$
 $= 10x - 4x - 3 = 6x - 3$

৬২. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ৩ মিটার বাড়ালে এবং প্রস্থ ৩ মিটার কমালে এর ক্ষেত্রফল ১৪ বর্গমিটার কমে যায়। আবার দৈর্ঘ্য ৩ মিটার বাড়ালে ও প্রস্থ ৩ মিটার বাড়ালে ক্ষেত্রফল ৬০ বর্গমিটার বেড়ে যায়। ক্ষেত্রটির দৈর্ঘ্য - (সদস্য অধ্যয়ন সংস্করণ পরীক্ষা-২০০৫)

- (ক) ৭ মিটার (খ) ১০ মিটার
(গ) ১১ মিটার (ঘ) ৬ মিটার

ব্যাখ্যা: মনে করি, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = x মিটার ও প্রস্থ y মিটার।

\therefore ক্ষেত্রফল = xy বর্গ. মি.

অতএব, $(x + 3)(y - 3) = xy - 18$ বা, $xy - 3x + 3y - 9 = xy - 18$

অথবা $(x + 3)(y + 3) = xy + 60$ বা, $xy + 3x + 3y + 9 = xy + 60$

(বিয়োগ করে) $-6x - 18 = -78$
 বা $x = 10$ মিটার

৬৩. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ৩২ মিটার ও প্রস্থ ২৪ মিটার। বাগানের ভিতরে চারিদিকে ২ মিটার চওড়া রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল - (সদস্য অধ্যয়ন সংস্করণের উপ-সহকারী পরীক্ষা-২০০৫)

- (ক) ২৬৮ বর্গমিটার (খ) ২৪৮ বর্গমিটার
(গ) ২০৮ বর্গমিটার (ঘ) ২১৮ বর্গমিটার

ব্যাখ্যা: রাস্তাসহ বাগানের ক্ষেত্রফল $32 \times 28 = 968$ বর্গমিটার
 রাস্তাবাদে বাগানের দৈর্ঘ্য = $32 - (2 \times 2) = 28$ ব. মি.

" " প্রস্থ = $28 - (2 \times 2) = 20$ "

" " ক্ষেত্রফল = (28×20) ব. মি = 560 ব. মি.

\therefore রাস্তাটির ক্ষেত্রফল = $(968 - 560) = 408$ বর্গ মিটার

৬৪. একটি আয়তাকার ক্ষেত্রের ক্ষেত্রফল ১৯২ বর্গমিটার। ক্ষেত্রের দৈর্ঘ্য ৪ মিটার কমালে ও প্রস্থ ৪ মিটার বাড়ালে উহার ক্ষেত্রফল অপরিবর্তিত থাকে। আয়তক্ষেত্রের দৈর্ঘ্য কত? (কেন্দ্রীয় প্রশ্নপত্রের সহকারী পরীক্ষা-২০০৫)

- (ক) ১৭ মিটার (খ) ১৯ মিটার
(গ) ১৫ মিটার (ঘ) ১৬ মিটার

ব্যাখ্যা: ধরি, দৈর্ঘ্য = x মি. প্রস্থ = y মি.

$\therefore xy = 192$

আবার, $(x - 4)(y + 4) = 192$

বা, $xy - 4y + 4x - 16 = 192$

বা, $d(x - y) = 16$

বা, $x - y = 4$

$\therefore x + y = \sqrt{(x - y)^2 + 4xy} = \sqrt{16 + 4 \cdot 192} = 28$
(+ করে) $2x = 32 \therefore x = 16$ মিটার

৬৫. একটি ত্রিভুজের তিনটি বাহু দৈর্ঘ্য ৫, ৬, ৭ মিটার। নিকটতম বর্গমিটারে ত্রিভুজটির ক্ষেত্রফল কত? (২৪তম বিসিএস)

- ক) ১৬ বর্গমিটার খ) ১৫ বর্গমিটার
গ) ১৭ বর্গমিটার ঘ) ১৪ বর্গমিটার

ব্যাখ্যা : বিঘম বাহু ত্রিভুজের পরিসীমা ২৫ হলে

ক্ষেত্রফল = $\sqrt{S(S - a)(S - b)(S - c)}$
পরিসীমা $5 + 6 + 7 = 18$ হওয়ায় $S = 9$

ক্ষেত্রফল = $\sqrt{9 \times 4 \times 3 \times 2}$
= $\sqrt{216} = 18.90 = 18$ বর্গ মিটার।

৬৬. একটি বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য ৮ ফুট হলে, ঐ বর্গক্ষেত্রের কর্ণের উপর অব্যক্ত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত? (২৬তম বিসিএস)

- ক) ১৫৬ ব. ফু. খ) ১৬৪ ব. ফু.
গ) ১২৮ ব. ফু. ঘ) ২১৮ ব. ফু.

ব্যাখ্যা : বর্গক্ষেত্রের কর্ণ = $\sqrt{8^2 + 8^2} = \sqrt{128}$ ফুট
 \therefore কর্ণের উপর অব্যক্ত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল
= $(\sqrt{128})^2 = 128$ বর্গফুট

৬৭. ১২০ মিটার লম্বা একটি আন্তঃনগর এক্সপ্রেস একটি ন্যাশনালপোস্ট ৬ সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির গতিবেগ বন্টার কত কিলোমিটার? (জাতীয় সড়ক পরিবহন অধিদপ্তর সড়কসী পরিচালক পরীক্ষা-২০০১)

- ক) ৩৬ খ) ৪৮
গ) ৭২ ঘ) ৯৬

ব্যাখ্যা : ট্রেনটি ৬ সেকেন্ডে অতিক্রম করে ১২০ মিটার

\therefore " ৩৬০০ " " " $\frac{120 \times 3600}{6}$ " "
= ৭২০০০০ মিটার
= ৭২ কি.মি.

৬৮. একটি ৯ ফুট প্রস্থ ও ১২ ফুট দৈর্ঘ্য বিশিষ্ট কাপেট একটি ঘরের ৬০% ঢেকে আছে। ঘরটির ক্ষেত্রফল কত বর্গফুট? (সহকারী উপ-বন্দ্য পরিদর্শক পরীক্ষা-২০০১)

- ক) ৩০০ খ) ১৮০
গ) ১০৮ ঘ) কোনটিই নয়

ব্যাখ্যা : কার্পেটের ক্ষেত্রফল = $(9 \times 12) = 108$ বর্গফুট
 $\therefore 60\% = 108$ বর্গফুট
 $\therefore 100\% = \frac{108}{60} \times 100 = 180$ ফুট

৬৯. যদি একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ৮ সে.মি. এবং পরিসীমা ২৪ সে.মি. হয় তবে এর প্রস্থ কত সে.মি.? (বিকল্পিত টপকোলা পরীক্ষা কর্তৃক-২০০১)

- ক) ৫ খ) ৬
গ) ৪ ঘ) ৩

ব্যাখ্যা : মনে করি, প্রস্থ = x সে.মি.

$\therefore 2(8 + x) = 28$
 $\Rightarrow 16 + 2x = 28$
 $\therefore x = 6$ সে.মি.

৭০. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য তার প্রস্থের $\frac{6}{5}$ ভাগ। যদি আয়তক্ষেত্রটির পরিসীমা ১৩২ মিটার হয় তবে তার আয়তন কত? (বিকল্পিত টপকোলা পরীক্ষা কর্তৃক-২০০১)

- ক) ১০৮০ বর্গ মি. খ) ১০৫০ বর্গ মি.
গ) ১০৭০ বর্গ মি. ঘ) ১০৯০ বর্গ মি.

ব্যাখ্যা : মনে করি, প্রস্থ = x মিটার।

\therefore দৈর্ঘ্য = $(x \times \frac{6}{5}) = \frac{6x}{5}$ মিটার

শর্তমতে, $2(x + \frac{6x}{5}) = 132$

$\Rightarrow 2 \times \frac{11x}{5} = 132$

$\Rightarrow x = \frac{132 \times 5}{22} \therefore x = 30$ (প্রস্থ)

\therefore দৈর্ঘ্য = $(30 \times \frac{6}{5}) = 36$ মিটার।

\therefore ক্ষেত্রফল = (36×30) ব. মি. = ১০৮০ ব.মি.

৭১. একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সন্দেশ দুই বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৩ সে.মি. ও ৪ সে.মি হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত? (বিকল্পিত কর্তৃক (সবিন, বিহার ও সঙ্গম অঞ্চল) পদ্য পরীক্ষা-২০১২)

- ক) ১২ বর্গ সে.মি খ) ৩০ বর্গ সে.মি
গ) ৬ বর্গ সে.মি ঘ) ৫ বর্গ সে.মি

ব্যাখ্যা : সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{2} \times$ বাহুবন্দের গুনফল
= $\frac{1}{2} \times 3 \times 4 = 6$ বর্গ সে.মি.

৭২. একটি সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল ১৪৪ বর্গএকক। সমকোণ সন্নিহিত বাহুবন্দের একটির দৈর্ঘ্য ১২ একক হলে, অপরটি কত? (কোলা গ্রামদেবক পিতা বন্ধিনার পরীক্ষা-১৯১১)


- ক) ২৪ খ) ২৫
গ) ২৭ ঘ) ৩০

ব্যাখ্যা : ABC ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{2} \times$ ভূমি \times উচ্চতা

বা, $144 = \frac{1}{2} \times AC \times BC$

বা, $144 = \frac{1}{2} \times 12 \times BC$

বা, $BC = 24$ একক



৭৩. একটি সমকোণী ত্রিভুজের ভূমি ১৬ মি. এবং অপর দুটি বাহুর প্রতিটি ১০ মি. হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

- ক) ৩৬ ব. মি. খ) ৪২ ব. মি.
গ) ৫০ ব. মি. ঘ) ৪৮ ব. মি.

ব্যাখ্যা : ABC ত্রিভুজে $BE = CE = \frac{16}{2}$
 $= 8$ মিটার

$$\frac{1}{2} (\text{ভূমি} \times \text{উচ্চতা})$$


$$\therefore AC^2 = AE^2 + CE^2$$

$$\text{বা, } AE^2 = 10^2 - 8^2$$

$$\text{বা, } AE = \sqrt{100 - 64}$$

$$= 6$$

$$\therefore \text{ক্ষেত্রফল} = \frac{1}{2} \times BC \times AE = \frac{1}{2} \times 16 \times 6 = 48 \text{ বর্গমিটার।}$$



৭৪. একটি ত্রিভুজাকৃতি জমির ভূমি ১২০ মি. ও উচ্চতা ৮০ মি.। যদি ঐ জমির বার্ষিক খাজনা ৭২.০০ টাকা হয়, তবে প্রতি এয়ারের খাজনা কত?

ক) ১.২০ টাকা

খ) ১.৫০ টাকা

গ) ১.৫৬ টাকা

ঘ) ২.৫০ টাকা

ব্যাখ্যা : ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{2} \times \text{ভূমি} \times \text{উচ্চতা}$

$$= \frac{1}{2} \times 120 \times 80$$

$$= 8400 \text{ বর্গমিটার}$$

$$= 84 \text{ এয়ার}$$

$$\therefore 84 \text{ এয়ারের খাজনা } 92 \text{ টাকা}$$

$$\therefore \text{ " " " " } \frac{92}{84} = 1.10 \text{ টাকা}$$

নির্বাচিত নৈর্বাঙ্কিক প্রশ্নোত্তর

১. একটি সমদ্বিবাহু ত্রিভুজাকৃতি জমির ভূমি ২৪ মি. এবং সমান বাহুদ্বয়ের প্রত্যেকটির দৈর্ঘ্য ২০ মি.। জমির ক্ষেত্রফল কত? একটি ফুলের চারার জন্য ৪ বর্গমিটার পরিমিত জায়গা লাগলে ঐ জমিতে কয়টি চারা লাগানো যাবে?

ক) ১৯২ বর্গ মি.; ৪৮ টি

খ) ১৯২ বর্গ মি.; ৩৮ টি

গ) ১৯২ মি.; ৩৮ টি

ঘ) ১৯২ সে. মি.; ৩৮ টি

ব্যাখ্যা : ক অনমান বাহু এবং খ সমান বাহু হলে সমদ্বিবাহু

$$\text{ত্রিভুজের ক্ষেত্রফল} = \frac{ক}{৪} \sqrt{৪খ^2 - ক^2}$$

$$= \frac{২৪}{৪} \sqrt{৪(২০)^2 - ২৪^2}$$

$$= ৬ \sqrt{১৬০০ - ৫৭৬}$$

$$= ৬ \times ৩২ = ১৯২ \text{ বর্গ মিটার}$$

$$\therefore \text{ চারার সংখ্যা} = \frac{১৯২}{৪} = ৪৮ \text{ টি।}$$

২. বৃত্তাকার একটি পুকুরের ব্যাস ১০০ গজ। পুকুরের পাড়ে ২ গজ চওড়া ঘাসে ঢাকা একটি পথ আছে। ঘাসের পথটির ক্ষেত্রফল কত বর্গগজ?

ক) ২০৪π

খ) ২২৪π

গ) ২৪০π

ঘ) ২০৫π

ব্যাখ্যা : পুকুরের ব্যাসার্ধ = $\frac{১০০}{২} = ৫০$ গজ

$$\therefore \text{ পুকুরের ক্ষেত্রফল} = \pi r^2 = \pi(৫০)^2 = ২৫০০\pi \text{ বর্গগজ}$$

$$\therefore \text{ পথসহ পুকুরের ব্যাসার্ধ} = (৫০ + ২) = ৫২ \text{ গজ}$$

$$\therefore \text{ পথসহ পুকুরের ক্ষেত্রফল} = \pi(৫২)^2$$

$$= ২৭০৪\pi \text{ বর্গগজ}$$

$$\therefore \text{ পথটির ক্ষেত্রফল} = (২৭০৪\pi - ২৫০০\pi) \text{ বর্গগজ}$$

$$= ২০৪\pi \text{ বর্গগজ}$$

৩. বৃত্তাকার একটি পুকুরের ব্যাসার্ধ একটি বৃত্তাকার বাগানের তিনগুণ। পুকুরটির ক্ষেত্রফল বাগানের ক্ষেত্রফলের চেয়ে কতগুণ বেশি?

ক) ৮

খ) ৯

গ) ৬

ঘ) ৭

ব্যাখ্যা : যদি বৃত্তাকার বাগানের ব্যাসার্ধ r হয়

$$\text{তবে ক্ষেত্রফল} = \pi r^2$$

$$\therefore \text{ বৃত্তাকার পুকুরের ক্ষেত্রফল} = \pi(3r)^2 = 9\pi r^2$$

$$\therefore \text{ ক্ষেত্রফল ঘরের অনুপাত} = \frac{9\pi r^2}{\pi r^2} = 9$$

৪. ২১ মিটার দীর্ঘ এবং ১৫ মিটার বিস্তৃত একটি বাগানের বাইরে চারদিকে ২ মিটার বিস্তৃত একটি পথ আছে। প্রতি বর্গমিটার ২.৭৫ টাকা দরে পথটিতে ঘাস লাগাতে মোট কত খরচ হবে?

ক) ৪৪০.০০ টাকা

খ) ৫৫০.০০ টাকা

গ) ৬০০.০০ টাকা

ঘ) ৪৯০.০০ টাকা

ব্যাখ্যা : বাগানের ক্ষেত্রফল = $২১ \times ১৫ = ৩১৫$ বর্গমিটার

$$\text{রাস্তাসহ বাগানের দৈর্ঘ্য} = ২১ + (২ + ২) = ২৫ \text{ মিটার}$$

$$\text{ " " " " প্রস্থ} = ১৫ + (২ + ২) = ১৯ \text{ মিটার}$$

$$\text{ " " " " ক্ষেত্রফল} = ২৫ \times ১৯ = ৪৭৫ \text{ বর্গমিটার}$$

$$\therefore \text{ রাস্তার ক্ষেত্রফল} = (৪৭৫ - ৩১৫) = ১৬০ \text{ বর্গমিটার}$$

$$\therefore \text{ মোট খরচ} = ১৬০ \times ২.৭৫ = ৪৪০ \text{ টাকা.}$$

৫. আয়তাকার একটি ক্ষেত্রের দৈর্ঘ্য বিস্তারের $1\frac{1}{2}$ গুণ। প্রতি বর্গমিটারে ১.৯০ টাকা দরে ভাতে ঘাস লাগাতে ১০২৬০.০০ টাকা ব্যয় হয়। প্রতি মিটার ২.৫০ টাকা দরে ঐ মাঠের চারদিকে বেড়া দিতে মোট কত ব্যয় হবে?

ক) ৭৫০ টাকা

খ) ৭৮০ টাকা

গ) ৬৭০ টাকা

ঘ) ৬৬০ টাকা

উত্তরপত্র : ১. ক) ২. ক) ৩. খ) ৪. ক) ৫. ক)

ব্যাখ্যা : আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = $\frac{10260}{1.50} = 6840$ বর্গমিটার

ধরি, প্রস্থ x মিটার ∴ দৈর্ঘ্য = $\frac{3x}{2}$ মিটার

∴ ক্ষেত্রফল $\frac{3x^2}{2} = 6840$

বা, x = 60 ∴ দৈর্ঘ্য = $\frac{3x}{2} = 90$ মিটার

∴ আয়তক্ষেত্রের পরিসীমা = $2 \times (90 + 60) = 300$ মিটার

∴ বেড়ার মোট খরচ = $2.50 \times 300 = 750$ টাকা।

৬. ২০ মিটার দীর্ঘ একটি কামরা কার্পেট দিয়ে মুড়তে ৭৫০০.০০ টাকা খরচ হয়। যদি ঐ কামরাটির প্রস্থ ৪ মিটার কম হত তবে ৬০০০.০০ টাকা খরচ হত। কামরাটির প্রস্থ কত?

- (ক) ১৫ মি. (খ) ১৬ মি.
(গ) ১৮ মি. (ঘ) ২০ মি.

ব্যাখ্যা : প্রস্থ ৪ মিটার কমলে ক্ষেত্রফল কমে = $8 \times 20 = 80$ বর্গমিটার

∴ (৭৫০০ - ৬০০০) বা, ১৫০০ টাকা খরচ হয় ৮০ বর্গমিটারে

∴ 9500 ,, ,, ,, $\frac{80 \times 9500}{1500} = 800$ বর্গমিটারে।

অর্থাৎ কামরার ক্ষেত্রফল ৪০০ বর্গমিটার

∴ প্রস্থ = $\frac{800}{20} = 20$ মিটার।

৭. একটি বর্গাকার বাগানের বহির্দেশ বেটন করে ১১ গজ বিস্তৃত একটি রাস্তা আছে। যদি রাস্তার ক্ষেত্রফল ৪ একর হয়, তবে বাগানের পরিসীমা কত?

- (ক) ১৭৬০ গজ (খ) ১৮২০ গজ
(গ) ১৮৬০ গজ (ঘ) ১৯২০ গজ

ব্যাখ্যা : ধরি, বাগানের দৈর্ঘ্য = k গজ

∴ ক্ষেত্রফল = k^2 বর্গগজ

রাস্তাসহ বাগানের দৈর্ঘ্য = $(k + 11 + 11) = k + 22$ গজ

∴ " " " " ক্ষেত্রফল = $(k + 22)^2$

∴ $(k + 22)^2 - k^2 = 8 \times 80 \times 8$

বা, k = ৪২৯

∴ বাগানের পরিসীমা = $829 \times 8 = 1960$ গজ

৮. একটি মসজিদের মেঝে ২৬ মি. লম্বা ও ২০ মি. চওড়া। ৪ মি. লম্বা ও ২.৫ মি. চওড়া করাটি মানুষ দিয়ে মেঝেটি সম্পূর্ণ ঢাকা যাবে? প্রতিটি মানুষের দাম ২৭.৫০ টাকা হলে, মোট কত খরচ হবে?

- (ক) ৩২টি, ১৪৩০ টাকা (খ) ৪২টি, ১৫৩০ টাকা
(গ) ৬৮টি, ২৪৩০ টাকা (ঘ) ৫২টি, ১৪৩০ টাকা

ব্যাখ্যা : মেঝের ক্ষেত্রফল = $26 \times 20 = 520$ বর্গমিটার

মানুষের ,, = $8 \times 2.5 = 20$,,

∴ প্রয়োজনীয় মানুষ = $\frac{520}{20} = 26$ টি

মোট খরচ = $26 \times 27.50 = 715$ টাকা

৯. ১২ মি. বর্গ একটি বর্গাকার মেঝে ৭৫ সে. মি. চওড়া কার্পেট দিয়ে ঢাকতে কত মিটার কার্পেট লাগবে?

- (ক) ১৮৮ মিটার (খ) ১৭৬ মিটার
(গ) ১৯২ মিটার (ঘ) ১৭৬ মিটার

ব্যাখ্যা : মেঝের ক্ষেত্রফল = $12 \times 12 = 144$ বর্গমিটার
৭৫ সে. মি. = .৭৫ মিটার

∴ কার্পেটের পরিমাপ = $\frac{144}{.75}$ মিটার = ১৯২ মিটার

১০. একটি কামরার মেঝে কার্পেট দিয়ে মুড়তে মোট ৭২০ টাকা খরচ হয়। কামরাটির প্রস্থ ৩ মিটার কম হলে ৫৭৬ টাকা খরচ হত। কামরাটির প্রস্থ কত?

- (ক) ১৫ মি. (খ) ১১ মি.
(গ) ১২ মি. (ঘ) ১৩ মি.

ব্যাখ্যা : $(920 - 576) = 344$ টাকা

কামরাটির দৈর্ঘ্য একই থাকায়,

১৪৪ টাকা খরচ হয় ৩ মিটার প্রস্থে

∴ 920 ,, ,, ,, $\frac{3 \times 920}{344} = 15$ মিটার

১১. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য বিস্তারের দেড় গুণ। এর ক্ষেত্রফল ২১৬ বর্গ মিটার হলে, তার পরিসীমা কত?

- (ক) ৩০ মি. (খ) ৬০ মি.
(গ) ৪০ মি. (ঘ) ৫০ মি.

ব্যাখ্যা : ধরি, প্রস্থ x মিটার ∴ দৈর্ঘ্য = $\frac{3x}{2}$ মিটার

∴ $x \times \frac{3x}{2} = 216$ বা x = ১২ মিটার

∴ প্রস্থ = ১২ মিটার; দৈর্ঘ্য = $\frac{3 \times 12}{2} = 18$ মিটার

∴ পরিসীমা = $2 \times (12 + 18) = 60$ মিটার

১২. ৮০ মি. দীর্ঘ ও ৬০ মি. বিস্তৃত একটি আয়তাকার বাগানের ভিতরে ৪ মি. প্রশস্ত একটি পথ আছে। প্রতি বর্গ মিটার ৭ টাকা করে ঐ পথ বাঁধানোর খরচ কত হবে?

- (ক) ৭৬৫০ টাকা (খ) ৭৩৪৩ টাকা
(গ) ৭৩৯২ টাকা (ঘ) ৭৬৬৫ টাকা

ব্যাখ্যা : রাস্তাসহ বাগানের ক্ষেত্রফল = $80 \times 60 = 4800$ বর্গমিটার

∴ রাস্তাবাদে বাগানের দৈর্ঘ্য = $80 - (8 + 8) = 64$ মিটার

" " " " প্রস্থ = $(60 - (8 + 8)) = 44$ মিটার

∴ রাস্তা বাদে বাগানের ক্ষেত্রফল = $(64 \times 44) = 2816$ বর্গমিটার

রাস্তার ক্ষেত্রফল = $(8 \times 80) = 640$ বর্গমিটার

∴ মোট খরচ = $10056 \times 7 = 70392$ টাকা

উত্তরপত্র : ৬. ঘ) ৭. ক) ৮. ঘ) ৯. গ) ১০. ক) ১১. ঘ) ১২. গ)

১৩. একটি বর্গক্ষেত্রের পরিসীমা একটি আয়তক্ষেত্রের পরিসীমার সমান। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ এবং ক্ষেত্রফল ৭৬৮ বর্গমিটার। প্রতিটি ৮০ সে. মি. বর্গাকারের পাথর দিয়ে বর্গক্ষেত্রটি বীধাতে মোট কতটি পাথর লাগবে?

- ক) ১৭০০টি খ) ১৬০০টি
গ) ১৫০০টি ঘ) ১৪০০টি

ব্যাখ্যা : আয়তক্ষেত্রের প্রস্থ ক মিটার হলে দৈর্ঘ্য ৩ক মিটার

$$\therefore ৩ক \times ক = ৭৬৮ \text{ বা, } ক = ১৬ \text{ মিটার}$$

$$\therefore \text{আয়তক্ষেত্রের দৈর্ঘ্য} = ৪৮ \text{ মিটার}$$

$$\text{এবং পরিসীমা} = ২ \times (৪৮ + ১৬) = ১২৮ \text{ মিটার}$$

$$\text{বর্গক্ষেত্রের পরিসীমা } ১২৮ \text{ মিটার হলে } ১ \text{ বাহু} = \frac{১২৮}{৪} = ৩২ \text{ মিটার}$$

$$\text{বর্গক্ষেত্রের ক্ষেত্রফল} = ৩২ \times ৩২ = ১০২৪ \text{ বর্গমিটার}$$

$$\text{পাথরের ক্ষেত্রফল} = .৮০ \times .৮০ = .৬৪ \text{ বর্গমিটার}$$

$$\therefore \text{মোট পাথর} = \frac{১০২৪}{.৬৪} = ১৬০০ \text{ টি}$$

১৪. একটি ত্রিভুজাকৃতি পার্কের তিন দিকের দৈর্ঘ্য যথাক্রমে ১৮ মি., ২৪ মি. ও ৩০ মি.। প্রতি বর্গমিটারে ১.২৫ টাকা হিসেবে ঐ পার্কে ঘাস লাগাতে কত খরচ হবে?

- ক) ২৫০ টাকা খ) ২৬০ টাকা
গ) ২৭০ টাকা ঘ) ২৮০.৮০ টাকা

ব্যাখ্যা : ত্রিভুজের পরিসীমা ২s হলে

$$s = \frac{a + b + c}{2} = \frac{১৮ + ২৪ + ৩০}{2} = ৩৬ \text{ মিটার}$$

$$\text{ত্রিভুজের ক্ষেত্রফল} = \sqrt{s(s-a)(s-b)(s-c)}$$

$$= \sqrt{৩৬ \times ১৮ \times ১২ \times ৬} = ২১৬ \text{ বর্গমিটার।}$$

$$\therefore \text{মোট খরচ} = ২১৬ \times ১.২৫ = ২৭০ \text{ টাকা।}$$

১৫. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য a বাহু b হলে এর কর্ণের দৈর্ঘ্য-

- ক) ab খ) $a^2 + b^2$
গ) $\sqrt{a^2 + b^2}$ ঘ) a + b

১৬. বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য a একক হলে এর পরিসীমা কত?

- ক) 2a মিটার খ) a^2 মিটার
গ) 3a মিটার ঘ) 4a মিটার

১৭. ABCD সামান্তরিকের ভূমির দৈর্ঘ্য a এবং উচ্চতা h হলে ক্ষেত্রফল কত?

- ক) $\frac{1}{2} \times a \times h$ খ) $\frac{1}{2} (a \times h)$
গ) ab ঘ) $a^2 h^2$

১৮. সরসের কর্ণদ্বয় পরস্পর d_1 ও d_2 একক হলে এর ক্ষেত্রফল নিচের কোনটি হবে?

- ক) $d_1 d_2$ খ) $\frac{1}{2} d_1 d_2$
গ) $2d_1 d_2$ ঘ) $4d_1 d_2$

১৯. সরসের কর্ণ রম্বসক্ষেত্রটিকে সমান-

- ক) দুইটি বর্গক্ষেত্রে বিভক্ত করে
খ) দুইটি আয়তক্ষেত্রে বিভক্ত করে
গ) দুইটি ত্রিভুজের বিভক্ত করে
ঘ) চারটি বর্গক্ষেত্রে বিভক্ত করে

২০. একই ভূমি ও সমান্তরাল বাহু যুগলের মধ্যে অবস্থিত কোন ত্রিভুজের ক্ষেত্রফল সামান্তরিকের-

- ক) অর্ধেক খ) সমান
গ) কম ঘ) বেশি

২১. একটি সামান্তরিকের দুইটি সন্নিবিষ্ট বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৩ সে. মি. ও ৫ সে.মি. তার পরিসীমার অর্ধেক কত সে. মি.?

- ক) 4 খ) 8
গ) 15 ঘ) 16

২২. আয়তক্ষেত্রের দুই বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৮ সে. মি. এবং ৬ সে. মি. তার কর্ণের দৈর্ঘ্য কত?


- ক) ১৪ সে. মি. খ) ১২ সে. মি.
গ) ১০ সে. মি. ঘ) কোনটাই নয়।

২৩. একটি আয়তাকার সরসের দৈর্ঘ্য প্রস্থের তিনগুণ এবং ক্ষেত্রফল ৫১২ বর্গমিটার হলে, পরিসীমা কত?

- ক) ২৪ মিটার খ) ৪৮ মিটার
গ) ৯৬ মিটার ঘ) ৬৪ মিটার

উত্তরপত্র :

১৩. খ) ১৪. গ) ১৫. গ) ১৬. ঘ) ১৭. গ) ১৮. খ) ১৯. গ) ২০. ক) ২১. খ) ২২. গ) ২৩. গ)




আয়তিক ঘন

তিনজোড়া সমান্তরাল আয়তাকার সমতল বা পৃষ্ঠ দ্বারা আবদ্ধ ঘনবস্তুকে আয়তিক ঘন বলে। মনে করি, ABCDEFGH একটি আয়তিক ঘন যেখানে এর দৈর্ঘ্য AB = a, প্রস্থ AD = b এবং উচ্চতা AH = c একক।

ক. আয়তিক ঘনটির কর্ণ,

$$\begin{aligned} AF &= \sqrt{AC^2 + CF^2} \\ &= \sqrt{AB^2 + BC^2 + CF^2} \\ &= \sqrt{a^2 + b^2 + c^2} \quad [\because BC = AB = b, CF = AH = c] \end{aligned}$$

সহজেই দেখানো যায় যে, আয়তিক ঘনটির যেকোনো কর্ণের দৈর্ঘ্য একই হবে।



খ. আয়তিক ঘনটির সমগ্র তলের ক্ষেত্রফল
= 2(ABCD তলের ক্ষেত্রফল + ABGH তলের ক্ষেত্রফল + BCFG তলের ক্ষেত্রফল)

$$= 2(AB \times AD + AB \times AH + BC \times BG) \text{ বর্গ একক} \\ = 2(ab + ac + bc) \text{ বর্গ একক}$$


[যেহেতু BC = AD = b এবং BG = AH = c]

$$= 2(ab + bc + ca) \text{ বর্গ একক}$$

গ. আয়তিক ঘনটির আয়তন
= আয়তিক ঘন - (দৈর্ঘ্য × প্রস্থ × উচ্চতা)
= (AB × AD × AH) = abc ঘন একক।

ঘনক

আয়তিক ঘন -এর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা সমান হলে, তাকে ঘনক বলে। মনে করি, OABCDEFGH একটি ঘনক। এর দৈর্ঘ্য = প্রস্থ = উচ্চতা = a একক।



ক. ঘনকটির কর্ণ $OE = \sqrt{OB^2 + BE^2}$
 $= \sqrt{OA^2 + AB^2 + BE^2}$

$$= \sqrt{a^2 + a^2 + a^2}$$

[যেহেতু AB = OC = a এবং BE = OG = a]

$$= \sqrt{3a^2} = \sqrt{3}a \text{ বর্গ একক।}$$

খ. ঘনক -এর সমগ্র তলের ক্ষেত্রফল = $2(a^2 + a^2 + a^2) = 6a^2$ বর্গ একক।

গ. ঘনকটির আয়তন = $a \times a \times a = a^3$ ঘন একক।

প্রিজম

ক. প্রিজমের সমগ্রতলের ক্ষেত্রফল
= 2 (ভূমির ক্ষেত্রফল) + পার্শ্বতলগুলোর ক্ষেত্রফল
= 2 (ভূমির ক্ষেত্রফল) + ভূমির পরিমাপ × উচ্চতা

খ. আয়তন = ভূমির ক্ষেত্রফল × উচ্চতা

পিরামিড

ক. পিরামিডের সমগ্রতলের ক্ষেত্রফল
= ভূমির ক্ষেত্রফল + পার্শ্বতলগুলোর ক্ষেত্রফল
কিন্তু পার্শ্বতলগুলো সর্বসম ত্রিভুজ হলে,
পিরামিডের সমগ্রতলের ক্ষেত্রফল = ভূমির ক্ষেত্রফল + $\frac{1}{2}$ (ভূমির পরিমি × হেলানো উচ্চতা)
পিরামিডের উচ্চতা, h, ভূমিক্ষেত্রের অন্তর্ভুক্তের ব্যাসার্ধ r এবং হেলানো উচ্চতা l হলে, $l = \sqrt{h^2 + r^2}$

খ. আয়তন = $\frac{1}{3} \times$ ভূমির ক্ষেত্রফল × উচ্চতা

সমবৃত্তভূমিক কোণ

কোণকের উচ্চতা = h, ভূমির ব্যাসার্ধ = r এবং হেলানো উচ্চতা = l হলে

ক. বক্রতলের ক্ষেত্রফল = $\frac{1}{2} \times$ ভূমির পরিমি × হেলানো উচ্চতা
 $= \frac{1}{2} \times 2\pi r \times l = \pi r l$ বর্গ একক

খ. সমগ্রতলের ক্ষেত্রফল = বক্রতলের ক্ষেত্রফল + ভূমিতলের ক্ষেত্রফল
 $= \pi r l + \pi r^2 = \pi r (r + l)$ বর্গ একক।

গ. আয়তন = $\frac{1}{3} \times$ ভূমির ক্ষেত্রফল × উচ্চতা = $\frac{1}{3} \pi r^2 h$ ঘন একক।

গোলক

ক. গোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল = $4\pi r^2$ বর্গ একক।

খ. আয়তন = $\frac{4}{3}\pi r^3$ ঘন একক।

গ. h উচ্চতায় তলচ্ছেদে উৎপন্ন ব্যাসার্ধ = $\sqrt{r^2 - h^2}$ একক।

গাণিতিক সমস্যা

১. ভূমির ওপর অবস্থিত ২.৫ মি. দৈর্ঘ্য ও ১.০ মি. প্রস্থবিশিষ্ট (অভ্যন্তরীণ পরিমাপ) একটি আয়তাকার জলাধারের উচ্চতা ০.৪ মিটার হলে এর আয়তন এবং অভ্যন্তরীণ তলের ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান : দেওয়া আছে,

আয়তাকার জলাধারের দৈর্ঘ্য, $a = ২.৫$ মিটার

" জলাধারের প্রস্থ, $b = ১.০$ মিটার

" জলাধারের উচ্চতা, $c = ০.৪$ মিটার

আয়তাকার জলাধারের আয়তন = দৈর্ঘ্য \times প্রস্থ \times উচ্চতা
 $= (২.৫ \times ১.০ \times ০.৪)$ ঘন মিটার
 $= ১$ ঘন মিটার।

- \therefore আয়তাকার জলাধারের অভ্যন্তরীণ তলের ক্ষেত্রফল
 $= 2(ab + bc + ca)$
 $= 2(২.৫ \times ১.০ + ১.০ \times ০.৪ + ০.৪ \times ২.৫)$ বর্গমিটার
 $= 2(২.৫ + ০.৪ + ১)$ বর্গমিটার
 $= 2 \times ৩.৯ = ৭.৮$ বর্গমিটার

- \therefore জলাধারের আয়তন ১ ঘনমিটার এবং অভ্যন্তরীণ তলের ক্ষেত্রফল ৭.৮ বর্গমিটার।

২. একটি আয়তাকার ঘনবস্তুর মাত্রাগুলো ৫ সে.মি., ৪ সে.মি., ৩ সে.মি. হলে, এর কর্ণের সমান ধারবিশিষ্ট ঘনকের সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান : ধরি,

আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, $a = ৫$ সে.মি.

" ঘনবস্তুর প্রস্থ, $b = ৪$ সে.মি.


" ঘনবস্তুর উচ্চতা, $c = ৩$ সে.মি.

- \therefore আয়তাকার ঘনবস্তুর কর্ণ $= \sqrt{a^2 + b^2 + c^2}$

$$= \sqrt{(৫)^2 + (৪)^2 + (৩)^2}$$

$$= \sqrt{২৫ + ১৬ + ৯} = \sqrt{৫০}$$

ঘনকের ধার, $x = \sqrt{৫০}$ সে.মি.



- \therefore ঘনকের সমগ্র তলের ক্ষেত্রফল $= 6x^2$
 $= 6 \cdot (\sqrt{৫০})^2$ বর্গ সে.মি.
 $= (6 \times ৫০)$ বর্গ সে.মি.
 $= ৩০০$ বর্গ সে.মি.


- \therefore অতএব ঘনকের সমগ্র তলের ক্ষেত্রফল ৩০০ বর্গ সে.মি.।

৩. ১৩ সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট একটি গোলকের কেন্দ্র থেকে ১২ সে.মি. দূরবর্তী কোনো বিন্দুর মধ্য দিয়ে ব্যাসের উপর লম্ব সমতল গোলকটিকে ছেদ করে। উৎপন্ন তলটির ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান :

এখানে, গোলকের ব্যাসার্ধ, $r = ১৩$ সে.মি.

দূরত্ব, $h = ১২$ সে.মি.



$$\text{উৎপন্ন সমতলের ব্যাসার্ধ} = \sqrt{r^2 - h^2}$$

$$= \sqrt{(১৩)^2 - (১২)^2}$$

$$= \sqrt{১৬৯ - ১৪৪} = \sqrt{২৫}$$

$$= ৫ \text{ সে.মি.}$$

$$\text{সমতলের ক্ষেত্রফল} = \pi r^2$$

$$= \pi(৫)^2 = ৩.১৪১৬ \times ২৫$$


$$= ৭৮.৫৪ \text{ বর্গ সে.মি.}$$

- \therefore উৎপন্ন তলটির ক্ষেত্রফল ৭৮.৫৪ বর্গ সে.মি.।

৪. ৬ সে.মি. বাহুবিশিষ্ট সুষম বড়তৃজ্জ্বের ওপর অবস্থিত একটি পিরামিডের উচ্চতা ১০ সে.মি.। ইহার সমগ্রতলের ক্ষেত্রফল ও আয়তন নির্ণয় কর।

সমাধান : দেওয়া আছে, সুষম বড়তৃজ্জ্বাকৃতির একটি পিরামিডের, প্রতি বাহুর দৈর্ঘ্য $a = ৬$ সে.মি.

এবং উচ্চতা $h = ১০$ সে.মি.



সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় :

পিরামিডটি ভূমির পৃষ্ঠতলের ক্ষেত্রফল

$$= ৬ \times \frac{\sqrt{3}}{4} a^2 \text{ বর্গ সে.মি.}$$

$$= ৬ \times \frac{\sqrt{3}}{4} (৬)^2 = ৯৩.৫৩ \text{ বর্গ সে.মি.।}$$

ভূমির কেন্দ্র থেকে প্রতি বাহুর দূরত্ব $r =$ কেন্দ্র হতে বাহুগুণের লম্ব দূরত্ব

$$= \sqrt{৬^2 - \left(\frac{১}{২} \times ৬\right)^2} \text{ সে.মি.}$$

$$= \sqrt{৩৬ - ৯} = \sqrt{২৭} \text{ সে.মি.}$$

- \therefore হেমানো উচ্চতা, $L = \sqrt{১০^2 + (\sqrt{২৭})^2}$ সে.মি.

$$= \sqrt{১০০ + ২৭} = ১১.২৭ \text{ সে.মি.}$$

এখন সমগ্রতলের ক্ষেত্রফল,

$$= (\text{ভূমির ক্ষেত্রফল}) + \frac{১}{২} \times (\text{ভূমির পরিধি} \times \text{হেমানো উচ্চতা})$$

$$= 6 \times \frac{\sqrt{3}}{4} (6)^2 + \frac{1}{2} \times 6 \times 6 \times 11.27$$

$$= (93.53 + 202.85) \text{ বর্গ সে.মি.}$$

$$= 296.39 \text{ সে.মি.}$$

আয়তন :

$$\text{পিরামিডের আয়তন} = \frac{1}{3} \times \text{ভূমির ক্ষেত্রফল} \times \text{উচ্চতা}$$

$$= \frac{1}{3} \times 93.53 \times 10$$

$$= 311.77 \text{ ঘন সে.মি.}$$

∴ পিরামিডের সমগ্রতলের ক্ষেত্রফল 30 সে.মি. এবং আয়তন 311.77 ঘন সে.মি.।

৫. একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে 16 মিটার, 12 মিটার ও 4.5 মিটার। এর পৃষ্ঠতলের ক্ষেত্রফল, কর্ণের দৈর্ঘ্য ও আয়তন নির্ণয় কর।

সমাধান: মনে করি,

আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য $a = 16$ সে. মি.

প্রস্থ $b = 12$ সে. মি.

এবং উচ্চতা $c = 4.5$ সে. মি.

আয়তাকার পৃষ্ঠতলের ক্ষেত্রফল

$$= 2(ab + bc + ca) \text{ বর্গ সে. মি.}$$

$$= 2(16 \times 12 + 12 \times 4.5 + 4.5 \times 16) \text{ বর্গ সে. মি.}$$

$$= 2(192 + 54 + 72) \text{ বর্গ সে. মি.}$$

$$= 2 \times 318 = 636 \text{ বর্গ সে. মি.}$$

$$\therefore \text{কর্ণের দৈর্ঘ্য} = \sqrt{a^2 + b^2 + c^2}$$

$$= \sqrt{(16)^2 + (12)^2 + (4.5)^2} \text{ মিটার}$$

$$= \sqrt{156 + 144 + 20.25} \text{ মিটার}$$

$$= \sqrt{420.25} = 20.25 \text{ মিটার}$$

এবং আয়তন, abc

$$= 16 \times 12 \times 4.5 = 864 \text{ ঘন মিটার।}$$

নির্ণয় মান 636 বর্গমিটার, 20.5 মিটার এবং 864 ঘন মিটার।

৬. একটি আয়তাকার কাঠের বাজের বাইরের মাপ যথাক্রমে 8 সে. মি., 6 সে. মি. ও 4 সে. মি.। এর ভিতরের সম্পূর্ণ পৃষ্ঠের ক্ষেত্রফল 88 বর্গ সে. মি.। বাজটির কাঠের পুরুত্ব নির্ণয় কর।

সমাধান: মনে করি, কাঠের পুরুত্ব x সে. মি.

অতএব, বাজের ভিতরের দৈর্ঘ্য, $a = (8 - 2x)$ সে. মি.

এবং বাজের ভিতরের উচ্চতা, $c = (4 - 2x)$ সে. মি.

সুতরাং, বাজটির ভিতরের সম্পূর্ণ পৃষ্ঠের ক্ষেত্রফল

$2(ab + bc + ca)$ বর্গ একক

$$= 2\{(8 - 2x)(6 - 2x) + (6 - 2x) + (4 - 2x)(8 - 2x)\} \text{ বর্গ সে.মি.}$$

$$= 2(48 - 28x + 4x^2 + 24 - 20x + 4x^2 + 32 - 24x + 4x^2) \text{ বর্গ সে.মি.}$$

$$= 2(12x^2 - 72x + 104) \text{ বর্গ সে.মি.}$$

প্রদানানুসারে,

$$2(12x^2 - 72x + 104) = 88$$

$$\text{বা, } 12x^2 - 72x + 104 = 44$$

$$\text{বা, } 12x^2 - 72x + 60 = 0$$

$$\text{বা, } x^2 - 6x + 5 = 0$$

$$\text{বা, } x^2 - 5x - x + 5 = 0$$

$$\text{বা, } x(x - 5) - 1(x - 5) = 0$$

$$\text{বা, } (x - 5)(x - 1) = 0$$

$$\text{হয় } x - 5 = 0 \text{ অথবা, } x - 1 = 0, x = 1$$

$$\therefore x = 5$$

∴ বাজের বাইরের উচ্চতা 8 সে. মি. সেহেতু ভিতরের উচ্চতা 4 সে. মি. হতে পারে না।

বাজটির কাঠের পুরুত্ব 1 সে. মি.।

৭. একটি ঘনক আকৃতি বস্তুর পৃষ্ঠতলের ক্ষেত্রফল 2800 বর্গ সে. মি. হলে, এর কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর।

সমাধান: দেওয়া আছে,

ঘনকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল = 2800 বর্গ সে. মি.

ধরি, ঘনকের বাহুর দৈর্ঘ্য = a

$$\therefore \text{ঘনকের সম্পূর্ণ পৃষ্ঠের ক্ষেত্রফল} = 6a^2$$

$$\text{বা, } 2400 = 6a^2$$

$$\text{বা, } 6a^2 = 2400$$

$$\text{বা, } a^2 = \frac{2400}{6}$$

$$\text{বা, } a^2 = 400$$

$$\text{বা, } a^2 = (20)^2$$

$$\therefore a = 20$$

$$\text{ঘনকের কর্ণের দৈর্ঘ্য} = \sqrt{3}a$$

$$= \sqrt{3} \cdot 20 \text{ [} \because a = 20 \text{]}$$

$$= 20\sqrt{3}$$

$$= 20 \times 1.732 = 34.64 \text{ সে. মি. (প্রায়)}$$

$$\text{কর্ণের দৈর্ঘ্য } 34.64 \text{ সে. মি. (প্রায়)}$$

পিএসসি ও বিভিন্ন সংস্থা কর্তৃক গৃহীত পরীক্ষার প্রশ্ন

১. একটি ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা সমান। বস্তুর আয়তন ৩৪৩ ঘন সে.মি. হলে তার একটি তলের ক্ষেত্রফল কত? [পরিবার

পত্রিকার অধিদপ্তর সংস্করণ পরিচালনা কর্তৃক ২০১২]

Ⓐ ৭ বর্গ সে. মি.

Ⓒ ৪৯ বর্গ সে. মি.

Ⓓ ৯ বর্গ সে. মি.

Ⓔ ৩৬ বর্গ সে. মি.

স্বাধা : আমরা জানি, বস্তুর আয়তন = (এক বাহু)^৩ বা a^3 একটি

$$\text{তলের ক্ষেত্রফল} = a^2$$

$$\text{প্রদানানুসারে, } a^3 = 343$$

$$\text{বা, } a^3 = (7)^3$$

$$\therefore a = 7$$

$$\text{আবার, তলের ক্ষেত্রফল} = a^2 = (7)^2$$

$$\therefore a^2 = 49 \text{ বর্গ সে. মি.}$$

২. $16\sqrt{2}$ উঁচু একটি বাজের দৈর্ঘ্য ৩ ফুট এবং প্রস্থ ২ ফুট। বাজটির আয়তন কত? [পরিবার পত্রিকার অধিদপ্তর অফিস সংস্করণ কান কম্পিউটার

অপারেটর ২০১১: পরিচালনা সংস্করণ কর্তৃক ২০০৪]

Ⓐ ৮ ঘনফুট

Ⓒ ৯ ঘনফুট

Ⓓ ১০৮ ঘনফুট

Ⓔ ৬ ঘনফুট

উত্তরপত্র : ১. Ⓒ ২. Ⓓ

ব্যাখ্যা : $16^x = 1\frac{3}{2}$ ফুট = $\frac{7}{2}$ ফুট

∴ বাস্তবটির আয়তন = $3 \times 2 \times \frac{7}{2} = 21$ ঘনফুট।

৩. একটি গোলকের ব্যাসার্ধ ৫ সে. মি. হলে এর পৃষ্ঠের ক্ষেত্রফল কত? (১ম বেসরকারি প্রত্যেক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১১)

- ক) 80π বর্গ সে. মি. খ) 100π বর্গ সে. মি.
 গ) 200π বর্গ সে. মি. ঘ) 300π বর্গ সে. মি.

ব্যাখ্যা : আমরা জানি, গোলকের ক্ষেত্রফল = $4\pi r^2 = 4\pi(5)^2 = 100\pi$ বর্গ সে. মি.।

৪. একটি চৌবাচ্চার দৈর্ঘ্য ৫ মিটার, প্রস্থ ৪ মিটার ও উচ্চতা ৩ মিটার। চৌবাচ্চাটিতে কত লিটার পানি ধরবে? (১ম বেসরকারি প্রত্যেক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১১)

- ক) ৬০ লিটার খ) ৬০০ লিটার
 গ) ৬০০০ লিটার ঘ) ৬০০০০ লিটার

ব্যাখ্যা : দৈর্ঘ্য = ৫ মি., প্রস্থ = ৪ মি., উচ্চতা = ৩ মিটার।

∴ আয়তন = $5 \times 4 \times 3 = 60$ ঘন মিটার। (১ ঘনমিটারে ১০০০ লিটার পানি ধরে)

∴ চৌবাচ্চাটিতে ৬০০০০ লিটার পানি ধরে।

৫. একটি বেলনের বক্রতলের ক্ষেত্রফল ১০০ বর্গ সে. মি. এবং আয়তন ১৫০ ঘন সে. মি.। বেলনের ভূমির ব্যাসার্ধ কত? (১ম বেসরকারি প্রত্যেক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১১)

- ক) ৫ সে. মি. খ) ৪ সে. মি.
 গ) ৩ সে. মি. ঘ) ৬ সে. মি.

ব্যাখ্যা : বেলনের বক্রতলের ক্ষেত্রফল = $2\pi rh = 100$ বর্গ সে. মি.

বেলনের বক্রতলের আয়তন = $\pi r^2 h = 150$ ঘন সে. মি.

∴ $\frac{\pi r^2 h}{2\pi rh} = \frac{150}{100}$

বা, $r = \frac{300}{100}$

∴ $r = 3$ সে. মি.।

৬. একটি ঘনকের ছয়টি পৃষ্ঠতলের ক্ষেত্রফল ২১৬ বর্গ সে. মি হলে, ঘনকটির আয়তন কত? (৬ষ্ঠ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১০)

- ক) ৬৪ ঘন সে. মি. খ) ১২৬ ঘন সে. মি.
 গ) ২১৬ ঘন সে. মি. ঘ) ৩১৬ ঘন সে. মি.

ব্যাখ্যা : ঘনক-এর সমগ্র তলের ক্ষেত্রফল = $2(a^2 + a^2 + a^2) = 6a^2$ বর্গ একক

প্রশ্নমতে, $6a^2 = 216$ সে. মি.

$a^2 = 36$ সে. মি.

∴ $a = 6$ সে. মি.।

অতএব, ঘনকটির আয়তন a^3

= $6^3 = 216$ ঘন সে. মি.।

৭. দুটি গোলকের ব্যাসার্ধের অনুপাত ৩ : ২ হলে তাদের আয়তনের অনুপাত কত? (৪র্থ বেসরকারি প্রত্যেক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০০৭)

- ক) 9 : 4 খ) 27 : 8
 গ) 12 : 4 ঘ) 27 : 4

ব্যাখ্যা : ধরি, ব্যাসার্ধদ্বয় যথাক্রমে r_1 এবং r_2

∴ $\frac{r_1}{r_2} = \frac{3}{2}$

বা, $\frac{r_1^3}{r_2^3} = \frac{3^3}{2^3} = \frac{27}{8}$

বা, $\frac{r_1^3}{r_2^3} = \frac{27}{8}$

∴ আয়তনের অনুপাত = 27 : 8

৮. সোনা পানির তুলনায় ১৯.৩ গুণ ভারী। আয়তাকার একটি সোনার বারের দৈর্ঘ্য ৮.৮ সে. মি., প্রস্থ ৬.৪ সে. মি. এবং উচ্চতা ২.৫ সে. মি.। সোনার বারের ওজন কত? (৮মটি মহাপ্রাচ্যের প্রথম শ্রেণির কর্মকর্তা, ব্যক্তিগত কর্মকর্তা-২০০৬)

- ক) ২৬১৭.৪৪ গ্রাম খ) ২৭১৭.৪৪ গ্রাম
 গ) ২৭১৬.৪৮ গ্রাম ঘ) ২৭১৮ গ্রাম

ব্যাখ্যা : এখানে,

সোনার বারের দৈর্ঘ্য = ৮.৮ সে. মি.

∴ " " প্রস্থ = ৬.৪ সে. মি.

∴ " " উচ্চতা = ২.৫ সে. মি.

∴ " " আয়তন = $(৮.৮ \times ৬.৪ \times ২.৫)$ সে. মি.
 = ১৪০.৮ ঘন সে. মি.

১ ঘন সে. মি. পানির ওজন ১ গ্রাম।

∴ ১৪০.৮ ঘন সে.মি. পানির ওজন = $১৪০.৮ \times ১ = ১৪০.৮$ গ্রাম।

সোনার বারের ওজন = পানির ওজন $\times ১৯.৩$

= $১৪০.৮ \times ১৯.৩ = ২৭১৭.৪৪$ গ্রাম।

৯. ঘনক-এর সমগ্রতলের ক্ষেত্রফল কত? (৪ম অধিনায়কের হায়া সহকারী-২০০৪)

- ক) $5a^2$ বর্গ একক খ) $6a^2$ বর্গ একক
 গ) $8a^2$ বর্গ একক ঘ) $10a^2$ বর্গ একক

ব্যাখ্যা : ঘনক-এর সমগ্র তলের ক্ষেত্রফল = $2(a^2 + a^2 + a^2)$ বর্গ একক = $6a^2$ বর্গ একক

১০. ১০ সে. মি. বাহুবিশিষ্ট কয়টি ছোট ঘনক ১ মিটার বাহুবিশিষ্ট একটি ঘনকের মধ্যে স্থাপন করা সম্ভব? (৭ম শ্রেণির ইন্সপেক্টরের সহকারী পরিচালক (কোয়ালিফিকেশন এনালিসিস)-২০০০)

- ক) ১০ খ) ১০০
 গ) ১০০০ ঘ) ১০০০০

ব্যাখ্যা : আমরা জানি, ১ মিটার = ১০০ মিটার

∴ ১ ঘনমিটার = ১০০০০০০ ঘন সে. মি.

১০ সে. মি. বাহু বিশিষ্ট ঘনকটির আয়তন = $(১০)^3$ ঘন সে. মি.

∴ যে কয়টি ঘনকের প্রয়োজন = $\frac{১০০০০০০ \text{ ঘন সে.মি}}{১০০০ \text{ ঘন সে.মি}} = ১০০০$

১১. দুইটি গোলকের আয়তনের অনুপাত ৮ : ২৭। তাদের ক্ষেত্রফলের অনুপাত কত? (পারিসংখ্যান অফিসার্সের পরীক্ষা - ১৪)

- ক) ৪ : ৯ খ) ২ : ৩
 গ) ৪ : ৫ ঘ) ৫ : ৬ ঙ) ৭ : ৮

ব্যাখ্যা : আমরা জানি,

গোলকের আয়তন = $\frac{4}{3} \pi r^3$

গোলকের পৃষ্ঠের ক্ষেত্রফল = $4 \pi r^2$

এখানে ধরি, গোলকের ব্যাসার্ধদ্বয় r ও R .

প্রথমতে,

$$\frac{\frac{4}{3}\pi r^3}{\frac{4}{3}\pi R^3} = \frac{8}{27}$$

$$\text{বা, } \frac{r}{R} = \frac{\sqrt[3]{8}}{\sqrt[3]{27}}$$

$$\text{বা, } \frac{r}{R} = \frac{2}{3}$$

$$\text{ক্ষেত্রফলের অনুপাত, } \frac{4\pi r^2}{4\pi R^2} = \left(\frac{2}{3}\right)^2 = \frac{8}{9} = 8 \div 9$$

১২. ৩ সে. মি., ৪ সে. মি., ৬ এ সে. মি. বাহুবিশিষ্ট তিনটি একক ঘনক গলিয়ে নূতন একটি ঘনক তৈরি করা হলো। নতুন ঘনকের বাহুর দৈর্ঘ্য কত হবে? (১০০তম বিসিএন)

- ক) ৭.৫ সে.মি. খ) ৬.৫ সে. মি.
গ) ৬ সে.মি. ঘ) ৭ সে. মি.

ব্যাখ্যা : ঘনকের আয়তন = (বাহু)^৩

$$\therefore ১ম ঘনকের আয়তন = (৩)^৩ = ২৭ ঘন সে. মি.$$

$$২য় ঘনকের আয়তন = (৪)^৩ = ৬৪ ঘন সে. মি.$$

$$৩য় ঘনকের আয়তন = (৫)^৩ = ১২৫ ঘন সে. মি.$$

$$\therefore \text{নূতন ঘনকের বাহুর দৈর্ঘ্য } x \text{ হলে, } x^৩ = ২১৬$$

$$\text{নতুন ঘনকের বাহুর দৈর্ঘ্য } x \text{ হলে, } x^৩ = ২১৬$$

$$\text{বা, } x = \sqrt[3]{২১৬} = ৬$$

নির্বাচিত নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. যদি কোন ঘনকের ধারগুলোর যোগফল ৬ একক হয়। তবে, তার আয়তন কত?

- ক) $\frac{1}{8}$ ঘন একক খ) $\frac{1}{4}$ ঘন একক
গ) $\frac{1}{2}$ ঘন একক ঘ) ৪ ঘন একক

২. একটি বর্গাকার বাগানের ক্ষেত্রফল ২০২৫ বর্গমিটার। এর চারদিকে বেড়া দেয়া আছে। বেড়ার মোট দৈর্ঘ্য কত? (পঞ্চম শ্রেণির প্রশ্ন-১২২৫)

- ক) ১৬০ মিটার খ) ১৮০ মিটার
গ) ২০০ মিটার ঘ) ২২০ মিটার

যুক্তি : বাগানের দৈর্ঘ্য = $\sqrt{২০২৫} = ৪৫$ মিটার

$$\therefore \text{বাগানের পরিসীমা} = ৪৫ \times ৪ = ১৮০ \text{ মিটার।}$$

৩. একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ৯০০ বর্গ মিটার। এর পরিসীমা কত? (প্রাথমিক সহকারী শিক্ষক (বহিঃশাস) পরীক্ষা-২০০০।)

- ক) ৩০ মিঃ খ) ৬০ মিঃ
গ) ১২০ মিঃ ঘ) ৯০ মিঃ

ব্যাখ্যা : বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $a^2 = ৯০০$ বর্গ মিটার
 $a = ৩০$ মিটার

$$\text{পরিসীমা} = ৪a = ৪ \times ৩০ = ১২০ \text{ মিটার}$$

৪. একটি আয়তক্ষেত্রের বাগানের দৈর্ঘ্য ৪০ মিটার ও প্রস্থ ৩০ মিটার। বাগানের ভেতরে চতুর্দিকে ১ মিটার চওড়া রাস্তা আছে। রাস্তার ক্ষেত্রফল কত? (প্রশ্ন মন্ত্রণালয়ের রেজিস্ট্রার পরীক্ষা-২০০০।)

- ক) ২১৬ বর্গমিটার খ) ১৩৬ বর্গমিটার
গ) ১২০ বর্গমিটার ঘ) ১৪৮ বর্গমিটার

যুক্তি : রাস্তাসহ বাগানের ক্ষেত্রফল = $৪০ \times ৩০ = ১২০০$ বর্গমিটার

$$\text{রাস্তা বাদে বাগানের দৈর্ঘ্য} = ৪০ - (১ + ১) = ৩৮ \text{ মিটার}$$

$$\text{প্রস্থ} = ৩০ - (১ + ১) = ২৮ \text{ মিটার}$$

$$\therefore \text{ক্ষেত্রফল} = ৩৮ \times ২৮ = ১০৬৪ \text{ বর্গমিটার}$$

$$\therefore \text{রাস্তার ক্ষেত্রফল} = (১২০০ - ১০৬৪) = ১৩৬ \text{ বর্গমিটার}$$

৫. একটি বর্গক্ষেত্রের আয়তন ৪০০ বর্গফুট। এর একটি বাহু থেকে ২ গজ কমিয়ে দিলে আয়তন কত হবে? (দ্বিতীয় শ্রেণির প্রশ্ন-২১।)

- ক) ১৯৬ বর্গফুট খ) ২৫৬ বর্গফুট
গ) ২৮৯ বর্গফুট ঘ) ৩২৪ বর্গফুট

যুক্তি : বর্গক্ষেত্রের এক বাহু = $\sqrt{৪০০} = ২০$ ফুট

$$\text{বর্গক্ষেত্রের বাহু হতে ২ গজ} = ৩ \times ২ = ৬ \text{ ফুট কমালে}$$

$$\text{এক বাহুর দৈর্ঘ্য হবে } (২০ - ৬) = ১৪ \text{ ফুট}$$

$$\therefore \text{নির্ধারিত আয়তন} = ১৪ \times ১৪ = ১৯৬ \text{ বর্গফুট}$$

৬. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য বিস্তারের দ্বিগুণ। এর ক্ষেত্রফল ৫১২ বর্গমিটার হলে, পরিসীমা কত? (২৫তম বিসিএন।)

- ক) ৭৪ মিটার খ) ৭৬ মিটার গ) ৭৮ মিটার ঘ) ৭২ মিটার

ব্যাখ্যা : প্রস্থ x হলে দৈর্ঘ্য $2x$

$$\therefore \text{ক্ষেত্রফল} = 2x^2 = ৫১২$$

$$\text{বা, } x^2 = ২৫৬ \text{ বা, } x = ১৬$$

$$\therefore \text{পরিসীমা} = ২(১৬ + ৩২) = ৯৬ \text{ মিটার}$$

৭. তিন জোড়া সমান্তরাল আয়তাকার সমতল বা পৃষ্ঠ ঘারা আবদ্ধ ঘনবস্তুর কী বলে?

- ক) ত্রিভুজ খ) চতুর্ভুজ
গ) আয়তাকার ঘনবস্তু ঘ) পৃষ্ঠতল

৮. আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে a, b ও c হলে এর কর্ণ নিচের কোনটি?

- ক) $\sqrt{b^2 + c^2}$ খ) $a^2 + b^2 + c^2$
গ) $2(ab + bc + ca)$ ঘ) $\sqrt{a^2 + b^2 + c^2}$

৯. আয়তাকার ঘনবস্তুর কয়টি তল?

- ক) ৩টি খ) ৪টি
গ) ৬টি ঘ) ৪টি

১০. আয়তাকার ঘনবস্তুর বিপরীত ডালগুলো পরস্পর-

- ক) সমান খ) অসমান
গ) ত্রিভুজ ঘ) ঋণাত্মক

১১. একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে ৩০ সে. মি. ২০ সে. মি. ও ১২ সে. মি. এর আয়তন নিচের কোনটি?

- ক) ৩২ সে. মি. খ) ৬২ ঘন সে. মি.
গ) ৭২০০ ঘন সে. মি. ঘ) ১১০০ ঘন সে. মি.

উত্তরপত্র : ১২. গ) ১. ক) ২. খ) ৩. গ) ৪. খ) ৫. খ) ৬. খ) ৭. ক) ৮. ঘ) ৯. গ) ১০. ক) ১১. গ)

পণ্ডিত (ডিজি.) (ক) - ১৭

১২. আয়তাকার ঘনবস্তুর আয়তন = কী?
 (ক) দৈর্ঘ্য + প্রস্থ + উচ্চতা (খ) দৈর্ঘ্য \times প্রস্থ \times উচ্চতা
 (গ) $\sqrt{\text{দৈর্ঘ্য}^2 + \text{প্রস্থ}^2 + \text{উচ্চতা}^2}$
 (ঘ) $\frac{1}{2}$ (দৈর্ঘ্য \times প্রস্থ \times উচ্চতা)
১৩. একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে ৪০ সে. মি, ৩০ সে. মি, ও ১৮ সে. মি. হলে এর সমগ্রতলের ক্ষেত্রফল নিচের কোনটি?
 (ক) ৮৮ বর্গ সে. মি. (খ) ১৭৬ বর্গ সে. মি.
 (গ) ৪৯২০ বর্গ সে. মি. (ঘ) ২১৬০০ বর্গ সে. মি.
১৪. আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা সমান হলে, তাকে কী বলা হয়?
 (ক) আয়তাকেন্দ্র (খ) ঘনক
 (গ) ত্রিভুজ (ঘ) ট্র্যাপিজিয়াম
১৫. কোনো ঘনকের দৈর্ঘ্য a একক হলে, এর কর্ণের দৈর্ঘ্য কত?
 (ক) 3a একক (খ) 6a একক
 (গ) $\sqrt{3a}$ একক (ঘ) $\sqrt{6a}$ একক
১৬. কোনো ঘনকের দৈর্ঘ্য a একক হলে, এর সমগ্র ক্ষেত্রফল কত?
 (ক) a^2 বর্গ একক (খ) $4a^2$ বর্গ একক
 (গ) a^3 ঘন একক (ঘ) $6a^2$ বর্গ একক
১৭. কোনো ঘনকের দৈর্ঘ্য a হলে, এর আয়তন নিচের কোনটি?
 (ক) a^2 (খ) a^3
 (গ) $\sqrt{3a}$ (ঘ) $6a^2$
১৮. একটি ঘনকের দৈর্ঘ্য ৫ সে. মি. হলে, এর সমগ্রতলের ক্ষেত্রফল নিচের কোনটি?
 (ক) 10 বর্গ সে. মি. (খ) 100 বর্গ সে. মি.
 (গ) 125 বর্গ সে. মি. (ঘ) 150 বর্গ সে. মি.
১৯. একটি ঘনকের সম্পূর্ণ পৃষ্ঠের ক্ষেত্রফল ৯৬ বর্গ মিটার হলে, এর কর্ণের দৈর্ঘ্য কোনটি?
 (ক) 6928 মিটার (প্রায়) (খ) 16.928 মিটার (প্রায়)
 (গ) 48.928 মিটার (প্রায়) (ঘ) 150 মিটার (প্রায়)
২০. কোনো ঘনকের পৃষ্ঠতলের কর্ণের দৈর্ঘ্য $6\sqrt{2}$ সে. মি. হলে, এর আয়তন নিচের কোনটি?
 (ক) $12\sqrt{2}$ ঘন সে. মি. (খ) $24\sqrt{2}$ ঘন সে. মি.
 (গ) 216 ঘন সে. মি. (ঘ) 10.392 ঘন সে. মি.
২১. কোনো ঘনকের পৃষ্ঠতলের কর্ণের দৈর্ঘ্য $18\sqrt{2}$ সে. মি. হলে, এর কর্ণের দৈর্ঘ্য নিচের কোনটি?
 (ক) 13.176 সে. মি. (প্রায়) (খ) 31.176 সে. মি. (প্রায়)
 (গ) 324 সে. মি. (প্রায়) (ঘ) 25.452 সে. মি. (প্রায়)
২২. কোনো আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য ১০ সে. মি.; প্রস্থ ৪ সে. মি. এবং উচ্চতা ৪ সে. মি. হলে ঘনবস্তুর আয়তন কত?
 (ক) ৩২০ ঘন সে. মি. (খ) ৪২০ ঘন সে. মি.
 (গ) ১৬০ ঘন সে. মি. (ঘ) উপরের সবগুলো
২৩. কোনো ঘনকের এক বাহুর দৈর্ঘ্য ১৮ সে. মি. হলে, তার কর্ণের দৈর্ঘ্য কত?
 (ক) $18\sqrt{2}$ সে. মি. (খ) $18\sqrt{3}$ সে. মি.
 (গ) 27 সে. মি. (ঘ) 9 সে. মি.
২৪. কোনো ঘনকের এক বাহুর দৈর্ঘ্য ৫ সে. মি. হলে, তার সমগ্রতলের ক্ষেত্রফল কত?
 (ক) ২০০ বর্গ সে. মি. (খ) ১৫০ বর্গ সে. মি.
 (গ) ১০০ বর্গ সে. মি. (ঘ) ১২৫ বর্গ সে. মি.
২৫. কোনো ঘনকের আয়তন ৬৪ ঘন একক হলে, তার পৃষ্ঠতলের ক্ষেত্রফল কত?
 (ক) 16 বর্গ একক (খ) 64 বর্গ একক
 (গ) 96 বর্গ একক (ঘ) 128 বর্গ একক
২৬. একটি ঘনকের আয়তন A হলে এর বাহুর দৈর্ঘ্য কত?
 (ক) $6\sqrt[3]{A}$ (খ) A
 (গ) $\sqrt[3]{A}$ (ঘ) $6\sqrt{A}$
২৭. একটি আয়তক্ষেত্রের পরিসীমা ৩৬ মিটার এবং ক্ষেত্রফল ৮০ বর্গমিটার হলে, তার দৈর্ঘ্য ও প্রস্থ কত মিটার? (যদি উত্তরন বহির্বিষয়ের সংস্করণ পরিচালিত পত্রিকা -১২২৪)
 (ক) (১১, ৯) (খ) (১০, ৯)
 (গ) (১১, ৮) (ঘ) (১০, ৮)
- যুক্তি : ধরি, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য x ও প্রস্থ y
 পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ)
 বা, ৩৬ = ২(x + y)
